তাঁহাদের মধ্যে মহামতি মহেন্দ্র মনোজ্ঞ বচনে সান্ত্বনা করিয়া বলির নিকট সমুদ্রোন্মথনাদি সেই সমস্ত বিষয়ের প্রস্তাব করিলেন, ভগবান্ পুরুষোত্তম যাহা যাহা শিখাইয়া দিয়াছিলেন ॥ ২৯ ॥

দেবরাজের বচন দৈত্যপতির রুচিকর বোধ হইল এবং সেখানে শম্বর, অরিষ্টনেমি, পৌলোম ও কালেয়াদি তথা ত্রিপুরবাসী যে যে অসুরযূথপ ছিল, তাহাদেরও মনোগত হইল ॥ ৩০ ॥

হে শত্রুনাশন! তদনন্তর দানব ও দেবগণ পরস্পর সৌহৃদ্য করিয়া অমৃত নিমিত্ত শপথ পূর্ব্বক অতিশয় যত্ন করিতে লাগিলেন ॥ ৩১ ॥

ততস্তে মন্দরগিরিমোজসোৎপাট্যাদুর্ম্মদাঃ। নদন্ত উদধিং নিন্যুঃ শক্তাঃ পরিঘবাহবঃ।
দূরভারোদ্বহশ্রান্তাঃ শক্রবৈরোচনাদয়ঃ। অপারয়ন্তস্তং বোঢ়ুং বিবশা বিজহুঃ পথি।
নিপতন্ স গিরিস্তত্র বহূনমরদানবান্। চূর্ণয়ামাস মহতা ভারেণ কনকাচলঃ।
তাংস্তথা ভগ্নমনসো ভগ্নবাহূরুকন্ধরান্। বিজ্ঞায় ভগবাংস্তত্র বভূব গরুড়ধ্বজঃ।
গিরিপাতবিনিষ্পিষ্টান্ বিলোক্যামরদানবান্। ঈক্ষয়া জীবয়ামাস নীরুজাণ্নির্ব্রণান্ যথা।
গিরিঞ্চারোপ্য গরুড়ে হস্তেনৈকেন লীলয়া। আরুহ্য প্রযযাবব্ধিং সুরাসুরগণৈর্বৃতঃ॥ ৩২॥
অবরোপ্য গিরিং স্কন্ধাৎ সুপর্ণঃ পততাং বরঃ। যযৌ জলান্ত উৎসৃজ্য হরিণা স বিসর্জ্জিতঃ॥৩৩॥

শ্রীধরস্বামী।

পরিঘা ইব বাহবো যেষাং॥ ৩২॥
বিসর্জ্জিতঃ প্রস্থাপিতঃ সুপর্ণে তত্র স্থিতে বাসুকেরাগমনাযোগাদিতি ভাবঃ॥ ৩৩॥

ক্রমসন্দর্ভঃ।

যথা যথাবৎ। নির্জ্জরান নির্ব্রণান্ কৃতেতি শেষঃ॥ ৩২॥ ৩৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পরিঘা ইব বাহবো যেষাং॥
যতঃ কনকাচলঃ কনকময়ত্বান্ন চলতীত্যচলঃ। কনকস্য প্রস্তরাদ্যপেক্ষয়া ভারাধিক্যাৎ॥
বভূব আবির্বভূব॥ ৩২॥
বিসর্জ্জিতঃ অন্যত্র প্রস্থাপিতঃ। সুপর্ণে তত্র স্থিতে বাসুকেরাগমনাযোগাদিতি ভাবঃ॥ ৩৩॥

দেব দানবগণ বল দ্বারা মন্দরপর্ব্বত উৎপাটন করিয়া আনিল এবং সিংহনাদ করিতে করিতে সেই পর্ব্বতকে ক্ষীর সমুদ্রের দিকে লইয়া চলিল। যদিও ইন্দ্রাদি দেবগণ ও বলি প্রভৃতি দানববর্গ অতিশয় শক্তিমান্ তাঁহাদের বাহু পরিঘ সদৃশ ছিল, তথাচ দূর হইতে গুরুতর ভার উদ্বহন পূর্ব্বক আনয়ন করাতে উভয় পক্ষই অচিরে শ্রান্ত হইয়া পড়িল এবং ঐ গিরি বহন করিতে না পারাতে অবশ হইয়া পথিমধ্যেই পরিত্যাগ করিল। ইন্দ্র ও বলি প্রভৃতি সুর ও অসুরগণ আনিতে আনিতে পথিমধ্যে পরিত্যাগ করিলে, সেই গিরি যখন পতিত হইল, তখন স্বীয় গুরুতর ভারে ভূরি ভূরি অমর ও দানবকে চূর্ণ করিয়া ভূমিশায়ী করিল। দেব ও দানবদিগকে তন্নিমিত্ত ভগ্নবাহু ও ক্ষুণ্নমনা জানিতে পারিবামাত্র, ভগবান্ গরুড়ধ্বজ তৎক্ষণাৎ সেই স্থানে আসিয়া উপস্থিত হইলেন এবং পর্ব্বতপতনে দেব ও দানবদিগকে নিষ্পিষ্ট নিরীক্ষণ করিয়া ঈক্ষণ দ্বারা সুস্থ করত পুনর্জ্জীবিত করিলেন। তাহার পর অবলীলাক্রমে এক হস্ত দ্বারা সেই পর্ব্বত আপনার বাহন গরুড়ের উপর আরোপণ পূর্ব্বক স্বয়ং তদুপরি আরোহণ করিয়া সমুদ্রের দিকে লইয়া চলিলেন, সুর ও অসুরনিকর চারিদিকে তাঁহাকে বেষ্টন করিয়া গমন করিল॥ ৩২॥

সমুদ্র সমীপে উপস্থিত হইয়া গরুড় আপনার স্কন্ধ হইতে সেই পর্ব্বত জলের সমীপে অবতরণ করিলে, ভগবান্ তাহাকে অন্যত্র পাঠাইয়া দিলেন, তাৎপর্য্য গরুড় যদি সেখানে অবস্থিতি করে, তাহা হইলে বাসুকি কোনক্রমে তথায় আসিতে পারিবে না॥ ৩৩॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

তে নাগরাজমামন্ত্র্য ফলভাগেন বাসুকিং। পরিবীয় গিরৌ তস্মিন্নেত্রমব্ধিং মুদান্বিতাঃ।
আরেভিরে সুরা যত্তা অমৃতার্থে কুরূদ্বহ ॥ ১ ॥
হরিঃ পুরস্তাজ্জগৃহে পূর্ব্বং দেবাস্ততোঽভবন্। তন্নৈচ্ছন্দৈত্যপতয়ো মহাপুরুষচেষ্টিতং।
ন গৃহ্নীমো বয়ং পুচ্ছমহেরঙ্গমমঙ্গলং। স্বাধ্যায়শ্রুতসম্পন্নাঃ প্রখ্যাতা জন্মকর্ম্মভিঃ।

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইত্যষ্টমে ষষ্ঠঃ ॥ * ॥

সপ্তমে মথনোদ্ভূত বিষভীত্যাখিলৈর্জনৈঃ। স্তুতঃ সন্ কৃপয়া রুদ্রঃ পপৌ বিষমিতীর্য্যতে ॥ ০ ॥
ফলভাগেন তবাপ্যমৃতে ভাগো ভবিষ্যতীতি সংমন্ত্র্য বাসুকিং নেত্রং গিরৌ পরিবীয় সংবেষ্ট্য অব্ধিং মথিতুমারেভিরে ॥ ১ ॥
বাসুকেমুর্খং তীব্রং দৈত্যান্ গ্রাহয়িতুমেব পূর্ব্বং হরিঃ পুরস্তাৎ মুখং জগৃহে ততোঽভবন্ মুখং জগৃহুঃ ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ * ॥

ত ইতি সার্দ্ধকং ॥ ১ ॥
ততস্তস্মিন্নভবন্। তন্মুখধারণরূপং মহাপুরুষচেষ্টিতং নৈচ্ছন্। তত্রৈবামকুর্ব্বন্নিত্যর্থঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠোঽয়মষ্টমস্কন্ধে সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

সপ্তমে কচ্ছপোদ্ভূতিঃ সিন্ধুমন্থোবিষোদ্গমঃ। জনৈঃ স্তুত্যা শিবেনৈব বিষপানমিতীর্য্যতে ॥ ০ ॥
নাগরাজং বাসুকিং। তবাপ্যমৃতে ভাগো ভবিষ্যতীতি সংমন্ত্র্য তং গিরৌ পরিবীয় নেত্রং কৃত্বা পরিবেষ্ট্য আরেভিরে মথিতুমিতি শেষঃ ॥ ১ ॥
বাসুকেমুর্খং তীব্রং দৈত্যান্ গ্রাহয়িতুমেব হরিঃ পুরস্তান্মুখং জগ্রাহ অভবন্ তেচ মুখং জগৃহুরিত্যর্থঃ ॥
মানং গৃহীত্বা বিষজ্বালয়া যূয়মেব ম্রিয়ধ্বমিত্যভিপ্রায়েণ স্ময়মানং ॥ ২—৪ ॥

॥ * ॥ ইতি অষ্টমে ষষ্ঠ অধ্যায় ॥ * ॥

সপ্তমাধ্যায়ে ক্ষীরোদ মথনে বিষোৎপত্তি হেতু ভীতচিত্ত অখিল লোকের স্তবে ভগবান্ রুদ্র কর্তৃক তৎপান ॥ ০ ॥

শুকদেব কহিলেন, হে কুরুশ্রেষ্ঠ! "সমুদ্র মন্থনে যে অমৃত উৎপন্ন হইবে তাহাতে তোমারও ভাগ থাকিবে" ইহা বলিয়া সুর ও অসুরগণ বাসুকিকে মন্থান রজ্জু করিয়া মন্দর পর্ব্বতে বেষ্টন করিলেন, পরে সংযত হইয়া অমৃত নিমিত্ত মন্থনে প্রবৃত্ত হইলেন ॥ ১ ॥

বাসুকির মুখ বিষদন্তে অতিশয় তীব্র, একারণ কৌশলে তাহাই অসুরদিগকে গ্রহণ করাইবার মানসে ভগবান্ হরি প্রথমে মন্থান রজ্জুর (বাসুকির) মুখের দিক্ ধারণ করিলেন, অন্যান্য দেবগণও সেই দিকে গেলেন। তদ্দর্শনে দৈত্যপতিরা মনে করিল উহা বুঝি পৌরুষের কর্ম্ম, অতএব তাহারা দেবতাদিগকে মুখের দিক্ ধারণ করিতে দিতে ইচ্ছা করিল না, আপত্তি করিয়া কহিতে লাগিল, আমরা বেদাধ্যয়ন ও শাস্ত্র শ্রবণ সম্পন্ন, জন্ম ও কর্ম্ম দ্বারা সর্ব্বত্র বিখ্যাত, সর্পের পুচ্ছভাগ অমঙ্গল, আমরা উহা গ্রহণ করিব না, ইহা কহিয়া তুষ্ণীভূত হইল। দৈত্যদিগের ঐ সকল কথা শুনিয়া ভগবান্

ইতি তূষ্ণীং স্থিতান্ দৈত্যান্ বিলোক্য পুরুষোত্তমঃ। স্ময়মানো বিসৃজ্যাগ্রং পুচ্ছং জগ্রাহ সামরঃ॥২
কৃতস্থানবিভাগাস্তে এবং কশ্যপনন্দনাঃ। মমন্থুঃ পরমং যত্তা অমৃতার্থং পয়োনিধিং।
মথ্যমানেঽর্ণবে সোঽদ্রিরনাধারো হ্যপোবিশৎ। ধ্রিয়মাণোঽপি বলিভির্গৌরবাৎ পাণ্ডুনন্দন॥৩॥
তে সুনির্বিণ্ণমনসঃ পরিম্লানমুখশ্রিয়ঃ। আসন্ স্বপৌরুষে নষ্টে দৈবেনাতিবলীয়সা॥ ৪॥
বিলোক্য বিঘ্নেশ বিধিং তদেশ্বরো দুরন্তবীর্য্যোঽবিতথাভিসন্ধিঃ।
কৃত্বা বপুঃ কাচ্ছপমদ্ভুতং মহৎ প্রবিশ্য তোয়ং গিরিমুজ্জহার হ॥ ৫॥

শ্রীধরস্বামী।

কৃতো ধারণস্থানবিভাগো যৈঃ॥ ৩॥
দৈবেন হেতুনা স্বপৌরুষে নষ্টে সতি॥ ৪॥
বিঘ্নেশস্য বিধানং তেন রচিতং বিঘ্নং অবিতথঃ সত্যোঽভিসন্ধিঃ সংকল্পো যস্য॥ ৫॥

ক্রমসন্দর্ভঃ।

কশ্যপনন্দনা ইতি ষষ্ঠ সপ্তমে মন্বন্তরে দেবানামৈক্যং বোধয়তি। তেন তদ্ভেদেন ইন্দ্রাদি ভেদশ্চ প্রায়িক এবেতি জ্ঞেয়ং। তত্তচ্চ পুণ্যাধিক্য ন্যূনত্বাভ্যাং সমাধেয়ং যথাত্র ষষ্ঠমন্বন্তরাদৌ জাতানামাকস্মিক ত্রৈলোক্যনাশেন প্রায়োনাশান্তমধ্যজাতানাং সপ্তমমন্বন্তরানুবৃত্তিঃ। যথোক্তং চতুর্থে। প্রাক্ সর্গে প্রলয়ং গতে ইতি। 'পরমং যথা ভবতি তথা যত্তাঃ কৃতযত্নাঃ॥
অনাধার ইতি তলস্থ মৃত্তিকায়াঃ কর্দ্দমপ্রায়ত্বাৎ। অন্যথা প্রথমমেব মগ্নঃ স্যাৎ॥ ৩॥ ৪॥
বিঘ্নেশ বিধিশব্দস্য বিঘ্নবাচিত্বমাত্রে তাৎপর্য্যং। নতু বিঘ্নেশ রচিতত্বে স্থলজলরুহ শব্দবৎ। তস্যাপি দেবতাত্বেকত্বাৎ॥ ৫—৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিঘ্নে ঈষ্টে সমর্থো ভবতীতি বিঘ্নেশো যো বিধিস্তং বিলোক্য অস্মিন্ বিঘ্নে অয়মেব প্রকারো যোগ্য ইতি বিচার্য্য কাচ্ছপং বপুঃ কৃত্বা উজ্জহার ঊর্দ্ধং প্রাপ্তি নীতবান্। কচ্ছপজাতেরেব জলাধঃস্থ বস্তূর্দ্ধানয়নে যোগ্যতা স্বাভাবিকীতি বিমৃশ্যেতি ভাবঃ। অবিতথাভিসন্ধিঃ সত্যসঙ্কল্পঃ॥ ৫॥

হরি মনোমধ্যে হাস্য করিলেন এবং তৎক্ষণাৎ বাসুকির অগ্রকায় পরিত্যাগ পূর্ব্বক অমরগণ সহিত পুচ্ছদেশ ধারণ করিলেন॥ ২॥

হে রাজন্। কশ্যপনন্দন দেবদানবগণ এই প্রকারে স্থান বিভাগ পূর্ব্বক মন্থান রজ্জু ধরিয়া পরম যত্ন সহকারে অমৃত মন্থন আরম্ভ করিল। যদিও মহাবল পরাক্রম সুর ও অসুরগণ কর্ত্তৃক মন্থানদণ্ড মন্দরগিরি ধৃত হইয়াছিল তথাচ মন্থন করিতে করিতে ঐ মন্দর আধার শূন্য হইয়া সাগর সলিলে নিমগ্ন হইল॥ ৩॥

হে রাজন্! বলবান্ দৈববশতঃ উক্ত প্রকারে স্বীয় স্বীয় পৌরুষের বিনাশ দেখিয়া সেই সুর ও অসুরদিগের অন্তঃকরণ অতিশয় ক্ষুব্ধ হইল এবং বদন অত্যর্থ ম্লান হইয়া গেল॥ ৪॥

ঈশ্বরের বীর্য্য অতি দুরন্ত এবং তাঁহার সঙ্কল্প একান্ত সত্য, তিনি বিঘ্নেশের বিরচিত ঐ বিঘ্ন নিরীক্ষণ করিয়া তৎক্ষণাৎ সুবৃহৎ অদ্ভুত কচ্ছপ শরীর ধারণ করিলেন এবং সমুদ্র মধ্যে প্রবেশ করিয়া পৃষ্ঠ দ্বারা সম্যক্ প্রকারে সেই গিরি উঠাইয়া তুলিলেন॥ ৫॥

তমুত্থিতং বীক্ষ্য কুলাচলং পুনঃ সমুদ্যতা নির্ম্মথিতুং সুরাসুরাঃ।
দধার পৃষ্ঠেন স লক্ষযোজনপ্রস্তারিণা দ্বীপ ইবাপরো মহান্ ॥ ৬ ॥
সুরাসুরেন্দ্রৈর্ভুজবীর্য্যবেপিতং পরিভ্রমন্তং গিরিমঙ্গ পৃষ্ঠতঃ।
বিভ্রত্তদাবর্ত্তনমাদিকচ্ছপো মেনেঽঙ্গকণ্ডূয়নমপ্রমেয়ঃ ॥ ৭ ॥
তথাঽসুরানাবিশদাসুরেণ রূপেণ তেষাং বলবীর্য্যমীরয়ন্।
উদ্দীপয়ন্ দেবগণাংশ্চ বিষ্ণুর্দৈবেন নাগেন্দ্রমবোধরূপঃ ॥
উপর্য্যগেন্দ্রং গিরিরাড়িবান্য আক্রম্য হস্তেন সহস্রবাহুঃ।
তস্থৌ দিবি ব্রহ্মভবেন্দ্রমুখ্যৈরভিষ্টুবদ্ভিঃ সুমনোভিবৃষ্টঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

লক্ষযোজনং প্রস্তারো বিস্তারো যস্যাস্তীতি তথাভূতেন পৃষ্ঠেন। ৬॥
তস্য গিরেরাবর্ত্তনং ভ্রমণং অঙ্গকণ্ডূয়নং মেনে ॥ ৭ ॥
আসুরেণ অসুরাকারেণ দৈবেন দেবাকারেণ রূপেণ আবিশৎ ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

আসুরেণ রাজসেন। দৈবেন সাত্ত্বিকেন শক্তিবিশেষেণ। অবোধস্তু তামসঃ ॥
দিবি ব্রহ্মভবেন্দ্রমুখ্যৈরিত্যত্র ভবস্তু কৈলাসে দিবি চ। মহেন্দ্রাদীনাং ক্ষীরোদতীরে দিবি চ কায়ব্যূহো জ্ঞেয়ঃ ॥ ৮ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তঞ্চ কুলাচলং স কচ্ছপঃ পৃষ্ঠেন দধার। মহান্ জলাধঃস্থো জম্বুদ্বীপ ইবেত্যর্থঃ ॥ ৬ ॥
পৃষ্ঠোপরি গুরুতরপর্ব্বতপরিভ্রমণে ন চ তস্য কষ্টং প্রত্যুত সুখমেবাভূদিত্যাহ সুরেতি ॥ ৭ ॥
কতিপয় ক্ষণানন্তরং তেষাং মন্থনে সামর্থ্যাভাবং বাসুকেশ্চ সংঘর্ষণপীড়য়া প্রাণত্যাগমিব বিলোক্য কৃপয়া প্রভুরেবং বিদধাবিত্যাহ তথেতি আসুরেণ রাজস্যা শক্ত্যেত্যর্থঃ। ঈরয়ন্ প্রবর্ত্তয়ন্ দৈবেন রূপেণ সাত্ত্বিক্যাশক্ত্যেত্যর্থঃ। অবোধরূপঃ তামসশক্তিময়ঃ সন্নিত্যর্থঃ। অবোধ ইতি মোহেন তস্য পীড়াবোধোনাভূদিতি ভাবঃ ॥
ততশ্চ মন্দরমূর্দ্ধমুচ্ছলন্তং বীক্ষ্য যৎ কৃতবাংস্তদাহ উপরীতি ব্রহ্মাদিমুখ্যৈর্বিষ্ণুপার্ষদৈরিত্যর্থঃ। যদ্বা। ইন্দ্রাদীনাং ক্ষীরোদতীরে দিবি চ কায়ব্যূহো জ্ঞেয়ঃ ॥ ৮ ॥

কুলাচল মন্দর পুনরায় উত্থিত হইলে দানব ও দেবতাদের মহা মহা হর্ষ হইল, সকলে পুনরায় মন্থনের উদ্যম করিলেন। কূর্ম্মশরীরধারী ভগবান্ হরি, আপনার পৃষ্ঠ লক্ষযোজন বিস্তীর্ণ করিয়াছিলেন, তদ্দ্বারা একটী প্রশস্ত দ্বীপের ন্যায় হইয়া সেই মন্থানদণ্ড মন্দরগিরি ধরিয়া রহিলেন ॥ ৬ ॥

হে রাজন্! সুর ও অসুরেন্দ্রদিগের ভুজবীর্য্যে ঐ গিরি কম্পমান হইয়া সর্ব্বতোভাবে ভ্রমণ করিতে লাগিল, অপ্রমেয় আদিকূর্ম্ম স্বীয় প্রশস্ত পৃষ্ঠোপরি ধারণ করিয়া তাঁহার আবর্ত্তনকে আপনার অঙ্গকণ্ডূয়ন জ্ঞান করিতে লাগিলেন ॥ ৭ ॥

অনন্তর তিনি অসুরাকারে অসুরগণমধ্যে আবিষ্ট হইয়া তাহাদের বল বীর্য্য বর্দ্ধিত করিয়া দিলেন, আর দেবাকারে দেবগণমধ্যে প্রবেশ পূর্ব্বক তাঁহাদিগকে উদ্দীপিত করিলেন, অপর অবোধরূপে নাগেন্দ্রে আবিষ্ট হইয়া তাহাকেও সবল করিলেন। তদনন্তর সহস্রবাহু ধারণ পূর্ব্বক অন্য গিরিবরের ন্যায় কর দ্বারা উপরে মন্দরপর্ব্বত আক্রমণ করিয়া অবস্থিত হইলেন। এই ব্যাপার অবলোকনে সুরলোকে ব্রহ্মা, মহেশ্বর ও ইন্দ্র প্রভৃতি দেববৃন্দ স্তব ও পুষ্প বৃষ্টি করিতে লাগিলেন ॥ ৮ ॥

উপর্য্যধশ্চাত্মনি গোত্রনেত্রয়োঃ পরেণ তে প্রাবিশতা সমেধিতাঃ।
মমন্থুরব্ধিং তরসা মদোৎকটা মহাদ্রিণা ক্ষোভিতনক্রচক্রং ॥ ৯ ॥
অহীন্দ্রসাহস্রকঠোরদৃঙ্মুখ-শ্বাসাগ্নিধূমা হতবর্চ্চসোঽসুরাঃ।
পৌলোমকালেয় বলীল্বলাদয়ো দাবাগ্নিদগ্ধাঃ শরলা ইবাভবন্ ॥ ১০ ॥
দেবা শ্চ তচ্ছ্বাসশিখাহতপ্রভান্ ধূম্রাম্বরস্রথরকঞ্চুকাননান্।
সমভ্যবর্ষন্ ভগবদ্বশা ঘনা ববুঃ সমুদ্রোর্ম্ম্যুপগূঢ়বায়বঃ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

আত্মনি দেবদৈত্যমধ্যে গোত্রে দার্ঢ্যরূপেণ নেত্রে অবোধরূপেণ। পরেণ হরিণা। ক্ষোভিতং নক্রাণাং চক্রং সমূহো যস্মিন্ ॥ ৯ ॥

দৃশশ্চ মুখানি চ শ্বাসাশ্চ অহীন্দ্রস্য সাহস্রমপরিমিতাঃ কঠোরা যে দৃগাদয়ঃ তেভ্যো নির্গতাভ্যামগ্নিধূমাভ্যামাহতং বর্চ্চো যেষাং তে শরলা ক্রমবিশেষাঃ ॥ ১০ ॥

দেবাংস্তু ভগবদ্বশা ঘনাঃ সমভ্যবর্ষন্ সমুদ্রোর্ম্মিভিরুপগূঢ়া বায়বশ্চ শীতলা ববুঃ বাতি স্ম কথংভূতান্ তস্য অহীন্দ্রস্য শ্বাসশিখাদিভি- র্হতা প্রভা যেষাং। ধূম্রাণ্যম্বরাদীনি যেষাং ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

অহীন্দ্রসাহস্রাঃ সহস্রসংখ্যয়ৈব পরিবৃতাঃ নতু শতাদিসংখ্যয়া ॥ ১০ ॥ ১১ ॥

* মথ্যমান ইত্যাদি সটীকং পদ্যদ্বয়ং বিগীতং ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদেবং উপরি সহস্রবাহুরূপেণ আত্মনি দৈত্যদেবসমূহে আসুরদৈবরূপেণ গোত্রে দার্ঢ্যরূপেণ নেত্রে অবোধরূপেণ প্রবিশতা পরেণ হরিণা ॥ ৯ ॥

অা সম্যগেব হতবর্চ্চসঃ শরলা ক্রমভেদাঃ ॥ ১০ ॥

দেবাংশ্চ দূরবর্ত্তিনস্তৎপুচ্ছধারিণোঽপি সুধা ন জায়েতেতি মন্থনাধিক্যাদসারভাগে নিঃসৃত এব সুধোদ্গমসম্ভবাদিতি ভাবঃ ॥ ১১ ॥

* কনকঃ পরিধিঃ কনকবর্ণং পরিধানং যস্য সঃ বিদ্যুন্মকরকুণ্ডলং। মথ্না মথনসাধনেন মন্দরগিরিণা প্রতিগিরিঃ কনকগিরেস্তস্য প্রতিযোগীন্দ্রনীলগিরিরিত্যর্থঃ ॥

হে রাজন্! ভগবান্ হরি উপরে, নীচে এবং আত্মাতে অর্থাৎ দেব ও দানব মধ্যে, তথা পর্ব্বতে ও মন্থানরজ্জু বাসুকিতে আবিষ্ট হইলে মদোৎকট দেব ও দানবগণ সমেধিত হইয়া মহাদ্রি মন্দর দ্বারা বেগে এ প্রকার মন্থন আরম্ভ করিলেন যে, ক্ষণকালমধ্যে সাগরস্থ নক্রচক্র ক্ষুভিত হইল ॥ ৯ ॥

পরন্তু বাসুকির সহস্র সংখ্যক কঠোর বদন ও নিশ্বাস হইতে অগ্নি ও ধূম নির্গত হওয়াতে তদ্দ্বারা পৌলোম, কালেয়, বলি, ইল্বল প্রভৃতি অসুরদিগের তেজঃ পরাহত হইল, অতএব তাহারা আশু দাবাগ্নিদগ্ধ শরল ক্রমের ন্যায় নিষ্প্রভ হইয়া পড়িল ॥ ১০ ॥

দেবতারাও বাসুকির শ্বাসাগ্নিশিখায় হতপ্রভ হইতেছিলেন এবং তাঁহাদিগের আনন ও ভূষণ কঞ্চু- কাদি ধূম্রবর্ণ হইতেছিল কিন্তু ভগবানের বশবর্ত্তি জলধর পটল তাঁহাদের উপরে বর্ষণ এবং সমুদ্র তরঙ্গ সঙ্গত সুশীতল বায়ু বীজন করিতে লাগিল, সুতরাং তাঁহাদিগকে অসুরদিগের তুল্য দেখাইল না ॥ ১১ ॥

* মথ্যমানাত্তদা সিন্ধোর্দেবাসুরবরূথপৈঃ। যদা সুধা ন জায়েত নির্ম্মমন্থাজিতঃ স্বয়ং ॥
মেঘশ্যামঃ কনকপরিধিঃ কর্ণবিদ্যোতবিদ্যুৎ মূর্দ্ধ্নি ভ্রাজৎ বিলুলিত কচঃ স্রগ্ধরোরক্তনেত্রঃ।
জৈত্রৈর্দোর্ভির্জগদভয়দৈর্দন্দশূকং গৃহীত্বা মন্থন্ মথ্না প্রতিগিরিরিবাশোভতাথো ধৃতাদ্রিঃ ॥

ধৃতোঽদ্রির্যেন স ধৃতাদ্রিঃ। ভগবান্ পরমপুরুষঃ অনন্তরমশোভতেত্যন্বয়ঃ। কথম্ভূতঃ কনকপরিধিঃ পীতবাসাঃ কর্ণয়োর্বিদ্যোত- মানা বিদ্যুৎ কুণ্ডললক্ষণা যস্য স তথা মূর্দ্ধ্নি ভ্রাজন্তো বিলোলিতাঃ কচা যস্য স তথা। জৈত্রৈর্জিষ্ণুভির্দন্দশূকং সর্পং। প্রতিগিরিঃ প্রতিদ্বন্দ্বী পর্ব্বতঃ ॥

নির্ম্মথ্যমানাদুদধেরভূদ্বিষং মহোল্বণং হালাহলাহ্বমগ্রতঃ।
সম্ভ্রান্তমীনোন্মকরাহি কচ্ছপাত্তিমিদ্বিপগ্রাহতিমিঙ্গিলাকুলাৎ ॥ ১২ ॥
তদুগ্রবেগং দিশিদিশ্যুপর্য্যধো বিসর্পদুৎসর্পদসহ্যমপ্রতি।
ভীতাঃ প্রজা দুদ্রুবুরঙ্গ সেশ্বরা অরক্ষ্যমাণাঃ শরণং সদাশিবং ॥ ১৩ ॥
বিলোক্য তং দেববরং ত্রিলোক্যা ভবায় দেব্যাভিমতং মুনীনাং।
আসীনমদ্রাবপবর্গহেতোস্তপো জুষাণং স্তুতিভিঃ প্রণেমুঃ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

হালাহলমিত্যাহ্বা নাম যস্য সংভ্রান্তা মীনা উন্মত্তা মকরাদয়শ্চ যস্মিন্। তিম্যাদিভিরাকুলাচ্চ ॥ ১২ ॥

তদ্বিষং অপ্রতি অপ্রতিমং প্রতিক্রিয়াশূন্যমিতি বা কুতঃ উগ্রো বেগো যস্য তদেবাহ দিশি দিশীতি। যদ্বা। উগ্রা বেগা রোমাঞ্চ স্বেদাদয়ো যস্মাৎ অতএবাসহ্যং বিলোক্য ভীতাঃ অন্যেন কেনাপ্যরক্ষ্যমাণাঃ সদাশিবং শরণং দুদ্রুবুঃ জগ্মুঃ ॥ ১৩ ॥

ত্রিলোক্যা উদ্ভবায় দেব্যা সহ অদ্রৌ কৈলাসে আসীনং তথাপি মুনীনামভিমতং তেষামেবাপবর্গায় তপোজুষাণং ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

দিশি দিশীতি শনৈঃ শনৈরেবেতি জ্ঞেয়ং। শীঘ্রত্বে ঝটিতি সৃষ্টিনাশাপত্তেঃ প্রজাশ্চাত্র দেবাসুরা এব। সাধারণানাং সমুদ্রবৃন্দলঙ্ঘনাদ্যশক্তেঃ। তত্রাপি ঝটিতি। ঊর্দ্ধস্থিত তদ্গৃহানাং তত্রস্থ শিবপ্রভাবেনৈব তথাস্থিতি জ্ঞেয়া। অধঃস্থিতানান্তু তস্মিন্নগমনং। বিষাগ্নিনা ঝটিত্যূর্দ্ধ ব্যাপ্তেঃ সম্ভ্রমেণ তত্তদস্ফূর্ত্তেশ্চ। অরক্ষ্যমাণাঃ শ্রীশিবমহিমদর্শনার্থং শ্রীভগবত উদাসীনী ভাবাৎ ॥ ১২—১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিষমভূদিতি ক্ষীরদাদিষু.বিষস্যামৃতস্য চ সত্বাং মথনে সতি প্রথমং বিষভাগঃ পৃথক্‌তয়া উত্থিত ইতি জ্ঞেয়ঃ। হালাহলাহ্বমিতি হালাহলং হালহলং তথৈবচ হলাহলমিতি দ্বিরূপকোষঃ। সম্ভ্রান্তাঃ কেয়ং বিপত্তিরাগতেতি আবিগ্না মীনাদয়ো যস্মিংস্তস্মাৎ উন্মকর উৎকৃষ্টোমকরঃ। তিমি তিমিঙ্গিলৌ মৎস্যভেদৌ ॥ ১২ ॥

দিশি দিশি বিসর্পৎ উপরি উপসর্পৎ অধোঽবসর্পচ্চেতি শেষোজ্ঞেয়ঃ সর্পণঞ্চ শনৈঃ শনৈরেবেতি জ্ঞেয়ং। শীঘ্রত্বে ঝটিতি সৃষ্টিনাশাপত্তেঃ। প্রজাশ্চাত্র দেবাসুরা এব সাধারণানাং ঝটিতি সমুদ্রলঙ্ঘনাদ্যশক্তেঃ। অপ্রতি অপ্রতিমং প্রতিক্রিয়াশূন্যমিতি বা বিলোক্যেতি শেষঃ। অরক্ষ্যমাণা ইতি তদানীং ভগবন্তা তদপেক্ষণং স্বভক্তশ্রেষ্ঠায় চন্দ্রার্দ্ধমৌলয়ে তাদৃশ কীর্ত্তিপ্রদানার্থমিতি জ্ঞেয়ং ॥ ১৩ ॥

ভবায় ভূত্যৈ সম্পত্ত্যর্থমিতি যাবৎ। অদ্রৌ কৈলাসে। মুনীনামপবর্গহেতোস্তপোজুষাণং ॥ ১৪ ॥

সে যাহা হউক, ঐ প্রকারে সমুদ্র মথ্যমান হইতে থাকিলে তত্রস্থ মৎস্য, মকর, কচ্ছপ, সর্প প্রভৃতি সাতিশয় সম্ভ্রান্ত এবং তিমি, জলহস্তী, নক্র ও তিমিঙ্গিল কুল ব্যাকুল হইল। তাহার পরে তাহা হইতে প্রথমে হালাহল নামে মহোল্বণ বিষ উত্থিত হইল ॥ ১২ ॥

সেই হালাহল অপ্রতিম অর্থাৎ তাহার প্রতিক্রিয়া হইতে পারিত না, যে হেতু অত্যুগ্রবেগে প্রত্যেক্ দিকে উপরে ও নীচে বিসর্পণ ও উৎসর্পণ শীল হইতেছিল অতএব নিতান্ত অসহ্য। ঐ হালাহল অবলোকন করিয়া প্রজাসহ প্রজাপতিগণ অন্য কাহাকেও রক্ষক দেখিতে না পাওয়াতে সদাশিবের শরণাপন্ন হইলেন ॥ ১৩ ॥

তৎকালে দেবদেব সদাশিব ত্রৈলোক্যের উদ্ভবার্থ ভগবতীর সহিত কৈলাস পর্ব্বতে অধ্যাসীন ছিলেন এবং মুনিদিগের অপবর্গের কারণ তাঁহাদিগের অভিমত তপস্যা আচরণ করিতেছিলেন। প্রজাপতিগণ সমীপে গিয়া স্তুতি সহ প্রণাম করিলেন ॥ ১৪ ॥

শ্রীপ্রজাপতয় উচুঃ॥

দেবদেব মহাদেব ভূতাত্মন্ ভূতভাবন। ত্রাহি নঃ শরণাপন্নাংস্ত্রৈলোক্যদহনাদ্বিষাৎ।
ত্বমেব সর্ব্বজগত ঈশ্বরো বন্ধমোক্ষয়োঃ। তং ত্বামর্চ্চন্তি কুশলাঃ প্রপন্নার্ত্তিহরং গুরুং॥ ১৫॥
গুণময্যা স্বশক্ত্যাস্য স্বর্গস্থিত্যপ্যয়ান্ বিভো। ধৎসে যদা স্বদৃক্ ভূমন্ ব্রহ্মবিষ্ণুশিবাভিধাং॥১৬॥
ত্বং ব্রহ্ম পরমং গুহ্যং সদসদ্ভাবভাবনং। নানাশক্তিভিরাভাতস্ত্বমাত্মা জগদীশ্বরঃ॥ ১৭॥

শ্রীধরস্বামী।

নির্গুণং সগুণঞ্চৈব শিবং হরিপরাক্রমৈঃ। স্তবন্তস্ত প্রজেশানা নামন্যন্তাম্বরং তয়োঃ॥ ১৫॥

নম্বেবম্ভূতো বিষ্ণুরিতি প্রসিদ্ধঃ তত্রাহ গুণময্যেতি। অস্য জগতো যদা সর্গাদীন্ ধৎসে তদা হে ভূমন্ স্বদৃক্ স্বতঃসিদ্ধজ্ঞানস্ত্বং ব্রহ্মাদি সংজ্ঞাং ধৎসে॥ ১৬॥

তত্র হেতুঃ ত্বং ব্রহ্মেতি সদসতো ভাবান্ দেবতির্য্যগাদিরূপান্ ভাবয়তীতি তথা সৃজ্যন্ত ত্বদ্ব্যতিরিক্তং নাস্তীত্যাহঃ আত্মৈব ত্বং নানাশক্তিভির্জগদ্রূপেণাভাতঃ যস্মাদীশ্বরঃ॥ ১৭॥

ক্রমসন্দর্ভঃ।

নির্গুণমিত্যাদি টীকাপদ্যে হরিপরাক্রমৈরিত্যনেন হরেরেব মূলত্বমায়াতং। অতএব যদ্যদন্তরমস্তি তদপি স্তুতি তাৎপর্য্যান্না-মন্যস্তেত্যায়াতি। স্তুতিশ্চ মহিম্না স্তূয়মানাহি দেবা বীর্য্যেণ বর্দ্ধন্তে ইতি বৈদিকন্যায়েন কালকূটনাশনার্থং। শ্রীহরের্ম্মূলত্বন্তু স্বয়ং শ্রীশিবেনৈব বক্ষ্যতে। পুংসঃ কৃপয়তো ভদ্রে সর্ব্বাত্মা প্রীয়তে হরিঃ। প্রীতে হরৌ ভগবতি প্রীয়েহং সচরাচর ইতি। তথা নবমে। বয়ং ন তাত প্রভবাম ভূম্নি যস্মিন্ পরেঽন্যেপ্যজজীবকোশাঃ। ভবন্তি,কালে ন ভবন্তি হীদৃশাঃ সহস্রশো যত্র বয়ং ভ্রমাম ইতি। এতে বয়ং যস্য বশে মহাত্মনঃ স্থিতাঃ শকুন্তা ইব সূত্রযন্ত্রিতাঃ ইত্যাদি॥ ১৫—১৭॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হে মহাদেব ত্রাহি ত্রায়স্ব নন্থ মহাদেবো ন ত্রায়তে কিন্তু সংহরতি সংহারাবতারত্বাৎ তত্রাহুঃ। ভূতাত্মন্ ভূতানি চেতয়সি হে ভূতভাবন ভূতানি পালয়স্যেব॥

নন্থ ভূতভাবনো বিষ্ণুরেব তং শরণং যাতেতি তত্রাহুঃ। ত্বমেকঃ নহীশ্বরা বহবো ভবন্ত্যতস্ত্বং বিষ্ণুশ্চৈক এব মায়া গুণস্পর্শা-স্পর্শাভ্যামেব ভেদ ইতি ভাবঃ॥ ১৫॥

পুরুষরূপেণ স্তবন্তি গুণময্যেতি যদা সর্গাদীন্ ধৎসে তদা ব্রহ্মাদিসংজ্ঞাং ধৎসে॥ ১৬॥

নির্ব্বিশেষ স্বরূপত্বেন স্তবন্তি ত্বং ব্রহ্মেতি। ব্রহ্মত্বেন স্তবন্তি সদসদ্ভাবান্ উৎকৃষ্টনিকৃষ্ট স্বভাবান্ দেবতির্য্যগাদীন্ ভাবয়সি সৃজসি বিষ্ণুত্বেন স্তবন্তি নানেতি॥ ১৭॥

প্রজাপতিগণ কহিলেন, হে দেবদেব! হে মহাদেব! হে ভূতাত্মন্! আমরা আপনার শরণাপন্ন হইলাম। সমুদ্রোত্থিত দুঃসহ বিষ ত্রিলোক দগ্ধ করে, ইহা হইতে আমাদিগকে রক্ষা করুন। প্রভো! এক আপনিই সকল জগতের বন্ধন ও মোচনের ঈশ্বর, নিপুণ জ্ঞানিগণ আপনারই অর্চ্চনা করিয়া থাকেন, আপনি পরম গুরু এবং শরণাগত জনের আর্ত্তিহারী॥ ১৫॥

বিভো! আপনি গুণময়ী স্বীয় শক্তি দ্বারা যখন এই জগতের সৃষ্টি স্থিতি প্রলয় করিতেছেন, তখন হে ভূমন্! আপনার জ্ঞান স্বতঃসিদ্ধ, আপনিই ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর এই তিন সংজ্ঞা ধারণ করেন॥১৬॥

আপনিই পরম গুহ্য ব্রহ্ম, আপনা হইতেই দেবতির্য্যগাদি সৎ ও অসৎ পদার্থ সকল প্রকাশ পায়। ফলতঃ আপনা ব্যতীত অন্য সৃজ্য বস্তু নাই, আত্মরূপী আপনিই নানা শক্তি দ্বারা জগৎ রূপে পরিণত হইয়াছেন, অতএব আপনিই ঈশ্বর॥ ১৭॥

ত্বং শব্দযোনির্জগদাদিরাত্মা প্রাণেন্দ্রিয়দ্রব্যগুণঃ স্বভাবঃ।
কালঃ ক্রতুঃ সত্যমৃতঞ্চ ধর্ম্মস্ত্বয্যক্ষরং যৎ ত্রিবৃদামনন্তি॥ ১৮॥
অগ্নির্মুখন্তেঽখিলদেবতাত্মা ক্ষিতিং বিদুর্লোকভবাঙ্ঘ্রিপঙ্কজং।
কালং গতিস্তেঽখিলদেবতাত্মনো দিশশ্চ কর্ণৌ রসনং জলেশং॥ ১৯॥
নাভির্নভস্তে শ্বসনং নভস্বান্ সূর্য্যশ্চ চক্ষূংষি জলং স্ম রেতঃ।
পরাবরাত্মাশ্রয়ণং তবাত্মা সোমো মনোদ্যৌর্ভগবন্ শিরস্তে॥ ২০॥
কুক্ষিঃ সমুদ্রা গিরয়োঽস্থিসংঘা রোমাণি সর্ব্বৌষধিবীরুধস্তে।

শ্রীধরস্বামী।

স্বতঃসিদ্ধজ্ঞানত্বমুপপাদয়ন্তঃ জগদাত্মনা আভানপ্রকারমাহুঃ ত্বং শব্দস্য বেদস্য যোনিঃ অতঃ স্বতঃসিদ্ধজ্ঞানস্ত্বং জগদাদির্মহত্তত্ত্বং আত্মা চাহঙ্কারঃ কথম্ভূতঃ প্রাণেন্দ্রিয়দ্রব্যাণাং কারণভূতা গুণা যস্য রাজসাদিস্ত্রিবিধ ইত্যর্থঃ। স্বভাবাদয়শ্চ ত্বমেব ক্রতুঃ সঙ্কল্পঃ সত্যমৃতঞ্চ ইতি যো ধর্ম্মঃ স ত্বং মহদাদিরূপত্বে হেতুঃ ত্রিবৃৎ ত্রিগুণাত্মকং যদক্ষরং প্রধানং ত্বয়ি ত্বদাশ্রয়ং তদামনন্তি। যদ্বা। এবম্ভূতে ত্বয়ি ত্রিবৃদক্ষরং প্রণবং প্রকাশকমাহুরিত্যর্থঃ॥ ১৮॥

অখিলদেবতাত্মা অগ্নিঃ সর্ব্বদেবতেতি শ্রুতেঃ। সোঽগ্নিস্তে মুখং হে লোকভব দ্বিতীয়াস্তেষু বিদুরিত্যস্য সম্বন্ধঃ॥ ১৯॥

পরেঽবরে চ যে আত্মনো জীবাস্তেষামাশ্রয়ণমাশ্রয়ঃ তবাত্মাহঙ্কারঃ॥ ২০॥

ত্রয়ীময়াত্মন্ বেদত্রয়মূর্ত্তে॥ ২১॥

ক্রমসন্দর্ভঃ।

ঋতঞ্চ সুনৃতাবাণী সত্যঞ্চ সমদর্শনং॥ ১৮॥

গতিঃ চেষ্টা॥ ১৯—২২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সর্ব্ববাচকবাচ্যত্বেন স্তুবন্তি ত্বং নিখিলশব্দানাং যোনিরকারাদিবর্ণসজ্যঃ। প্রাণশ্চ ইন্দ্রিয়াণি চ দ্রব্যাণি পৃথিব্যাদীনি চ তৈঃ সহ গুণঃ সত্ত্বাদিশ্চ ত্বং ত্রিবৃদক্ষরঃ যৎ প্রণবসংজ্ঞং তত্ত্বমেব আমনন্তি। তদ্বাচকমিতি নিশ্চিন্বন্তীত্যর্থঃ॥ ১৮॥

সমষ্টিরূপত্বেন স্তুবন্তি অগ্নিরিতি পঞ্চভিঃ। অখিলদেবতাত্মা অগ্নিঃ সর্ব্বদেবতা ইতি শ্রুতেঃ। হে লোকভব॥ ১৯॥

পরেষামবরেষামাত্মনামুৎকৃষ্টনিকৃষ্টজীবানামাশ্রয়ণমাশ্রয়স্তবাত্মা অহঙ্কারঃ॥ ২০॥

ত্রয়ীময়াত্মন্ বেদত্রয়মূর্ত্তে॥ ২১॥

ভগবন্! আপনি বেদের যোনি, অর্থাৎ আপনা হইতে বেদ সকল উৎপন্ন হইয়াছে, অতএব আপনার জ্ঞান স্বতঃসিদ্ধ, আপনি জগতের আদি অর্থাৎ মহত্তত্ত্ব এবং যাহার গুণ, প্রাণ, ইন্দ্রিয় ও দ্রব্যের কারণীভূত, সেই রাজসাদি ত্রিবিধ অহঙ্কারও আপনি, অপর আপনিই স্বভাব, কাল ও সঙ্কল্প এবং সত্য ও ঋত এই যে ধর্ম্ম, তাহাও আপনি, যে হেতু ত্রিগুণাত্মক যে প্রধান, জ্ঞানিগণ আপনাকে তাহার আশ্রয় বলিয়া থাকেন॥ ১৮॥

হে লোকভাবন! আপনি সমস্ত দেবতা স্বরূপ, অগ্নি আপনার মুখ, ক্ষিতি আপনার পাদপদ্ম, কাল আপনার গমন, দিক্ সকল আপনার কর্ণ, বরুণ আপনার রসনা॥ ১৯॥

আকাশ আপনার নাভি, বায়ু আপনার নিশ্বাস, সূর্য্য আপনার চক্ষুঃ, জল আপনার শুক্র। জ্ঞানিরা আপনার অহঙ্কারকে পর ও অপর জীব সকলের আশ্রয় বলিয়া থাকেন। অপর হে ভগবন্! চন্দ্র আপনার মনঃ, স্বর্গ আপনার মস্তক॥ ২০॥

প্রভো! বেদত্রয় আপনার মূর্ত্তি, সমুদ্র সকল আপনার কুক্ষি, পর্ব্বতসঙ্ঘ আপনার অস্থি, সর্ব্ব

ছন্দাংসি সাক্ষাত্তব সপ্তধাতবস্ত্রয়ীময়াত্মন্ হৃদয়ং স ধর্ম্মঃ ॥ ২১ ॥
মুখানি পঞ্চোপনিষদস্তবেশ যৈস্ত্রিংশদষ্টোত্তরমন্ত্রবর্গঃ।
যত্তচ্ছিবাখ্যং পরমাত্মতত্ত্বং দেব স্বয়ং জ্যোতিরবস্থিতিস্তে ॥ ২২ ॥
ছায়া ত্বধর্ম্মোর্ম্মিষু যৈর্ব্বিসর্গো নেত্রত্রয়ং সত্ত্বরজস্তমাংসি।
সাংখ্যাত্মনঃ শাস্ত্রকৃতস্তবেক্ষাচ্ছন্দোময়ো দেব ঋষিঃ পুরাণঃ ॥ ২৩
ন তে গিরিত্রাখিললোকপালবিরিঞ্চবৈকুণ্ঠসুরেন্দ্রগম্যং।

শ্রীধরস্বামী।

পঞ্চোপনিষদঃ তৎপুরুষাঽঘোরসদ্যোজাতবামদেবেশানরূপা মন্ত্রাঃ। যৈর্মুখৈরষ্টোত্তরত্রিংশন্মন্ত্রাণাং বর্গঃ তেষামেব মন্ত্রাণাং পদচ্ছেদেন অষ্টোত্তরত্রিংশৎকলাত্মকা মন্ত্রা ইত্যর্থঃ। অবস্থিতিরুপরতাবস্থা ॥ ২২ ॥

অধর্ম্মস্যোর্ম্মিষু দম্ভলোভাদিষু যৈরূর্ম্মিভির্ব্বিসর্গঃ প্রতিসর্গঃ সংহারঃ। যদ্বা। যৈঃ সত্ত্বাদিভির্ব্বিবিধঃ সর্গঃ তানি নেত্রত্রয়ং হে দেব ছন্দোময় ঋষির্ব্বেদঃ স তবেক্ষা ঈক্ষণং সাক্ষান্মনুরিতি পাঠে মনুর্ব্বেদ তমেবাহ ছন্দোময় ইতি ॥ ২৩ ॥

হে গিরিত্র তে পরং জ্যোতিঃ অখিলানাং লোকপালাদীনাং গম্যং ন ভবতি কুতঃ যত্র রজ আদি নাস্তি কিং তৎ জ্যোতির্নিরস্তভেদং ব্রহ্ম ॥ ২৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

অধর্ম্মোর্ম্মিষু তে তব ছায়া প্রকাশাভাবঃ ॥ ২৩ ॥

ন তে ইতি। যচ্ছিবস্য জ্যোতিঃ। পরমাত্মলক্ষণং তত্র স্থিতং তৎ সম্যগ্জ্ঞানে তস্যাপাক্ষমত্বা যুক্তেবেতি বা ব্যাখ্যেয়ং।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পঞ্চোপনিষদঃ পুরুষাঽঘোরসদ্যোজাতবামদেবেশানরূপা মন্ত্রাঃ। যৈর্মুখৈরষ্টোত্তরত্রিংশন্মন্ত্রাণাং বর্গঃ। তেষামেব মন্ত্রাণাং পদচ্ছেদেন অষ্টোত্তরত্রিংশৎকলাত্মকা মন্ত্রা ইত্যর্থঃ। যত্তব পরমাত্মতত্ত্বং পরমাত্মা তচ্ছিবাখ্যং শিব এব পরং স্বয়ং জ্যোতিঃ স্বপ্রকাশো দেবো বিষ্ণুরবস্থিতিরাশ্রয়ঃ ॥ ২২ ॥

অধর্ম্মস্য ঊর্ম্মিষু ঊর্ম্ময়ঃ দম্ভাদ্যাঃ ছায়া ইত্যর্থঃ। যৈঃ সত্ত্বাদিভির্ব্বিবিধঃ সর্গস্তানি নেত্রত্রয়ং হে দেব ছন্দোময় ঋষির্ব্বেদস্তবেক্ষা ঈক্ষণং সাক্ষান্মনুরিতি পাঠেঽপি মনুর্ব্বেদঃ ॥ ২৩ ॥

হে গিরিত্র তে তব জ্যোতির্যৎপরং ব্রহ্ম তৎ অখিললোকপালাদীনাং গম্যং ন ভবতি। অত্র বৈকুণ্ঠস্য বিষ্ণোঃ স্বরূপমেব যদ্যপি পরং ব্রহ্ম তদপি তস্য স্বস্বরূপস্য স্বাগম্যত্বং নাপকর্ষঃ খপুষ্পজ্ঞানং সার্ব্বজ্ঞ্যং ন নিহন্তীতি ন্যায়াৎ। যদ্বা। গিরিত্রাদি সুরে-

প্রকার ওষধি ও লতা আপনার গাত্ররোম, বেদ সকল আপনার সাক্ষাৎ সপ্তধাতু এবং প্রসিদ্ধ ধর্ম্ম আপনার হৃদয় ॥ ২১ ॥

হে ঈশ! পঞ্চ উপনিষদ অর্থাৎ তৎপুরুষ, অঘোর, সদ্যোজাত, বামদেব, ঈশান এই পঞ্চ মন্ত্র আপনার মুখ। ঐ মুখ হইতে অষ্টত্রিংশৎ মন্ত্রবর্গ হয় অর্থাৎ প্রথমোল্লিখিত পঞ্চ মন্ত্রের পদচ্ছেদে অষ্টত্রিংশৎ কালাত্মক মন্ত্র হয়। সে যাহা হউক, হে দেব! শিব নামে প্রসিদ্ধ যে পরমাত্মতত্ত্ব, তাহা আপনি, আপনার উপরতাবস্থা স্বয়ং জ্যোতিঃ ॥ ২২ ॥

ভগবন্! আপনার ছায়া অধর্ম্মের সেই ঊর্ম্মিতে অর্থাৎ দম্ভ লোভাদিতে বর্ত্তমান, যাহার দ্বারা সংহার হইয়া থাকে। আর সত্ত্ব, রজঃ ও তম এই তিন গুণ আপনার তিন নেত্র। প্রভো! আপনি শাস্ত্রকারী, সাংখ্য জ্ঞান আপনার আত্মা। হে দেব! ছন্দোময় পুরাণ ঋষি অর্থাৎ বেদ আপনার ঈক্ষণ ॥ ২৩ ॥

হে গিরিত্র! আপনার পরম জ্যোতিঃ অখিল লোকপাল, ব্রহ্মা, বিষ্ণু এবং সুরেন্দ্রের গম্য নহে।

জ্যোতিঃ পরং যত্র রজস্তমশ্চ সত্ত্বং ন যদ্ব্রহ্ম নিরস্তভেদং ॥ ২৪ ॥
কামাধ্বরত্রিপুরকালগরাদ্যনেক ভূতদ্রুহঃ ক্ষপয়তঃ স্তুতয়ে ন তত্তে।
যস্ত্বন্তকাল ইদমাত্মকৃতং স্বনেত্রবহ্নিস্ফুলিঙ্গশিখয়া ভসিতং ন বেদ ॥ ২৫ ॥
যে ত্বাত্মরামগুরুভির্হৃদিচিন্তিতাঙ্ঘ্রি দ্বন্দ্বং চরন্তমুময়া তপসাভিতপ্তং।

শ্রীধরস্বামী।

কামশ্চ অধ্বরশ্চ দক্ষযজ্ঞঃ ত্রিপুরাদয়শ্চ যে অনেন ভূতদ্রুহস্তান্ ক্ষপয়তঃ সংহরতস্তে তৎকর্ম্ম স্তুতয়ে ন ভবতি অত্যল্পমেতদিত্যর্থঃ। গরভক্ষণস্যাপ্যবশ্যস্তাবিত্বাৎ সিদ্ধবন্নির্দ্দেশঃ। স্তুতয়েঽলং ন ভবতীত্যত্র হেতুঃ যস্ত্বং ভবান্ স্বনেত্রবহ্নিবিস্ফুলিঙ্গস্য শিখয়া ইদং জগৎ ভসিতং ভস্মসাজ্জাতং ন বেদ নালোচয়ত্যপি ॥ ২৫ ॥

এবং নিত্যং পরানুগ্রহব্যগ্রং ত্বাং যে নিন্দন্তি তেঽতিমূর্খা ইত্যাহঃ যেত্বিতি ত্বাং উময়া সহ চরন্তং তস্যাং নিতরাং রতং কামিনং কথয়ন্তে প্রলপন্তি তথা শ্মশানে চরন্তং উগ্রং ক্রূরং পরুষঞ্চ হিংস্রং কথয়ন্তে। কথম্ভূতং আত্মারামাশ্চ তে গুরবো বিশ্বহিতোপদেষ্টারশ্চ তৈর্হৃদি চিন্তিতমঙ্ঘ্রিদ্বন্দ্বং যস্য তথা ভূতমপি তপসাভিতপ্তমপি তে নূনং তব উতিমবিদন্নিতি কাকুঃ। ত্বল্লীলাঃ নৈব বিদুরিত্যর্থঃ।

ক্রমসন্দর্ভঃ।

তদুক্তং দ্যাপতয় এব তে ন যযুরন্তমনন্ততয়া ত্বমপীতি ॥ ২৪ ॥ ২৫ ॥

যেত্বিতি। অয়মর্থঃ। যে ত্বা ত্বাং উগ্রত্বেন পরুষবচস্ত্বেন শ্মশাননিরতত্বেন চ প্রতীয়মানমপি হাতলজ্জাঃ ত্যক্তসঙ্কোচাঃ সন্তঃ কথয়ন্তে শ্লাঘন্তে তএব উতিং তেন তেন মায়াকৃত্বেন স্বসম্বরণময়ীং লীলামবিদুঃ ন জ্ঞাতবন্তঃ। কথ শ্লাঘায়াং বিদ সম্বরণে ইতি ধাতুদ্বয়মত্রোপজীব্যত্ত ইতি ভাবঃ। মায়াপিহিতদৃষ্টীনান্তু ত্বমিত্থং ভাসীত্যভিপ্রেত্য তমন্যথা নিশিংষন্তি। আত্মারামেতি। ভাগবত পরমহংসানাং গুরুত্বেন পরমাদরবিষয়মিত্যর্থঃ। তথা উময়া তন্নাম্না বিখ্যাত তপসায়া দেব্যা সহচরন্তং। তথা স্বয়মপি তপসা পরম-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রাক্তানি সম্বোধনপদান্যেব ব্যাখ্যেয়ানি ॥ ২৪ ॥

নচ সাম্প্রতিকং বিষস্যোপশমনং ত্বয়া দুষ্করমিত্যাহুঃ। কামেতি কামাদয়ো যে অনেকভূতদ্রুহস্তান্ ক্ষপয়তঃ সংহরতস্তব তৎবিষোপশমনং কর্ম্ম স্তুতয়ে ন ভবতি অত্যল্পত্বাৎ অধ্বরো দক্ষযজ্ঞঃ। কালো গরশ্চ দৈত্যবিশেষ আসীৎ কিম্বা অস্যোবশ্যসংহার্য্যত্বেন সিদ্ধবন্নির্দ্দেশঃ। ভসিতং ন বেদেতি কদা জগদিদং ভস্মীকৃতমিত্যপি ন বেদ। নানুসন্ধত্তে। তস্যৈতদ্বিষমাত্রসংহারঃ কিয়ানিতি ভাবঃ ॥ ২৫ ॥

তব মাহাত্ম্যং বহির্দর্শিভির্দুর্গমমিত্যাহুঃ। যেত্বিতি উময়া সহ চরন্তং রমমাণমপি তপসা অভিতপ্তং নতু কামেন ব্যাপ্তং অতএবাত্মারামাণাং গুরুভিরপি ধ্যাতাঙ্ঘ্রিং তথাভূতমপি ত্বামুগ্রং পরুষং কথয়ন্তে বিপরীতলক্ষণয়া শ্লাঘন্তে যে নিন্দন্তি তে নূনং তবোতিং অবিদন্নিতি কাকুঃ ত্বল্লীলাং নৈব জানন্তীতি কামক্রোধাদ্যনাচারময়ী তবেয়ং চেষ্টা লোকোপহাসিকা লীলৈবেত্যর্থঃ। হাতলজ্জা-

ঐ জ্যোতিতে রজঃ অথবা তমঃ কিম্বা সত্ত্ব কিছুই নাই, তাহা নিরস্তভেদ পরব্রহ্ম স্বরূপ ॥ ২৪ ॥

ভগবন্! আপনি কন্দর্প, দক্ষযজ্ঞ, ত্রিপুর, কালকূট প্রভৃতি বিবিধ ভূতদ্রোহির বিনাশ করিয়াছেন, সত্য কিন্তু সে সকল কর্ম্ম আপনার স্তুত্যর্থ হইতে পারে না, আপনার পক্ষে ঐ ঐ কার্য্য অত্যন্ত ক্ষুদ্র, যে হেতু প্রলয় কালে নিজ নেত্রানলের স্ফুলিঙ্গ দ্বারা প্রত্যক্ষ পরিদৃশ্যমান এই প্রকাণ্ড ব্রহ্মাণ্ড যে ভস্মসাৎ হইয়া যায় তাহা আপনি আলোচনাও করেন না ॥ ২৫ ॥

ভগবন্! আত্মারাম ও বিশ্বের হিতোপদেশক জ্ঞানিগণ স্ব স্ব হৃদয় মধ্যে আপনার চরণদ্বয় ধ্যান করিয়া থাকেন। আপনি এপ্রকার এবং সদা তপস্যায় অভিনিবিষ্ট। যে সকল ব্যক্তি উমার সহিত ভ্রমণ করিতে দেখিয়া তাঁহার প্রতি নিতান্ত আসক্ত জ্ঞানে আপনাকে কামি বলে এবং শ্মশানে বেড়াইতে দেখিয়া আপনাকে পরুষ ও হিংস্র বলিয়া প্রলাপ করে তাহারা কি আপনকার লীলা জানে?

কথন্ত্ত উগ্রপরুষং নিরতং শ্মশানে তে নূনমূতিমবিদংস্তব হাতলজ্জাঃ॥ ২৬॥
তত্তস্য তে সদসতোঃ পরতঃ পরস্ত নাঞ্জঃ স্বরূপগমনে প্রভবন্তি ভূম্নঃ।
ব্রহ্মাদয়ঃ কিমুত সংস্তবনে বয়ন্ত তৎসর্গসর্গবিষয়া অপি শক্তিমাত্রং॥ ২৭॥
এতৎ পরং প্রপশ্যামো ন পরন্তে মহেশ্বর। মৃড়নায়হি লোকস্য ব্যক্তিস্তে ব্যক্তকর্ম্মণঃ॥
শ্রীশুক উবাচ॥
তদ্বীক্ষ্য ব্যসনং তাসাং কৃপয়া ভৃশপীড়িতঃ। সর্ব্বভূতসুহৃদ্দেব ইদমাহ সতিং প্রিয়াং॥ ২৮॥

শ্রীধরস্বামী।

অতো হাতলজ্জাঃ ত্যক্তলজ্জাঃ কথমাত্মারামৈঃ সেবিতচরণযুগলস্য কামিত্বসম্ভবঃ। কথং বা তপসাভিতপ্তস্য শান্তস্যোগ্রত্বঃ পরুষত্বং বা সম্ভবতীতি অবিচার্য্যৈবং প্রলাপাদিত্যর্থঃ॥ ২৬॥

আস্তাং তাবন্নিন্দকানাং বার্ত্তা মহান্তোঽপি তব তত্ত্বং ন জানন্তীত্যাহুঃ। তত্তস্মাৎ তব স্বরূপস্য গমনে জ্ঞানে ব্রহ্মাদয়োঽপি ন সমর্থাঃ সংস্তবনে তু কুতঃ শক্তাঃ স্যুঃ তত্র বয়ঞ্চ কথং প্রভবামঃ যতস্তেষাং সর্গেঽত্যন্তার্ব্বাচীনাস্তথাপি যদেতৎস্তবনং তদাত্মশক্তি-পরিমিতমাত্রমিত্যর্থঃ॥ ২৭॥

তদেবাহুঃ এতৎ পরিমিতি ন পরং রূপং তথাপি ত্বদ্দর্শনাদেব কৃতার্থা বয়মিত্যাহুঃ মৃড়নায় হীতি॥ ২৮॥

ক্রমসন্দর্ভঃ।

জ্ঞানপ্রভাবেন অভি সর্ব্বতোভাবেন তপ্তমৈশ্বর্য্যং যস্য তাদৃশমিতি। তপ ঐশ্বর্য্য ইতি ধাতুরূপজীব্যঃ ইতি॥ ২৬॥ ২৭॥

মৃড়নায়েতি মৃড় সুখে॥ ২৮॥ ২৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ত্যক্তত্রপাঃ স্বয়ং কামক্রোধাদিভিশ্চর্ব্ব্যমাণাস্ত্বামাত্মারামশিখামণির্ধ্যাতাঙ্ঘ্রিং নিন্দিতুং কিং লজ্জামপি ন প্রাপ্নুবন্তীত্যর্থঃ॥ ২৬॥

তেষাং কা কথা ব্রহ্মাদয়োঽপি তে তত্ত্বং ন জানন্তীত্যাহুঃ। তদিতি তস্মাদ্ধ্ব্তঃ সর্গো যেষাং তেষাং মরীচ্যাদীনাং সৃষ্টিবিষয়াঃ শক্তিমাত্রং শক্ত্যনুরূপমেব স্তমঃ। নতু যথোচিতং॥ ২৭॥

মৃড়নায়েতি বিষং সংহৃত্য শীঘ্রং লোকসুখং নিষ্পাদয়েতি ধ্বনিঃ॥ ২৮—৩০॥

আমি নিশ্চয় বলিতে পারি তাহারা কিছুই জানে না, এই কারণে নির্লজ্জ হইয়া বিচার না করিয়া ঐ রূপ প্রলাপ করে। অহো! যাঁহার চরণ আত্মারাম লোকেরা সেবা করেন তাঁহার কি কামিত্ব সম্ভবে? যিনি তপস্যায় রত, তিনি শান্ত মূর্ত্তিই হইতে পারেন, তাঁহার হিংস্রত্ব অথবা উগ্রত্ব কি প্রকারে হইবে?॥ ২৬॥

অতএব হে দেব! সৎ ও অসৎ হইতে ভিন্ন এবং পরম পুরুষ যে আপনি আপনার যথার্থ স্বরূপ জানিতে ব্রহ্মাদি দেবগণও সমর্থ নহেন, ইহাতে তাঁহারা আপনার স্তব করিতে কি প্রকারে শক্ত হই-বেন? প্রভো! আমরা ঐ ব্রহ্মাদির সৃষ্টিমধ্যে অত্যন্ত অর্ব্বাচীন, আমরাই বা কি প্রকারে আপনার স্তবে প্রভু হইব? তথাপি এই যে স্তুতি করিলাম ইহা আত্মশক্তির পরিমাণ মাত্র॥ ২৭॥

হে মহেশ্বর! যদিও আমরা আপনার এইরূপ ব্যতীত অন্য যে শ্রেষ্ঠরূপ, তাহা দেখিতে পাইলাম না, তথাপি এতদ্দর্শনেই কৃতার্থতা লাভ হইল, যে হেতু আপনি অব্যক্তকর্ম্মা, আপনার এই রূপে আবির্ভাব লোকের রক্ষণার্থ মাত্র।

শুকদেব কহিলেন, ভগবান্ শঙ্কর সর্ব্বপ্রাণির সুহৃৎ, প্রজাদিগের দুঃখ দর্শনে করুণা বশতঃ অত্যন্ত দুঃখিত হইলেন অতএব নিকটস্থ প্রিয়া সতীকে সম্বোধন করিয়া বলিলেন॥ ২৮॥

অহো বত ভবান্যেতৎ প্রজানাং পশ্য বৈশসং। ক্ষীরোদমথনোদ্ভূতাৎ কালকূটাদুপস্থিতং॥ ২৯॥
আসাং প্রাণপরীপ্সূনাং বিধেয়মভয়ং হি মে। এতাবান্ হি প্রভোরর্থো যদ্দীনপরিপালনং।
প্রাণৈশ্চ প্রাণিনঃ পান্তি সাধবঃ ক্ষণভঙ্গুরৈঃ॥ ৩০॥
বদ্ধবৈরেষু ভূতেষু মোহিতেষ্বাত্মমায়য়া। পুংসঃ কৃপয়তো ভদ্রে সর্ব্বাত্মা প্রীয়তে হরিঃ॥ ৩১॥
প্রীতে হরৌ ভগবতি প্রীয়েঽহং সচরাচরঃ। তস্মাদিদং গরং ভুঞ্জে প্রজানাং স্বস্তিরস্তু মে॥ ৩২॥
এবমামন্ত্র্য ভগবান্ ভবানীং বিশ্বভাবনঃ। তদ্বিষয়ং জগ্ধুমারেভে প্রভাবজ্ঞান্বমোদত॥ ৩৩॥
ততঃ করতলীকৃত্য ব্যাপি হালাহলং বিষং। অভক্ষয়ন্ মহাদেবঃ কৃপয়া ভূতভাবনঃ॥ ৩৪॥

শ্রীধরস্বামী।

মৎপ্রভাবমবিচার্য্য বিষপানে প্রবৃত্তং মাং কথঞ্চিদিয়ং প্রিয়া বারয়েদিতি শঙ্কয়া তামনুজ্ঞাপয়ন্নাহ অহো বতেতি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। বৈশসং দুঃখং॥ ২৯॥
প্রাণপরীপ্সূনাং প্রাণরক্ষণেচ্ছূনাং মে ময়া প্রভোঃ সমর্থস্য অর্থঃ কার্য্যং॥ ৩০॥
কিঞ্চ। বদ্ধবৈরেষু পরস্পরং জিঘাংসৎসু কৃপয়তঃ কৃপাং কুর্ব্বতঃ পুংসঃ॥ ৩১॥
মে মত্তঃ স্বস্তিঃ শোভনা সত্তা সুখেন জীবিতমস্ত্বিত্যর্থঃ॥ ৩২॥
জগ্ধুং অত্তুং॥ ৩৩॥
করতলীকৃত্য করতলপরিমিতমাত্রং কৃত্বা॥ ৩৪॥

ক্রমসন্দর্ভঃ।

আসামিতি সার্দ্ধকং॥ ৩০—৩৩॥
ব্যাপি ব্যাপ্তিশীলং বিষং॥ ৩৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অমীষু সংসারিকজীবেষু পরস্পরবদ্ধবৈরেষু আত্মারামাণাং ভবাদৃশামুপেক্ষণমেবোচিতং তত্রাহ বদ্ধেতি॥ ৩১॥
মে মত্তঃ স্বস্তিঃ শোভনা সত্তা॥ ৩২॥
ব্যাপি তাবদ্দেশব্যাপকমপি করতলমাত্র পরিমিতীকৃত্য॥ ৩৪॥

অহো দেখ দেখ! ক্ষীরোদমথনে উত্থিত কালকূট হইতে প্রজাপুঞ্জের কিরূপ দুঃখ উপস্থিত হইয়াছে!॥ ২৯॥

যাহা হউক, এই সকল প্রজা প্রাণ রক্ষণ বাসনায় কাতর হইতেছে, ইহাদিগকে অভয় দেওয়া আমার কর্ত্তব্য, যে হেতু দীনজনকে পালন করাই সমর্থ ব্যক্তির কর্ম্ম। অতএব সাধু ব্যক্তিরা ক্ষণ-ভঙ্গুর ভাবিয়া আপনাদের প্রাণ দ্বারাও অন্যকে রক্ষা করিয়া থাকেন॥ ৩০॥

ভদ্রে! যে সকল ব্যক্তি পরমাত্মার মায়ায় মুগ্ধ হইয়া পরস্পর বৈরবন্ধন পূর্ব্বক হিংসা করে, তাহাদের প্রতি যে পুরুষ দয়া করেন, তাঁহার প্রতি সর্ব্বাত্মা হরি প্রীত হন॥ ৩১॥

হে দেবি! ভগবান্ হরি প্রীত হইলে চরাচর সহিত আমিও প্রীতি প্রাপ্ত হইয়া থাকি। অতএব আমি এই বিষ ভক্ষণ করি, আমা হইতে প্রজাপুঞ্জের সুখে জীবন ধারণ হউক॥ ৩২॥

হে রাজন্! ভবানীকে এই প্রকার কহিয়া ভগবান্ বৃষবাহন সেই বিষ ভোজনের উপক্রম করিলেন, ভগবতী তাঁহার প্রভাব অবগত ছিলেন, সুতরাং ঐ ব্যাপারে আমোদ করিতে লাগিলেন॥ ৩৩॥

তদনন্তর করুণা হেতু ভূতভাবন মহাদেব সকল দিকে ব্যাপনশীল, সেই হালাহল গ্রহণ পূর্ব্বক করতলমাত্র পরিমিত করিয়া খাইয়া ফেলিলেন॥ ৩৪॥

তস্যাপি দর্শয়ামাস স্ববীর্য্যং জলকল্মষঃ। যচ্চকার গলে নীলং তচ্চ সাধোর্বিভূষণং ॥
তপ্যন্তে লোকতাপেন সাধবঃ প্রায়শোজনাঃ। পরমারাধনং তদ্ধি পুরুষস্যাখিলাত্মনঃ।
নিশম্য কর্ম্ম তচ্ছম্ভোর্দেবদেবস্য মীঢুষঃ। প্রজা দাক্ষায়ণী ব্রহ্মা বৈকুণ্ঠশ্চ শশংসিরে ॥ ৩৫ ॥
প্রস্কন্নং পিবতঃ পাণের্যৎকিঞ্চিজ্জগৃহুঃ স্ম তৎ। বৃশ্চিকাহি বিষৌষধ্যো দন্দশূকাশ্চ যে পরে ॥৩৬

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে সপ্তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৭ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

শ্রীধরস্বামী।

জলকল্মষঃ জলদোষো বিষং। যস্মাৎ তং গলে নীলং চকার। সাধোঃ কৃপালোঃ ॥ ৩৫ ॥
প্রস্কন্নং গলিতং অপরে চ যে সবিষাস্তেঽপি জগৃহুঃ অনেন বিষস্য তীব্রতোক্তা ॥ ৩৬ ॥

॥ * ॥ ইত্যষ্টমে সপ্তমঃ ॥ * ॥

অষ্টমে মথ্যমানেঽব্ধৌ লক্ষ্যা বিষ্ণৌ বৃতেঽসুরৈঃ। ধন্বন্তরেহৃতে সোমে মোহিন্যাস্তৎ ঈর্য্যতে ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

তস্যাপীতি তত্রাপীত্যর্থঃ। গলে নীলমিত্যলুক্ সমাসঃ। নম্বিদমসম্ভবং তত্রাহ তচ্চেতি। কৃপয়া স্বাভীষ্টং তদ্বিভূষণত্বেন ধৃতবত্ত্বাৎ স্বস্যৈব তাদৃশীচ্ছেতি ভাবঃ ॥
লোকতাপেন তপ্যন্তে তত্তাপমঙ্গী কুর্ব্বন্তীত্যর্থঃ। সাধবঃ সাধারণা অপি কিমুত স ইত্যর্থঃ ॥ ৩৫ ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে সপ্তমোঽধ্যায়ঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জলকল্মষো বিষং তস্যাপি তস্মিন্নপি ॥ ৩৫ ॥
পিবতস্তস্য পাণেঃ সকাশাৎ যৎ প্রস্কন্নং ক্ষরিতং যেঽপরে শৃগালাদ্যাস্তে চ জগৃহুঃ ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। অষ্টমে সপ্তমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

মথনোদ্ভূতরত্নানাং লক্ষ্যা বিষ্ণৌ বৃতেঽমৃতে। উত্থিতেঽথ হৃতে দৈত্যৈর্মোহিন্যা বৃত্তমষ্টমে ॥ * ॥

কিন্তু সেই কালকূট মহাদেবকেও আপনার পরাক্রম প্রদর্শন করাইল, যে হেতু তাহাতে শঙ্করের কণ্ঠদেশ তৎক্ষণাৎ নীলবর্ণ হইল, পরন্তু তাহা করুণাময় ঈশ্বরের ভূষণ স্বরূপ হইয়াছে ॥

হে রাজন্! প্রায়শই সাধু পুরুষেরা অন্যের সন্তাপে সন্তপ্ত হইয়া থাকেন। সে যাহা হউক, দেবদেব শম্ভুর ঐ আশ্চর্য্য কার্য্যের কথা শুনিয়া প্রজাগণ, দাক্ষায়ণী, ব্রহ্মা এবং বৈকুণ্ঠ সকলেই প্রশংসা করিলেন ॥ ৩৫ ॥

হে মহারাজ! সেই হালাহল পানকালে মহাদেবের করতল হইতে যৎকিঞ্চিৎ যাহা গলিয়া পড়িয়াছিল তাহাই বৃশ্চিক, সর্প, বিষময় ওষধি তথা অন্যান্য দন্দশূকগণ গ্রহণ করিয়াছিল, সেই কারণে ঐ সকল তীব্র হইয়াছে, ইহাতে সেই কালকূট কি প্রকার তীব্র, স্বয়ং বিবেচনা করিতে পার। ৩৬ ॥

॥ * ॥ ইতি অষ্টমে সপ্তম অধ্যায় ॥ * ॥

অষ্টমাধ্যায়ে সমুদ্রমথনে উত্থিতা লক্ষ্মীর বিষ্ণুকে বরণ এবং ধন্বন্তরি সহ অমৃত উত্থান হইলে অসুরেরা বল পূর্ব্বক হরণ করায় ভগবান্ বিষ্ণুর মোহিনী রূপ ধারণ ॥ * ॥

পীতে গরে বৃষাঙ্কেণ প্রীতাস্তেঽমরদানবাঃ। মমন্থুস্তরসা সিন্ধুং হবির্দ্ধানী ততোঽভবৎ ॥ ১ ॥

তামগ্নিহোত্রীমৃষয়ো জগৃহুর্ব্রহ্মবাদিনঃ। যজ্ঞস্য দেবযানস্য মেধ্যায় হবিষে নৃপ ॥ ২ ॥

তত উচ্চৈঃশ্রবা নাম হয়োঽভূচ্চন্দ্রপাণ্ডুরঃ। তস্মিন্ বলিঃ স্পৃহাঞ্চক্রে নেন্দ্র ঈশ্বরশিক্ষয়া ॥ ৩ ॥

তত ঐরাবতো নাম বারণেন্দ্রো বিনির্গতঃ। দন্তৈশ্চতুর্ভিঃ শ্বেতাদ্রের্হরন্ ভগবতো মহিং।

ঐরাবণাদয়স্ত্বষ্টৌ দিগ্গজা অভবংস্ততঃ। অভ্রমুপ্রভৃতয়োঽষ্টৌ চ করিণ্যস্ত্বভবন্নৃপ।

কৌস্তুভাখ্যমভূদ্রত্নং পদ্মরাগো মহোদধেঃ। তস্মিন্মণৌ স্পৃহাঞ্চক্রে বক্ষোঽলঙ্করণে হরিঃ।

ততোঽভবৎ পারিজাতঃ সুরলোকবিভূষণং। পূরয়ত্যর্থিনো যোঽর্থৈঃ শশ্বদ্ভুবি যথা ভবান্ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

হবির্দ্ধানী সুরভিঃ ॥ ১ ॥

দেবযানস্য ব্রহ্মলোকমার্গপ্রাপকস্য যজ্ঞস্য সম্বন্ধিনে হবিষে ॥ ২ ॥

ঈশ্বরশিক্ষয়া প্রাগেব কৃতয়া ॥ ৩ ॥

ভগবতো যঃ শ্বেতাদ্রিঃ কৈলাসঃ তস্য মহিং মহিমানং দন্তৈঃ শিখরতুল্যৈর্হরন্ চন্দ্রবৎ পাণ্ডুর ইত্যনুষঙ্গঃ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

ঐরাবণাদয়স্ত্বষ্টৌ দিগ্গজা অভবংস্ততঃ। অভ্রমু প্রমুখা অষ্টৌ করিণ্যস্ত্বভবন্নৃপ। কৌস্তুভাখ্যমভূদ্রত্নং পদ্মরাগো মহোদধেঃ। তস্মিন্ মণৌ স্পৃহাঞ্চক্রে বক্ষোঽলঙ্করণে হরিরিতি ক্বচিৎ পাঠঃ। ততোঽভবৎ পারিজাত ইতি। ১—৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হবির্দ্ধানী সুরভিঃ ॥ ১ ॥

দেবযানস্য ব্রহ্মলোকমার্গপ্রাপকস্য ॥ ২ ॥

ঈশ্বরশিক্ষয়া দৈত্যানাং মানবর্দ্ধনার্থে প্রাগেব কৃতয়া ॥ ৩ ॥

ভগবতঃ শম্ভোর্যঃ শ্বেতাদ্রিঃ কৈলাসস্তস্য মহিং মহিমানং দন্তৈঃ শিখরতুল্যৈর্হরন্ ॥ ৪ ॥

শুকদেব কহিলেন, ভগবান্ বৃষধ্বজ কালকূট পান করিলে দেব ও দানবগণ সাতিশয় প্রীত হইয়া পুনরায় মহাবেগে মন্থন আরম্ভ করিলেন, তাহাতে সুরভি গাভী উত্থিতা হইল ॥ ১ ॥

ব্রহ্মবাদী ঋষিগণ ব্রহ্মলোকপ্রাপক যজ্ঞের হবির্নিমিত্ত ঐ সুরভি গ্রহণ করিলেন ॥ ২ ॥

তাহার পর উচ্চৈঃশ্রবা নামে চন্দ্রবৎ পাণ্ডুর অশ্ব উত্থিত হইল। দৈত্যরাজ বলি তদর্থ স্পৃহা করিলে ঈশ্বরের শিক্ষায় দেবরাজ ইন্দ্র তাহার প্রতি অভিলাষ করিলেন না ॥ ৩ ॥

তাহার পর ঐরাবত নামক বারণেন্দ্র বিনির্গত হইল, ঐ হস্তির পর্ব্বতশিখর তুল্য চারি দন্ত। সে স্বয়ং চন্দ্র তুল্য পাণ্ডুর এবং আত্মবৎ পাণ্ডুরবর্ণ দশন চতুষ্টয় দ্বারা কৈলাসের মহিমা হরণ করিতেছিল। হে রাজন্! তাহার পর ঐরাবতাদি অষ্ট দিগ্ হস্তী এবং অভ্রমু প্রভৃতি অষ্ট দিগ্ হস্তিনী উত্থিত হইল। তদনন্তর মহোদধি হইতে কৌস্তুভ নামে মহামণি উত্থিত হইল। ভগবান্ হরি তদীয় দ্যুতি দর্শন করিয়া তাহার দ্বারা আপনার বক্ষঃস্থল অলঙ্কৃত করিতে মনস্থ করিলেন। তাহার পর পারিজাত বৃক্ষ উৎপন্ন হইল, ঐ তরু সুরলোকের ভূষণ। হে রাজন্! তুমি যেমন অর্থ দ্বারা অর্থিগণের কামনা পূর্ণ কর, তেমনি ঐ তরু নিরন্তর যাবতীয় অর্থ দ্বারা অর্থিদিগের প্রার্থনা পূর্ণ করিয়া থাকে ॥ ৪ ॥

ততশ্চাপ্সরসো জাতা নিষ্ককণ্ঠ্যঃ সুবাসসঃ। রমণ্যঃ স্বর্গিণাং বল্গুগতিলীলাবলোকনৈঃ॥ ৫॥
ততশ্চাবিরভূৎ সাক্ষাচ্ছ্রীরমা ভগবৎপরা। রঞ্জয়ন্তী দিশঃ কান্ত্যা বিদ্যুৎ সৌদামনী যথা॥ ৬॥
তস্যাং চক্রুঃ স্পৃহাং সর্ব্বে সসুরাসুরমানবাঃ। রূপৌদার্য্যবয়োবর্ণমহিমাক্ষিপ্তচেতসঃ॥ ৭॥
তস্যা আসনমানিন্যে মহেন্দ্রো মহদদ্ভুতং। মূর্ত্তিমত্যঃ সরিচ্ছ্রেষ্ঠা হেমকুম্ভৈর্জলং শুচিঃ॥ ৮॥

শ্রীধরস্বামী।

বল্গুভির্গত্যাদিভিঃ স্বর্গিণাং রতিকর্ত্র্যঃ॥ ৫॥

সুদামা পর্ব্বতস্তেনৈকস্যাং দিশি জাতা সৌদামনী স্ফটিকাদিময়গিরিশৃঙ্গেষধিকং বিস্ফুরন্তী বিদ্যুদিব কান্ত্যা দিশোরঞ্জয়ন্তী শ্রীঃ সম্পৎ সক্ষাৎ মূর্ত্তিধারিণী সতী সৈব ভগবৎ পরা রমা আবিরভূদিত্যর্থঃ॥ ৬॥

তস্যা রূপাদি মহিম্না আক্ষিপ্তং চেতো যেষাং॥ ৭॥

ভগবদ্বক্ষসি স্থিতয়া শ্রিয়া বিলোকিতানাং দেবতানাং যথা পূর্ব্বং সর্ব্বসম্পৎপ্রাপ্তিমসুরাণাঞ্চ তদ্বিপর্য্যয়ং বক্তুং অভিষেকাদি-মহোৎসবপূর্ব্বকং ব্রহ্মাদপরিহারেণ ভগবৎপ্রাপ্তিপ্রকারমাহ তস্যা আসনমিত্যাদিনা অথাসীদ্বারুণীত্যতঃ প্রাক্তনেন গ্রন্থেন॥ ৮॥

ক্রমসন্দর্ভঃ।

চক্রুঃ স্পৃহামিতি সম্পদধিষ্ঠাতৃত্বজ্ঞানেন তদধিষ্ঠানাম্মহা সম্পল্লাভঃ স্যাদিত্যেবমেব মন্বা নান্যথা। তেহি প্রায়ো মহাভক্তাঃ অতএবাগ্রে সর্ব্বেষাং নিজনিজোপায়নাদিময়ভক্তিরেব বর্ণনীয়া। আক্ষিপ্তচিত্তত্বং বিস্ময়েনৈবেতি জ্ঞেয়ং॥ ৭—৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গত্যাদিভিঃ রমণ্যঃ রময়িত্র্যঃ॥ ৫॥

শ্রীঃ সম্পত্তিঃ সাক্ষান্মূর্ত্তিমতীত্যর্থঃ। রমা হরিং রময়ন্তী হরেঃ প্রেয়সী রূপা চ প্রাদুর্ভূতা কীদৃশী ভগবতীচাসৌ পরা পূর্ব্বস্যাঃ সকাশাৎ শ্রেষ্ঠেতি পূর্ব্বস্যা এতদ্বিভূতিরূপত্বাদিতি ভাবঃ। পূর্ব্বা যথা বিদ্যুৎ উত্তরা যথা সৌদামনী স্ফটিকময়সুদামপর্ব্বতভবত্বাৎ পূর্ব্বস্যাঃ সকাশাদধিককান্তিমতী কান্তেতি সম্পত্তিপক্ষে কমিরিচ্ছার্থকো ধাতুঃ। অভিলাষেণেত্যর্থঃ। দিশস্তস্যা দিগ্বর্ত্তিনো জনান্ রঞ্জয়ন্তী সম্পত্তিরস্মাকং ভূয়াদিতি রাগবতীঃ কুর্ব্বতী পক্ষে দিশঃ পূর্ব্বাদ্যাঃ কান্ত্যা স্বরোচিষা রঞ্জয়ন্তী॥ ৬॥

তস্যাং পূর্ব্বস্যাং সম্পদ্রূপায়ামেব স্পৃহাং নতূত্তরস্যাং। তস্যাঃ শ্রিয়াস্ত্বঞ্জগতো জনকো জনন্যা ইতি বক্ষ্যমাণবাক্যেন তস্যা জগজ্জননীত্বজ্ঞাপনাৎ। কিঞ্চ। তস্যা অপি রূপাদীনাং মহিনা মহিম্না মা আক্ষিপ্তানি নৈবাসক্তানি চেতাংসি যেষাং তে। যতস্তে তস্যাঃ সকাশাদ্রাজ্যভোগাদি প্রেপ্সব ইতি ভাবঃ॥ ৭॥

তস্যাশ্চেতি চকারাৎ হরিপ্রেয়সীরূপায়াশ্চ॥ ৮॥

সে যাহা হউক, তৎপরে অপ্সরা সকল উদ্ভূতা হইল। তাহাদের কণ্ঠদেশে নিষ্ক, পরিধান শোভন বসন। তাহারা মনোহর গমন ও লীলাবলোকন দ্বারা স্বর্গবাসিদিগের রতি জন্মাইতে ছিল॥ ৫॥

হে রাজন্! তাহার পর শ্রী সাক্ষাৎ মূর্ত্তিধারিণী হইয়া আবির্ভূত হইলেন, তিনিই ভগবৎপরা রমা, উদ্ভূতা হইয়া স্ফটিকাদি মণিময় গিরিশৃঙ্গে উদ্যোতিনী বিদ্যুতের কান্তি দ্বারা দিক্ সকল রঞ্জিত করিতে লাগিলেন॥ ৬॥

তাঁহার রূপ, ঔদার্য্য, বয়স, বর্ণ, মহিমা দর্শনে সুর অসুর মানব সকলেরই অন্তঃকরণ আকৃষ্ট হইল, সুতরাং সকলেই তাঁহাকে প্রাপ্ত হইবার অভিলাষ করিলেন॥ ৭॥

ভগবৎ প্রিয়া রামদেবীকে অবলোকন করিবা মাত্র দেবরাজ ইন্দ্র অভিষেক মানসে ব্যস্ত হইয়া তাঁহার নিমিত্ত অদ্ভুত আসন আনয়ন করিলেন। প্রধান প্রধান নদী সকল মূর্ত্তিমতী হইয়া স্বর্ণ কলস দ্বারা পবিত্র জল আহরণ করিল॥ ৮॥

আভিষেচনিকা ভূমিরাহরৎ সকলৌষধীঃ। গাবঃ পঞ্চপবিত্রাণি বসন্তো মধুমাধবং ॥ ৯ ॥
ঋষয়ঃ কল্পয়াঞ্চক্রুরাভিষেকং যথাবিধি। জগুর্ভদ্রাণি গন্ধর্ব্বা নট্যশ্চ ননৃতুর্জগুঃ ॥ ১০ ॥
মেঘা মৃদঙ্গপণবমুরজানকগোমুখান্। ব্যনাদয়ন্ শঙ্খবেণুবীণাস্তুমুলনিঃস্বনান্।
ততোঽভিষিষিচুর্দেবীং শ্রিয়ং পদ্মকরাং সতীং। দিগিভাঃ পূর্ণকলসৈঃ সূক্তবাক্যৈর্দ্বিজেরিতৈঃ।
সমুদ্রঃ পীতকৌশেয়ে বাসসী সমুপাহরৎ। বরুণঃ স্রজং বৈজয়ন্তীং মধুনা মত্তষট্‌পদাং।
ভূষণানি বিচিত্রাণি বিশ্বকর্ম্মা প্রজাপতিঃ। হারং সরস্বতী পদ্মমজো নাগাশ্চ কুণ্ডলে।
ততঃ কৃতস্বস্ত্যয়নোৎপলস্রজং নদদ্বিরেফাং পরিগৃহ্য পাণিনা।
চচাল বক্ত্রং সুকপোলকুণ্ডলং সব্রীড়হাসং দধতী সুশোভনং।

শ্রীধরস্বামী।

আভিষেচনিকা অভিষেকোচিতাঃ। পঞ্চপবিত্রাণি পঞ্চগব্যানি মধুমাধবৌ চৈত্রবৈশাখভবং ফলপুষ্পাদি। মধুমাধবমিতি পাঠে দ্বন্দ্বৈক্যে স এবার্থঃ। মধুমাসোদ্ভবং মধ্বিতি বা ॥ ৯ ॥

আভিষেকং অভিষেকোচিতং বিধিং নট্যঃ নটানাং স্ত্রিয়ঃ ॥ ১০ ॥

শঙ্খবেণুবীণাশ্চ ব্যনাদয়ন তুমুলো নিস্বনো যেষাং তান্ মৃদঙ্গাদীন্ ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

মেঘা বসন্তসন্তদধিষ্ঠাতৃদেবাঃ ॥ ৯ ॥

নাট্য ইতি নটস্যেয়মিত্যর্থে। নট্যা ইতি পাঠঃশ্চন্নর্ত্তকা ইত্যেব ব্যাখ্যায়েত ॥ ১০ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আভিষেচনিকা অভিষেকোচিতাঃ পঞ্চপবিত্রাণি পঞ্চগব্যানি মধুমাধবৌ চৈত্রবৈশাখভবং পুষ্পফলাদি। মধুমাধবমিতি পাঠে মধুমাসোদ্ভবং মধু ॥ ৯ ॥ ১০ ॥

শ্রিয়মিতি সম্পদ্রূপাং দেবীতি দিবু ক্রীড়ায়াং ভোগৈশ্বর্য্যবিতরণেন ক্রীড়ন্তীং পদ্মকরামিতি হরিপ্রেয়সীরূপাং সতীং পতিব্রতাং।

পীতকৌশেয়ে ইতি অভিষেকানন্তরং পীতবস্ত্রস্যৈব বিহিতত্বাৎ ॥

উভয়রূপা যা এব তস্যাঃ শ্রীভগবানেবাশ্রয় ইত্যাহ তত ইতি। কৃতমনাদিত এব স্বস্তি সর্ব্বকালমঙ্গলং নারায়ণবক্ষ এবায়নমাস্পদং যস্যাঃ সা স্বপ্রতিচ্ছবিরূপা গুণময়ীব স্থিরাঃ সম্পদো ব্রহ্মাদিভ্যো দদানাপি স্বয়ং গুণাতীতা চিন্ময়সম্পদ্রূপা লক্ষ্মীঃ শ্রীঃ নারায়ণমেক-

ভূমি সমুদায় অভিষেকোচিতা ওষধী আনয়ন করিয়া দিল। আর গাভী সকল পঞ্চগব্য তথা বসন্ত ঋতু চৈত্রবৈশাখোদ্ভব ফল পুষ্প আনয়ন করিল ॥ ৯ ॥

পরে ঋষিগণ যথাশাস্ত্র অভিষেকের উপযুক্ত বিধি কল্পনা করিলেন, তদনন্তর গন্ধর্ব্বগণ সুস্বরে সঙ্গীত আরম্ভ করিল এবং নটী সকল নৃত্য করিতে লাগিল ॥ ১০ ॥

আর মেঘ সমূহ মৃদঙ্গ ও পণব মুরজ আনক এবং গোমুখ প্রভৃতি যে সকল বাদ্যের তুমুল ধ্বনি, তৎসমুদায় তথা শঙ্খ, বেণু, বীণা প্রভৃতি নিনাদিত করিতে আরম্ভ করিল। হে রাজন্! তৎপরেই দিগ্‌গজ সকল পূর্ণকলস এবং বিপ্রবর্গের উচ্চারিত বেদমন্ত্র দ্বারা পদ্মহস্তা সেই শ্রীর অভিষেক সম্পাদন করিল। সমুদ্র তাঁহার পরিধানার্থ পীতবর্ণ দুই খানি কৌশেয় বসন, বরুণ মত্তমধুকর গুঞ্জিত বৈজয়ন্তী মালা, প্রজাপতি বিশ্বকর্ম্মা বিবিধ বিচিত্র ভূষণ, সরস্বতী হার, ব্রহ্মা পদ্ম এবং নাগ সকল কুণ্ডল আনিয়া উপহার দিলেন। এইরূপে কৃতস্বস্ত্যয়না লক্ষ্মীদেবী স্বীয় হস্ত দ্বারা ভৃঙ্গনাদিত উৎপলমাল্য গ্রহণ করিয়া চলিবার উপক্রম করিলেন। তাঁহার বদন কপোলস্থ কুণ্ডলদ্বয়ে এবং সলজ্জ

স্তনদ্বয়ং চাতিকৃশোদরীসমং নিরন্তরং চন্দনকুঙ্কুমোক্ষিতং।
ততস্ততো নূপুরবল্গুশিঞ্জিতৈর্বিসর্পতী হেমলতেব সা বভৌ॥ ১১॥
বিলোকয়ন্তী নিরবদ্যমাত্মনঃ পদং ধ্রুবং চাব্যভিচারিসদ্গুণং।
গন্ধর্ব্বসিদ্ধাসুরযক্ষচারণত্রৈপিষ্টপেয়াদিষু নান্ববিন্দং॥ ১২॥
নূনং তপো যস্য ন মন্যুনির্জয়ো জ্ঞানং ক্বচিত্তচ্চ ন সঙ্গবর্জ্জিতং।

শ্রীধরস্বামী।

পদং আশ্রয়ং ধ্রুবং নিত্যং অব্যভিচারিণো নিত্যাঃ সন্তো গুণা যস্মিন্ তৎ নান্ববিন্দৎ ক্বচিৎ কস্যচিৎ দোষস্য সদ্ভাবাৎ॥ ১২॥

তদেবাহ নূনমিতি ত্রিভিঃ। মন্যুনির্জয়ো নাস্তি দুর্ব্বাসঃ প্রভৃতিষু শুক্রশুক্রাদিষু সঙ্গবর্জ্জিতং জ্ঞানং নাস্তি। মহত্ত্বেঽপি

ক্রমসন্দর্ভঃ।

অত্রশিক্ষার্থং শ্রিয়শ্চরিতমাহ বিলোকয়ন্তীতি॥ ১২॥

অন্যেষাং স্বস্বগুণস্যোক্ত দোষসাশ্রয়তামাহ। নূনমিত্যাদিত্রয়েণ। অত্র তপ আদিভিরপি ন সাম্যং বিবক্ষিতং। অসাম্য প্রসিদ্ধেঃ। যথোক্তং। ইমে চান্যে চ ভগবন্নিত্যা যত্রেত্যাদৌ প্রাখ্যা মহত্বমিচ্ছন্তিরিতি। কিন্তুক্তীয় তপ আদিলেশানাং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সেবাশ্রিত্য সদা বর্ত্তন্তে। তদৈবানাদিত এব কমপি গুণং নোপাধীকৃত্য স্বভাবত এব তস্মিন্ প্রেমবতী তৎ সর্ব্বেন্দ্রিয়সুখসম্পাদয়িত্রী প্রেয়সীরূপাপি বর্ত্তত ইত্যর্থঃ। তদাপি বিবিধৈব লক্ষ্মীঃ সমুদ্রং জনকীকৃত্য প্রাদুর্ভূতা পুনরেকীভূতা সতী স্বনিত্যপ্রিয়ং শ্রীনারায়ণং স্বয়ং বরীতুং চচাল॥

ততস্ততনন্তরং ততস্তত্র মহাসদসি বিসর্পতী হেমলতা জঙ্গমা স্বর্ণবল্লীব॥ ১১॥

কিঞ্চ। তয়োরেকীভূতয়োর্লক্ষ্ম্যোর্মধ্যে যা সম্পদ্রূপা সা লোকে স্বপ্রেয়সো ভগবতঃ সর্ব্বত এবোৎকর্ষং খ্যাপয়িতুং তত্র নিত্য-নিরুপাধি প্রেমবত্যাপি অন্যত্র গুণদোষবিবেচনপূর্ব্বকমন্যস্যাঃ স্বয়ম্বরায়া ইব স্বস্যাপি তত্রৈব গুণোৎকর্ষোপাধিকং স্বয়ং বরণং দর্শয়া-মাসেত্যাহ বিলোকয়ন্তীতি গন্ধর্ব্বাদিষু আত্মনঃ স্বস্য পদমাস্পদং জনং কমপি নান্ববিন্দৎ কীদৃশং নিরবদ্যং নির্দ্দোষং অথচ অব্যভি-চারিণঃ সদৈব স্থায়িনঃ সন্তঃ কল্যাণত্বাৎ শ্রেষ্ঠা গুণা যত্র তৎ ধ্রুবং নিত্যং॥ ১২॥

তত্র তত্র বরণব্যবসায়ানুষ্ঠবে সদোষপ্রাকৃতগুণত্বমেব হেতুরিতি সম্পদ্রূপা লক্ষ্মীঃ স্বগতমাহ নূনমিতি ত্রিভিঃ তপো দুর্ব্বাসঃ প্রভৃতের্মন্যুনির্জয়ো নেতি তপসো বৈয়র্থ্যাৎ। জ্ঞানং ক্বচিদ্বৃহস্পত্যাদিষু সঙ্গবর্জ্জিতং নেতি জ্ঞানস্য বৈয়র্থ্যাৎ। মহান্ ব্রহ্মা

হাস্যে অতিশয় শোভন, আর স্তনদ্বয় চন্দন ও কুঙ্কুমে অভিষিক্ত হইয়াছিল। সেই কৃশোদরী রমা মনোহর নূপুর নিনাদ করিতে করিতে ইতস্ততঃ পাদবিক্ষেপ আরম্ভ করিলে চঞ্চলা হেমলতার ন্যায় তাঁহার চমৎকার শোভা হইল॥ ১১॥

হে রাজন্! তৎপরে তিনি আপনার নিরবদ্য আশ্রয় নিমিত্ত চতুর্দ্দিকে নিরীক্ষণ করিতে লাগিলেন কিন্তু যাহাতে নিত্য সদ্গুণ সকল বিরাজমান এতাদৃশ আশ্রয় কি গন্ধর্ব্ব, সিদ্ধ, অসুর, যক্ষ, চারণ, কি স্বর্গবাসি দেবগণ এ সকলের মধ্যে কাহাকেও দেখিতে পাইলেন না, সকলেরই একটা না একটা দোষ প্রকাশ পাইতে লাগিল॥ ১২॥

ফলতঃ তিনি বিবেচনা করিয়া দেখিলেন কোন কোন ব্যক্তির (দুর্ব্বাসা প্রভৃতির) তপস্যা আছে সত্য, কিন্তু ক্রোধ জয় নাই, কোন কোন ব্যক্তিতে (গুরুশুক্রাদিতে) জ্ঞান আছে কিন্তু সঙ্গ পরি-ত্যাগ দৃষ্ট হয় না, কোন কোন ব্যক্তি (ব্রহ্ম সোমাদি) মহান্ বটেন, কিন্তু কামজয়ী নহেন, আর যে

কশ্চিন্মহাংস্তত্র ন কামনির্জ্জয়ঃ স ঈশ্বরঃ কিং পরতো ব্যপাশ্রয়ঃ॥ ১৩॥
ধর্ম্মঃ কচিত্তত্র ন ভূতসৌহৃদং ত্যাগঃ কচিত্তত্র ন মুক্তিকারণং।
বীর্য্যং ন পুংসোঽস্ত্যজবেগনিষ্কৃতং নহি দ্বিতীয়ো গুণসঙ্গবর্জ্জিতঃ॥ ১৪॥
কচিচ্চিরায়ুর্নহি শীলমঙ্গলং কচিত্তদপ্যস্তি ন বেদ্যমায়ুষঃ।

শ্রীধরস্বামী।

ব্রহ্মসোমাদৌ ন কামনির্জ্জয়ঃ। পরতো ব্যপাশ্রয়ঃ পরাপেক্ষ ইন্দ্রাদিঃ স কিং ঈশ্বরঃ॥ ১৩॥

ন ভূতসৌহৃদং পরশুরামাদিষু ন মুক্তিকারণং ত্যাগঃ শিবিপ্রভৃতিষু। পুংসঃ কার্ত্তবীর্য্যাদের্বীর্য্যমস্তি অজবেগনিষ্কৃতং কালবেগেন পরিহৃতন্তু ন ভবতি। গুণসঙ্গবর্জ্জিতঃ সনকাদিঃ দ্বিতীয়ঃ সমচরো নহি সমাধিনিষ্ঠত্বাৎ॥ ১৪॥

চিরায়ুষ্যপি মার্কণ্ডেয়াদৌ শীলং মঙ্গলং নাস্তি ইন্দ্রিয়দমনশীলত্বাৎ। কচিত্তদপ্যস্তি হিরণ্যকশিপুপ্রভৃতৌ আয়ুষঃ স্থৈর্য্যং ন বেদ্যং দুর্জ্ঞানং ভগবদ্দ্বেষিণোঽকস্মাদেব মৃত্যুসম্ভবাৎ। যত্র কুত্র চ শ্রীরুদ্রে মার্কণ্ডেয়াদিবদিন্দ্রিয়দমনাদ্যভাবাৎ শীলং মঙ্গলকায়ুর্নিশ্চয়॰

ক্রমসন্দর্ভঃ।

সত্তামপি দোষান্তরোপরক্তত্বমিত্যেবমন্তাস্তাসাম্যমেব বিবক্ষিতং পরতো ব্যপাশ্রয় ইতি গুণসাম্যমপি প্রত্যাখ্যাতং॥ ১৩॥

অজবেগেতি যতস্তেষাং তত্তদ্গুণত্বমপি মায়াগুণকৃতমেব নতু তদতীত তদ্গুণত্বমিতি পরামৃশতি নহীতি। হি যস্মাৎ দ্বিতীয়ঃ শ্রীমুকুন্দাদন্যঃ। অনেন সনকাদয় আত্মারামা অপি পরিহৃতাঃ। তেষাং সমদমাদি গুণানাং মায়িকত্বাৎ। তথা শিবোঽপি পরিহৃতঃ। শিবঃ শক্তিযুতঃ শশ্বত্ত্রিলিঙ্গো গুণসংবৃত ইতি। হরির্হি নির্গুণঃ সাক্ষাদিত্যাদ্যুক্তেঃ। যথা। যো বা কশ্চিদ্গুণসঙ্গবর্জ্জিতোঽস্তি সোঽপি দ্বিতীয়ো মুকুন্দস্য তুল্যগুণো ন ভবতীত্যর্থঃ॥ ১৪॥

অথ প্রকারান্তরেণ শিবং পরিহর্ত্তুমুপক্রমতে। কচিদিতি। চিরায়ুশ্চিরজীবিতা। শীলমঙ্গলশব্দেনাত্র ভোগ উচ্যতে। ইন্দ্রিয়-দমনশীলত্বাদিতি টীকায়াং হেতুন্যাসাৎ। অভোগিনোঽমঙ্গলস্বভাবত্বেন লোকে নামাগ্রহণদর্শনাচ্চ। যথা। কচিৎ ময়দানবাদৌ চিরজীবিতাস্তি। শীলে স্বভাবে মঙ্গলং মাঙ্গল্যং নাস্তীত্যর্থঃ। অসুরস্বভাবত্বাদেব। কচিৎ বলিপ্রভৃতৌ শীলমঙ্গলমপ্যস্তি।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ন কাম নির্জ্জয় ইতি মহত্বস্য বৈয়র্থ্যং। যঃ পরতঃ শক্রত্বো হেতোর্ব্যপাশ্রয়ঃ ব্যপগতাস্পদো বারং বারং ভবতি স কিং ইন্দ্রাদিরীশ্বরো ভবতি নৈবেত্যর্থঃ॥ ১৩॥

কচিৎ কর্ম্মিষু শুক্রাদিষু ধর্ম্মঃ কর্ম্মিত্বাদসুরপুরোহিতত্বাচ্চ ন ভূতসৌহৃদমিতি ধর্ম্মস্য বৈয়র্থ্যং। ত্যাগো অন্নাদিদানং দক্ষাদিষু জ্ঞানস্য মুক্তিকারণত্বাভাবাদ্বৈয়র্থ্যং। বীর্য্যং বলং পুংসঃ শুম্ভনিশুম্ভাদেঃ। অজবেগনিষ্কৃতং কালবেগপরিহৃতং ন ভবতীতি বলস্য বৈফল্যং। গুণসঙ্গবর্জ্জিতঃ প্রাকৃতাপ্রাকৃতবিষয়াসক্তিমাত্র রহিতঃ সনকাদির্ন দ্বিতীয়োনহমরস্তত্র যদপ্রাকৃতসৌরূপ্য সৌরভ্যাদে-বৈফল্যাপত্তেঃ॥ ১৪॥

কচিদ্বলিপ্রভৃতিষু চিরমায়ুঃ কিন্তু শীলমঙ্গলানি ন তত্র আসুরস্বভাবেন শীলাভাবঃ। ইন্দ্রশত্রুকত্বেন মঙ্গলাভাবশ্চ। কচিন্মনুপুত্র-পৌত্রাদিষু তৎশীলমঙ্গলং কিন্ত্বায়ুষো ন বেদ্যং ন জ্ঞানং মনুষ্যজাতিত্বেনাচিরায়ুষ্টাৎ। যত্র কুত্রচিচ্চ উভয়সৌশীল্য বিপদভাবত্বং

সকল ব্যক্তি (ইন্দ্রাদি) তাঁহারা পরাপেক্ষী, তাঁহারা কি ঈশ্বর ?॥ ১৩॥

অপর কোন কোন ব্যক্তিতে (পরশুরামাদিতে) ধর্ম্ম আছে সত্য, কিন্তু সর্ব্বপ্রাণির প্রতি দয়া নাই, কোন কোন রাজার (শিবি প্রভৃতির) ত্যাগ আছে কিন্তু মোক্ষার্থ ত্যাগ নাই, কোন কোন পুরুষের (কার্ত্তবীর্য্যার্জ্জুনাদির) বীর্য্য আছে কিন্তু তাহা কালবেগে পরিহৃত নহে, যাঁহারা (সনকাদি) গুণসঙ্গ বর্জ্জিত তাঁহারা সমাধি নিষ্ঠ সুতরাং আমার সহচর হইতে পারেন না॥ ১৪॥

কোন কোন ব্যক্তি (মার্কণ্ডেয়াদি) চিরজীবী সত্য, কিন্তু তাঁহাদের মঙ্গল শীল নাই, কোন কোন ব্যক্তিতে (হিরণ্যকশিপু প্রভৃতিতে) মঙ্গল শীল আছে কিন্তু তাঁহাদের আয়ুঃ স্থৈর্য্য দুর্জ্ঞেয়, যদিও এক

যত্রোভয়ং কুত্র চ সোঽপ্যমঙ্গলঃ সুমঙ্গলঃ কশ্চন কাঙ্ক্ষতে হি মাং ॥ ১৫ ॥
এবং বিমৃষ্যাব্যভিচারিসদ্গুণৈর্বরং নিজৈকাশ্রয়তাগুণাশ্রয়ং ।

শ্রীধরস্বামী ।

শ্চেত্ত্বাত্তয়মস্তি নচাঙ্গঃ পূর্ব্বোক্তঃ কশ্চিদ্দোষঃ তথাপি সোঽপ্যমঙ্গলঃ শ্মশানবাসাদ্যমঙ্গলচেষ্টিতঃ । শ্রীমুকুন্দং লক্ষ্যীকৃত্যাহ কশ্চেতি । কশ্চিৎ সুমঙ্গলঃ নিরবদ্যঃ সতু মাং নহি কাঙ্ক্ষতে আত্মারামত্বাৎ ॥ ১৫ ॥

এবং বিমৃষ্য রমা নিরপেক্ষমপি মুকুন্দমেব বরং বব্রে তৎ কিং অব্যভিচারিভিঃ সদ্ভির্ধর্ম্মজ্ঞানাদিভির্গুণৈর্নিজৈকাশ্রয়তয়া চ নৈরপেক্ষ্যেণ বরং সর্ব্বোত্তমং । তত্র হেতুঃ অগুণাশ্রয়ং প্রকৃতিগুণাতীতং । আশ্রয়তেতি পাঠান্তরেঽপ্যয়মেবার্থঃ । অতএব

ক্রমসন্দর্ভঃ ।

কিন্ত্বায়ুর্বোবেদ্যং বেদনং নাস্তি । মরণানিশ্চয়াৎ । যত্র শিবে মঙ্গলস্বভাবো নিত্যত্বাচ্চায়ুর্বোবেদ্যত্বং চেত্ত্বাত্তয়মপ্যস্তি সোঽপ্যমঙ্গলঃ । বহিঃ শ্মশানবাসাদ্যমঙ্গলচেষ্টিতঃ । শ্রীমুকুন্দং লক্ষ্যীকৃত্যাহ যঃ কশ্চন কোঽপি তত্তদ্গুণাতিক্রমণানন্তগুণত্বাত্তদ্দোষ হীনত্বাচ্চ সুমঙ্গলঃ । অতিশয়েন সর্ব্বেষাং মঙ্গলনিধানরূপঃ সতু মাং স্বরূপেণ পরমানন্দরূপাং শক্ত্যাচ সর্ব্বগুণসম্পত্তিদায়িনীমপি ন হি কাঙ্ক্ষতি । সএব স্বরূপগুণসম্পত্তিভিঃ পূর্ণ ইত্যর্থঃ । অথচ প্রেমবশোঽসৌ প্রেমবতীং মাং কথং নাকাঙ্ক্ষেদিত্যভিপ্রেত্য শ্লেষেণ কশ্চন কোঽপি সুমঙ্গলোঽসৌ হি নিশ্চিতং মাং কাঙ্ক্ষতীত্যপি ভাবিতং । ইদমত্র তত্ত্বং । পরমানন্দরূপে তস্মিন্ গুণাদিসম্পল্লক্ষণানন্তশক্তিবৃত্তিকা স্বরূপশক্তির্দ্বিধা বিরাজতে । তদন্তরেঽনভিব্যক্ত নিজমূর্ত্তিত্বেন তদ্বহিরপ্যভিব্যক্ত লক্ষ্ম্যাখ্যমূর্ত্তিত্বেন । ইয়ঞ্চ মূর্ত্তিমতী সর্ব্বগুণসম্পদধিষ্ঠাত্রী ভবতি । ততঃ স্বস্মিন্ পরমানন্দত্বস্য সর্ব্বগুণসম্পত্তেশ্চ স্বরূপসিদ্ধপরমপূর্ণত্বাৎ । উভয়থাপি ন তাং পৃথগ্ভূয় স্থিতাং মূর্ত্তিমতীমপেক্ষতে যথা স্বয়ঃ । কিন্তু ভক্তবশতা স্বভাবেন তাং প্রেমবতীমপেক্ষ্যত এবেতি ॥ ১৫ ॥

প্রকরণং নিগময়তি এবমিতি । মুকুন্দং বরং বব্রে ইত্যন্বয়ঃ । তং বিশিনষ্টি । অব্যভিচারিভিঃ সদ্ভির্নির্দ্দোষৈশ্চ গুণৈর্বরং সর্ব্বোত্তমং নিজৈকাশ্রয়তয়া অন্ত নিরপেক্ষত্বৈনেব চ গুণাশ্রয়ং । স্বরূপসিদ্ধ তত্তদ্গুণমিত্যর্থঃ । অতএব তেষাং গুণানাং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

চিরায়ুষ্টং চ সচ মহাদেবঃ অমঙ্গলঃ শ্মশানবাসাদ্যমঙ্গলচেষ্টিতঃ । ভগবন্তং লক্ষ্যীকৃত্যাহ শোভনানি মঙ্গলান্যেব যত্রেতি পূর্ব্বোক্তানাং দোষাণাং স্বরূপত এবামঙ্গলত্বাৎ গুণানাঞ্চ প্রাকৃতানাং নশ্বরত্বেন কল্যাণবত্ত্বাভাবাৎ তে গুণা দোষাশ্চ নৈব সুমঙ্গলা ইতি ভাবঃ । কিঞ্চ । পূর্ব্ব পূর্ব্ববদস্মিন্নপ্যেকোদোষোঽস্তীতি ব্যাজস্তুত্যা দোষমাহ ন কাঙ্ক্ষতে মাং নাপেক্ষত ইতি নিরপেক্ষত্বলক্ষণঃ সর্ব্ববিলক্ষণো মহাগুণোঽত্রৈব দৃষ্ট ইতি ভাবঃ ॥ ১৫ ॥

এবং বিমৃশ্য রমা নিরপেক্ষমপি মুকুন্দং এব বরং বব্রে । নন্ত সতাং নাপেক্ষতে চেৎ সাপি তং নাপেক্ষতাং তত্রাহ সর্ব্বৈরণিমাদিভির্গুণৈঃ পেক্ষিতং অয়ম্ভাবঃ তস্যা যথা যং স্বয়ং নিরপেক্ষোঽপি স্বমপেক্ষমাণা অণিমাদি সিদ্ধীর্নোপেক্ষতে তথা মামপি

শুকদেব কহিলেন, রাজন্! শ্রীবৎসাঙ্ক ভগবান্ এই প্রকারে সৎকার করিলে দেবদেব সম্ভাষণ পূর্ব্বক তাঁহাকে প্রদক্ষিণ করিলেন, পরে আপনার গণ ভূতগণ সমভিব্যাহারে স্বস্থানে প্রস্থান করিলেন। তদনন্তর আপনার অংশরূপিণী সেই মায়া রূপা ভবানী, যিনি প্রধান মুনিদিগের সম্মতা, তাঁহার প্রতি প্রীতি প্রকাশ করিতে করিতে প্রিয় বচনে কহিতে লাগিলেন। প্রিয়ে! পরদেবতা পরমপুরুষ ভগবানের মায়া অবলোকন করিলে, আমি সকল কলার অধীশ্বর, আমিও ইহার বশগ হইয়া মুগ্ধ হইয়াছিলাম, ইহাতে অন্য অস্বতন্ত্র ব্যক্তিদের কথা কি? হে সতি! সহস্র বৎসর পরে আমি যোগ হইতে উপরত হইলে, তুমি যাহার কথা আমাকে জিজ্ঞাসা করিয়াছিলে, উনি সাক্ষাৎ সেই

স এষ সাক্ষাৎ পুরুষঃ পুরাণো ন যত্র কালো বিশতে ন বেদঃ ॥ ২৬ ॥

শ্রীশুক উবাচ ॥

ইতি তেঽভিহিতস্তাত বিক্রমঃ শার্ঙ্গধন্বনঃ। সিন্ধোর্নির্ম্মথনে যেন ধৃতঃ পৃষ্ঠে মহাচলঃ ॥ ২৭ ॥

এতন্মুহুঃ কীর্ত্তয়তোঽনুশৃণ্বতো ন রিষ্যতে জাতু সমুদ্যমঃ ক্বচিৎ।

যদুত্তমঃশ্লোকগুণানুবর্ণনং সমস্তসংসারপরিশ্রমাপহং ॥ ২৮ ॥

অসদবিষয়মঙ্ঘ্রিং ভাবগম্যং প্রপন্নানমৃতমমরবর্য্যানাশয়ৎ সিন্ধুমথ্যং।

কপটযুবতিবেশো মোহয়ন্ যঃ সুরারীংস্তমহমুপসৃতানাং কামপূরং নতোঽস্মি ॥ ২৯ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে শ্রীশঙ্কর-মোহনো নাম দ্বাদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১২ ॥ * ॥

শ্রীধরস্বামী।

অষ্টাধ্যায়ার্থ নিগমনমিতীতি ॥ ২৭ ॥

এতৎ কীর্ত্তনাদৌ ফলমাহ এতদিতি ॥ ২৮ ॥

ভগবতা কৃতং ভক্তপক্ষপাতং স্মরন্নমস্করোতি। অসতামবিষয়ং ভাবো ভজনং তেন গম্যং অঙ্ঘ্রিং প্রপন্নান্ সিন্ধুমথ্যং সিন্ধোর্মথনে জাতমমৃতং য আশয়ৎ অপায়য়ৎ ॥ ২৯ ॥

॥ * ॥ ইত্যষ্টমে দ্বাদশঃ। ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

অসদবিষয় ইত্যাদিনা বহির্ম্মুখ নিষ্কাম সকামভক্তাঃ ক্রমেণ দর্শিতাঃ ॥ ২৯ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে দ্বাদশোঽধ্যায়ঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ন বিশতে ইতি। কালঃ সর্ব্বত্র প্রভবিতুং বিশন্নপি যত্র ন বিশতি বেদঃ সর্ব্বং জানন্নপি যত্র জ্ঞাতুং ন বিশতি কালবেদয়োরপি যো ন গম্য ইত্যর্থঃ ॥ ২৬ ॥ ২৭ ॥

ন রিষ্যতে ন নশ্যতি ॥ ২৮ ॥

অঙ্ঘ্রিং প্রপন্নানমরবর্য্যান্ সিন্ধুমথ্যং সিন্ধুমথনোদ্ভূতমমৃতং য আশয়ৎ অভোজয়ৎ কপটঃ যুবতিবেশেন যস্য সঃ ॥ ২৯ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। অষ্টমে দ্বাদশোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

পুরাণ পুরুষ, উহাঁর মধ্যে কালও প্রবেশ করিতে পারে না, বেদও প্রবিষ্ট হইতে সক্ষম নহেন ॥ ২৬ ॥

শুকদেব কহিলেন, হে তাত! ভগবান্ শার্ঙ্গধন্বা, যিনি সমুদ্রমন্থন সময়ে স্বীয় পৃষ্ঠে মহাগিরি মন্দর ধারণ করিয়াছিলেন, তাঁহার বিক্রমের বিষয় এই তোমার নিকট কথিত হইল ॥ ২৭ ॥

যে ব্যক্তি ভক্তি পূর্ব্বক এই বিষয় কীর্ত্তন ও শ্রবণ করিবে তাহার কখন উদ্যম ভঙ্গ হইবে না, কারণ উত্তমঃশ্লোক ভগবানের গুণানুকীর্ত্তন সাংসারিক সমস্ত ক্লেশের বিনাশকারী ॥ ২৮ ॥

যিনি কপটতা পূর্ব্বক যুবতীবেশ ধারণানন্তর দানবদিগকে মোহিত করিয়া সমুদ্রমথনোৎপন্ন অমৃত আপনার চরণে শরণাপন্ন অমরগণকে পান করাইয়াছিলেন, যাঁহার পদ অসজ্জনের অবিষয়, কেবল উপাসনায় লভ্য হয়, তিনি আশ্রিত জনের অভিলাষ পূর্ণ করেন, আমি ভক্তি পূর্ব্বক তাঁহাকেই প্রণাম করি ॥ ২৯ ॥

॥ * ॥ ইতি অষ্টমে দ্বাদশ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

মনুর্ব্বিবস্বতঃ পুত্রঃ শ্রাদ্ধদেব ইতিশ্রুতঃ। সপ্তমো বর্ত্তমানো যস্তদপত্যানি মে শৃণু ॥

ইক্ষ্বাকুর্নভগশ্চৈব ধৃষ্টঃ শর্য্যাতিরেবচ। নরিষ্যন্তোঽথ নাভাগঃ সপ্তমোদিষ্ট উচ্যতে ॥

বারুণশ্চ পৃষধ্রশ্চ দশমো বসুমান্ স্মৃতঃ। মনোর্বৈবস্বতস্যৈতে দশপুত্রাঃ পরন্তপ ॥ ১ ॥

আদিত্যা বসবো রুদ্রা বিশ্বেদেবা মরুদ্গণাঃ। অশ্বিনাবৃভবো রাজন্নিন্দ্রস্তেষাং পুরন্দরঃ ॥

কশ্যপোঽত্রির্বসিষ্ঠশ্চ বিশ্বামিত্রোথ গোতমঃ। জমদগ্নির্ভরদ্বাজ ইতি সপ্তর্ষয়ঃ স্মৃতাঃ ॥ ২ ॥

অত্রাপি ভগবজ্জন্ম কশ্যপাদদিতেরভূৎ। আদিত্যানামবরজো বিষ্ণুর্ব্বামনরূপধৃক্ ॥ ৩ ॥

সংক্ষেপতো ময়োক্তানি সপ্তমন্বন্তরাণি তে। ভবিষ্যাণ্যথ বক্ষ্যামি বিষ্ণোঃ শক্ত্যান্বিতানি চ ॥৪॥

বিবস্বতশ্চ দ্বে জায়ে বিশ্বকর্ম্ম সুতে উভে। সংজ্ঞা ছায়াচ রাজেন্দ্র যে প্রাগভিহিতে তব ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

ত্রয়োদশেতু বর্ণ্যন্তে সপ্তমাদীন্যনুক্রমাৎ। মন্বন্তরাণি সর্ব্বাণি ষড়্বিধানি পৃথক্ পৃথক্ ॥ ০ ॥

সপ্তমাদি মন্বন্তরাণ্যাহ মনুরিত্যাদিনা যাবদধ্যায় সমাপ্তি ॥ ১ ॥ আদিত্যাদয়ো দেবা ইত্যন্বয়ঃ ॥ ২ ॥

ভগবতো জন্মাবতারত্বমেবাহ আদিত্যানাং বিবস্বান্ অর্য্যমা পূষা ইত্যাদ্যুক্তানাং মধ্যে অবরং জন্ম যস্য সঃ ॥ ৩ ॥

শক্ত্যা অবতারেণান্বিতানি ॥ ৪ ॥ অষ্টমং মনুং বক্তুং কথামাহ বৈবস্বত ইতি ত্রিভিঃ ॥ ৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

অত্রাপীতি পদ্যং স্বামীসম্মতং কিন্তু পুস্তকেষু দৃশ্যতে ॥ ১—১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মন্বন্তরাণি মন্বাদি ষট্কবন্তি সমাসতঃ। সপ্তমাদীনি কথ্যন্তে ক্রমাদত্র ত্রয়োদশে ॥ ১ ॥

আদিত্যাদয়ো দেবা ইত্যন্বয়ঃ ॥ ২—১০ ॥

ত্রয়োদশ অধ্যায়ে ক্রম পূর্ব্বক সপ্তমাদি ষড়্বিধ মন্বন্তরের পৃথক্ পৃথক্ বিবরণ ॥ ০ ॥

শুকদেব কহিলেন, বিবস্বতের পুত্র শ্রাদ্ধদেব নামে বিখ্যাত সপ্ত মনু, যিনি বর্ত্তমান, তাঁহার সন্তানদিগের বিবরণ বলিতেছি শ্রবণ কর। ইক্ষ্বাকু, নভগ, ধৃষ্ট, শর্য্যাতি, নরিষ্যন্ত, নাভাগ, দিষ্ট, বারুণ, পৃষধ্র এবং বসুমান্ এই দশটী বৈবস্বত মনুর অপত্য ॥ ১ ॥

হে শত্রুনাশন রাজন্! ঐ মন্বন্তরে আদিত্য, বসু, রুদ্র, বিশ্বেদেব, মরুদ্গণ, অশ্বিনীকুমারদ্বয় তথা ঋভুগণ দেবতা। পুরন্দর ঐ সকল দেবতার ইন্দ্র। অপর কশ্যপ, অত্রি, বসিষ্ঠ, বিশ্বামিত্র, গোতম, জমদগ্নি এবং ভরদ্বাজ এই সপ্ত ঋষি ॥ ২ ॥

হে রাজন্! ঐ মন্বন্তরেও প্রজাপতি কশ্যপ হইতে অদিতির গর্ভে ভগবান্ বিষ্ণু জন্ম গ্রহণ করেন। বিবস্বান্, অর্য্যমা, পূষা ইত্যাদি যে দ্বাদশ আদিত্য, সর্ব্বশেষে তাঁহাদের মধ্যে জন্মিয়া ঐ বিষ্ণু বামন রূপ হইয়াছিলেন ॥ ৩ ॥

হে মহারাজ! সপ্তমন্বন্তরের বিবরণ অগ্রে সংক্ষেপে বলিয়াছি, বিষ্ণুর অবতারান্বিত ভবিষ্য মন্বন্তর সকলের বিবরণ পশ্চাৎ বলিব ॥ ৪ ॥

হে রাজেন্দ্র! বিবস্বানের দুই জায়া, দুই জনই বিশ্বকর্ম্মার তনয়া, তাঁহাদের নাম সেই সংজ্ঞা ও ছায়া, যাঁহাদের বিবরণ অগ্রে বলা গিয়াছে ॥ ৫ ॥

তৃতীয়াং বড়বামেকে তাসাং সংজ্ঞাসুতাস্ত্রয়ঃ। যমো যমী শ্রাদ্ধদেবশ্ছায়ায়াশ্চ সুতান্ শৃণু ॥ ৬ ॥
সাবর্ণিস্তপতী কন্যা ভার্য্যা সম্বরণস্য যা। শনৈশ্চরস্তৃতীয়োঽভূদশ্বিনৌ বড়বাত্মজৌ ॥
অষ্টমেঽন্তর আয়াতে সাবর্ণির্ভবিতা মনুঃ। নির্ম্মোকবিরজস্কাদ্যাঃ সাবর্ণিতনয়া নৃপ ॥
তত্র দেবাঃ সুতপসো বিরজা অমৃতপ্রভাঃ। তেষাং বিরোচনসুতো বলিরিন্দ্রো ভবিষ্যতি ॥ ৭ ॥
দত্ত্বেমাং যাচমানায় বিষ্ণবে যঃ পদত্রয়ং। রাদ্ধমিন্দ্রপদং হিত্বা ততঃ সিদ্ধিমবাপ্স্যতি ॥
যোঽসৌ ভগবতা বদ্ধঃ প্রীতেন সুতলে পুনঃ। নিবেশিতোঽধিকে স্বর্গাদধুনাস্তে স্বরাড়িব ॥ ৮ ॥
গালবো দীপ্তিমান্রামো দ্রোণপুত্রঃ কৃপস্তথা। ঋষ্যশৃঙ্গঃ পিতাস্মাকং ভগবান্ বাদরায়ণঃ ॥ ৯ ॥
ইমে সপ্তর্ষয়স্তত্র ভবিষ্যন্তি স্বযোগতঃ। ইদানীমাসতে রাজন্ স্বে স্বে আশ্রমমণ্ডলে ॥

শ্রীধরস্বামী।

একে বড়বাং তৃতীয়ামাহুঃ মম তু সংজ্ঞৈব বড়বেতি মতং। তদুক্তং ষষ্ঠে। সৈব ভূত্বাথ বড়বা নাসত্যৌ সুষুবে ভুবীতি। যমশ্চ যমী চ যমুনা শ্রাদ্ধদেবশ্চেতি ত্রয়ঃ সুতাঃ ॥ ৬ ॥　　সাবর্ণিঃ পুত্রঃ ॥ ৭ ॥

পদত্রয়ং যাচমানায় ইমাং সর্ব্বাং মহীং সপ্তমে মন্বন্তরে বিষ্ণোঃ প্রসাদাদেব রাদ্ধং লব্ধমিন্দ্রপদং হিত্বেত্যর্থঃ ॥ ৮ ॥

রামঃ পরশুরামঃ দ্রোণপুত্রঃ অশ্বত্থামা ॥ ৯ ॥

ইদানীন্তু স্বযোগত আসতে ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যোঽসাবিতি পুনর্নিবেশিত ইত্যন্বয়ঃ ॥ ১০—১৮ ॥

কোন কোন ঋষিরা বলেন, বিবস্বানের তৃতীয়া বনিতা ছিল, তাহার নাম বড়বা, কিন্তু আমার মতে সংজ্ঞাই বড়বা হয়। যাহা হউক, ঐ সকল ভার্য্যার মধ্যে সংজ্ঞার তিন সন্তান হয়, যথা যম, যমী (যমুনা) এবং শ্রাদ্ধদেব। অতঃপর ছায়ার সন্তানবিবরণ বলি শ্রবণ কর ॥ ৬ ॥

ছায়ার এক পুত্র, তাহার নাম সাবর্ণি, আর তপতী নামে এক কন্যা, যিনি সম্বরণের বনিতা। ঐ ছায়ার শনৈশ্চর নামে তৃতীয় পুত্র উৎপন্ন হইয়াছিল। বিবস্বানের বড়বা নামে যে বনিতা ছিল, তাহাতে অশ্বিনীকুমারদ্বয় জন্ম গ্রহণ করেন। হে নৃপ! অষ্টম মন্বন্তর আগত হইলে সাবর্ণি মনু হইবেন। নির্ম্মোক ও বিরজস্ক প্রভৃতি ঐ মনুর পুত্র। তাঁহার সময়ে সুতপা, বিরজা এবং অমৃত-প্রভা এই সকল দেবতা এবং বিরোচন-নন্দন বলি, তাঁহাদের ইন্দ্র হইবেন ॥ ৭ ॥

ঐ বলি সামান্য নহেন, ভগবান্ বিষ্ণু তাঁহার নিকট গিয়া তিন পদমাত্র ভূমি যাচ্ঞা করিলে, তিনি সমস্ত পৃথিবী দান করেন এবং সপ্তম মন্বন্তরে ভগবানেরই প্রসাদে লব্ধ ইন্দ্রত্ব পদ পরিত্যাগ করিয়া সিদ্ধ প্রাপ্ত হইবেন। হে রাজন্! ভগবান্ প্রীত হইয়া ঐ বলিকে বন্ধন পূর্ব্বক পুনরায় পাতালে স্থাপন করিয়াছিলেন, তাহাতে বলি স্বর্গাপেক্ষাও উৎকৃষ্ট সেই স্থানে এক্ষণে স্বর্গাধিপতির ন্যায় বাস করিতেছেন ॥ ৮ ॥

সে যাহা হউক, উল্লিখিত মন্বন্তরে গালব, দীপ্তিমান্, পরশুরাম, অশ্বত্থামা, কৃপ, ঋষ্যশৃঙ্গ এবং আমাদের পিতা ভগবান্ বাদরায়ণ (ব্যাস) ॥ ৯ ॥

এই সাত জন ঋষি হইবেন, তাঁহারা এক্ষণে যোগাবলম্বন করিয়া স্ব স্ব আশ্রমে অবস্থিতি করিতে-ছেন। হে রাজন্! ঐ অষ্টম মন্বন্তরে দেবগুহ্য হইতে সরস্বতীর গর্ভে ভগবান্ অবতীর্ণ হইয়া সার্ব্ব-

দেবগুহ্যাৎ সরস্বত্যাং সার্ব্বভৌম ইতি প্রভুঃ। স্থানং পুরন্দরাদ্ধৃত্বা বলয়ে দাস্যতীশ্বরঃ॥
নবমো দক্ষসাবর্ণির্ম্মনুর্ব্বরুণসম্ভবঃ। ভূতকেতুর্দীপ্তকেতুরিত্যাদ্যাস্তৎসুতা নৃপ॥
পারা মরীচিগর্ভাদ্যা দেবা ইন্দ্রোঽদ্ভুতঃ স্মৃতঃ। দ্যুতিমৎপ্রমুখাস্তত্র ভবিষ্যন্ত্যৃষয়স্ততঃ॥ ১০॥
আয়ুষ্মতোঽম্বুধারায়ামৃষভো ভগবান্ কিল। ভবিতা যেন সংরাদ্ধাং ত্রিলোকীং ভোক্ষ্যতেঽদ্ভুতঃ॥
দশমো ব্রহ্মসাবর্ণিরুপশ্লোকসুতো মনুঃ। তৎসুতা ভূরিষেণাদ্যা হবিষ্মৎপ্রমুখা দ্বিজাঃ॥ ১১॥
হবিষ্মান্ সুকৃতঃ সত্যো জয়ো মূর্ত্তিস্তদা দ্বিজাঃ। সুবাসনা বিরুদ্ধাদ্যা দেবাঃ শম্ভুঃ সুরেশ্বরঃ॥১২
বিষ্বক্সেনো বিসূচ্যাস্তু শম্ভোঃ সখ্যং করিষ্যতি। জাতোঽংশাংশেন ভগবান্ গৃহে বিশ্বসৃজো বিভুঃ॥১৩
মনুর্বৈ ধর্ম্মসাবর্ণিরেকাদশম আত্মবান্। অনাগতাস্তৎসুতাশ্চ সত্যধর্ম্মাদয়ো দশ॥
বিহঙ্গমাঃ কালগমা নির্ব্বাণরুচয়ঃ সুরাঃ। ইন্দ্রশ্চ বৈধৃতস্তেষামৃষয়শ্চারুণাদয়ঃ।
আর্য্যকস্য সুতস্তত্র ধর্ম্মসেতুরিতি স্মৃতঃ। বৈধৃতায়াং হরেরংশস্ত্রিলোকীং ধারয়িষ্যতি।

শ্রীধরস্বামী।

অদ্ভুত ইন্দ্রঃ॥ ১১॥
হবিষ্মৎ প্রমুখা ইত্যুক্তানামেব কেষাঞ্চিন্নামান্যাহ হবিষ্মানিতি॥ ১২॥
বিসূচ্যাং জাতঃ সন্॥ ১৩॥
একাদশম ইত্যাদিরার্ধঃ॥ ১৪॥

ক্রমসন্দর্ভঃ।

অদ্ভুত ইন্দ্রঃ॥ ১১॥ ১২॥ বিষূচ্যাং জাতঃ সন্॥ ১৩॥ ১৪॥

ভৌম এই নামে বিখ্যাত হইবেন। সেই ঈশ্বর পুরন্দর সকাশাৎ স্থান হরণ করিয়া বলিকে প্রদান করিবেন। অতঃপর নবম মনুর বিবরণ বলি শ্রবণ কর। দক্ষসাবর্ণি নবম মনু, বরুণ হইতে তাঁহার উদ্ভব। ভূতকেতু, দীপ্তকেতু ইত্যাদি তাঁহার তনয়। এই মন্বন্তরে পার, মরীচিগর্ভ প্রভৃতি দেবতা, অদ্ভুত তাঁহাদের ইন্দ্র এবং দ্যুতিমান্ প্রভৃতি সপ্তর্ষি হইবেন॥ ১০॥

অপর আয়ুষ্মান্ হইতে অম্বুধারার গর্ভে ভগবান্ বিষ্ণু জন্ম গ্রহণ করিয়া সেই ঋষভ নামে বিখ্যাত হইবেন, যিনি তৎকালীন অদ্ভুত নামক ইন্দ্রকে সর্ব্ব সম্পৎ সমৃদ্ধা ত্রিলোকী ভোগ করাইবেন। হে রাজন্! দশম মনুর নাম ব্রহ্মসাবর্ণি। তিনি উপশ্লোকের পুত্র। ভূরিসেন প্রভৃতি ঐ মনুর সন্তান। ঐ মন্বন্তরে হবিষ্মান্ প্রভৃতি ব্রাহ্মণ॥ ১১॥

অর্থাৎ হবিষ্মান্, সুকৃত, সত্য, জয়, মূর্ত্তি ইত্যাদি ঋষি। আর সুবাসন অবিরুদ্ধাদি দেব এবং শম্ভু নামে দেবেশ্বর॥ ১২॥

দশম মন্বন্তরে ভগবান্ বিভু বিশ্বসৃক্ বিপ্রের গৃহে বিসূচির গর্ভে অংশাংশে জন্ম গ্রহণ করিয়া বিষ্বক্সেন নামে বিখ্যাত হইবেন এবং তৎকালীন দেবরাজ শম্ভুর সহিত তাঁহার সখ্য হইবে॥ ১৩॥

একাদশ মনু ধর্ম্মসাবর্ণি তাঁহার সত্য ধর্ম্মাদি দশটী পুত্র হইবে। ঐ মন্বন্তরে বিহঙ্গম, কালগম এবং নির্ব্বাণরুচি প্রভৃতি দেবতা, বৈধৃত তাঁহাদের ইন্দ্র, অরুণাদি ঋষি এবং ভগবান্ হরি একাংশে বৈধৃতার গর্ভে জন্ম লইয়া আর্য্যকের পুত্র হওত ধর্ম্মসেতু নামে প্রসিদ্ধ হইবেন। হে রাজন্! সে সময় হরির ঐ অংশই ত্রিলোকী ধারণ করিবেন। তদনন্তর দ্বাদশ মনু রুদ্রসাবর্ণি, তাঁহার পুত্র দেববান্,

ভবিতা রুদ্রসাবর্ণী রাজন্ দ্বাদশমো মনুঃ। দেববানুপদেবশ্চ দেবশ্রেষ্ঠাদয়ঃ সুতাঃ।
গন্ধধামাচ তত্রেন্দ্রো দেবাশ্চ হরিতাদয়ঃ। ঋষয়শ্চ তপোমূর্ত্তিস্তপস্ব্যগ্নীধ্রকাদয়ঃ॥ ১৪॥
স্বধামাখ্যো হরেরংশঃ সাধয়িষ্যতি তন্মনোঃ। অন্তরং সত্যসহসঃ সূনৃতায়াঃ সুতো বিভুঃ॥
মনুস্ত্রয়োদশো ভাব্যো দেবসাবর্ণিরাত্মবান্। চিত্রসেনবিচিত্রাদ্যা দেবসাবর্ণিদেহজাঃ।
দেবাঃ সুকর্ম্ম সূত্রাম সংজ্ঞা ইন্দ্রো দিবস্পতিঃ। নির্ম্মোক তত্ত্বদর্শাদ্যা ভবিষ্যন্ত্যৃষয়স্তদা॥ ১৫॥
দেবহোত্রস্য তনয় উপহর্ত্তা দিবস্পতেঃ। যোগেশ্বরো হরেরংশো বৃহত্যাং সংভবিষ্যতি॥
মনুর্ব্বা ইন্দ্রসাবর্ণিশ্চতুর্দ্দশম এষ্যতি। উরুগম্ভীর ব্রহ্মাদ্যা ইন্দ্রসাবর্ণি বীর্য্যজাঃ॥
পবিত্রাশ্চাক্ষুষা দেবাঃ শুচিরিন্দ্রো ভবিষ্যতি। অগ্নিবাহুঃ শুচিঃ শুদ্ধো মাগধাদ্যাস্তপস্বিনঃ॥১৬॥
সত্রায়ণস্য তনয়ো বৃহদ্ভানুস্তদা হরিঃ। বিনতায়াং মহারাজ ক্রিয়াতন্তূন্ বিতারিতা॥ ১৭॥
রাজংশ্চতুর্দ্দশৈতানি ত্রিকালানুগতানি তে। প্রোক্তান্যেভির্ম্মিতঃ কল্পো যুগসাহস্রপর্য্যয়ঃ॥১৮॥

শ্রীধরস্বামী।

তস্য মনোরন্তরং সাধয়িষ্যতি সত্যসহসঃ সূনৃতায়াঃ সুতঃ সন্॥ ১৫॥
দিবস্পতেরিন্দ্রস্য উপহর্ত্তা সম্পাদকো ভবিষ্যতি॥ ১৬॥
ক্রিয়াতন্তূন্ ক্রিয়াসন্ততীঃ বিতারিতা বিস্তারয়িষ্যতি॥ ১৭॥
যুগসাহস্রেণ পর্য্যয়ঃ পরিবর্ত্তো যস্য যুগসাহস্রপ্রমাণ ইত্যর্থঃ॥ ১৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মনোরন্তরং মন্বন্তরমিত্যর্থঃ। সহসঃ পিতুঃ॥ ১৫॥
দিবস্পতেরিন্দ্রস্য উপহর্ত্তা উপকর্ত্তা॥ ১৬॥
তপস্বিন ঋষয়ঃ॥ ১৭॥
যুগসহস্রেণ পর্য্যয়োহংশো যস্য সঃ॥ ১৮॥

উপদেব এবং দেবশ্রেষ্ঠাদি। ঐ মন্বন্তরে হরিতাদি দেবতা, গন্ধধামা দেবরাজ। আর তপোমূর্ত্তি, তপস্বী, অগ্নীধ্র প্রভৃতি ঋষি॥ ১৪॥

এবং ভগবান্ হরির অংশ সত্যসহা ব্রাহ্মণের সুনৃতা নাম্নী ভার্য্যায় উৎপন্ন হইয়া স্বধামা নামে বিখ্যাত হইবেন, তাঁহা হইতে ঐ মনুর অন্তর অতিশয় প্রসিদ্ধ হইবে॥

ভাবী ত্রয়োদশ মনু দেবসাবর্ণি। চিত্রসেন প্রভৃতি তাঁহার আত্মজ সেই মন্বন্তরে সুকর্ম্মা সুমিত্রাদি দেবতা, দিবস্পতি দেবরাজ এবং নির্ম্মোক তত্ত্বদর্শাদি ঋষি হইবেন॥ ১৫॥

ঐ সময়ে ভগবান্ হরি বৃহতীর গর্ব্ভে এক অংশে উৎপন্ন হইয়া দেবহোত্রের তনয় হইবেন এবং যোগেশ্বর নামে প্রসিদ্ধ হওত তাৎকালিক দিবস্পতি নামক দেবরাজের কার্য্য সম্পাদন করিবেন।

তদনন্তর ইন্দ্রসাবর্ণি নামে চতুর্দ্দশ মনু হইবেন। উরু গম্ভীর ব্রহ্ম প্রভৃতি তাঁহার পুত্র হইবে। ঐ মন্বন্তরে পবিত্র চাক্ষুষ প্রভৃতি দেবতা, শুচি নামে দেবরাজ এবং অগ্নিবাহু, শুচি, শুদ্ধ, মাগধ প্রভৃতি মহা তপস্বী ঋষি হইবেন॥ ১৬॥

হে মহারাজ! ঐ মন্বন্তরে ভগবান্ হরি বিনতার গর্ব্ভে জন্ম গ্রহণ করিয়া সত্রায়ণের তনয় হইবেন এবং বৃহদ্ভানু নামে প্রসিদ্ধ হওত ক্রিয়াকলাপ বিস্তার করিবেন॥ ১৭॥

রাজন্! বর্ত্তমান ভূত ভবিষ্যৎ এই কালত্রয়ের অনুগত চতুর্দ্দশ মনুর বিবরণ এই তোমার নিকট কীর্ত্তন করিলাম। এই চতুর্দ্দশ মনু পরিমিত কাল সহস্রযুগ প্রমাণ॥ ১৮॥

॥ * ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে মন্বন্তরানুবর্ণনে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥*॥ ১২ ॥ * ॥

শ্রীরাজোবাচ ॥

মন্বন্তরেষু ভগবন্ যথা মন্বাদয়স্ত্বিমে। যস্মিন্ কর্ম্মণি যে যেন নিযুক্তাস্তদ্বদস্ব মে ॥ ১ ॥

শ্রীশুক উবাচ ॥

মনবো মনুপুত্রাশ্চ মুনয়শ্চ মহীপতে। ইন্দ্রাঃ সুরগণাশ্চৈব সর্ব্বে পুরুষশাসনাঃ ॥ ২ ॥

যজ্ঞাদয়ো যাঃ কথিতাঃ পৌরুষ্যস্তনবো নৃপ। মন্বাদয়ো জগদ্যাত্রাং নয়ন্ত্যাভিঃ প্রচোদিতাঃ ॥৩

চতুর্যুগান্তে কালেন গ্রস্তান্ শ্রুতিগণান্ যথা। তপসা ঋষয়োঽপশ্যন্ যতো ধর্ম্মঃ সনাতনঃ ॥৪॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইত্যষ্টমে ত্রয়োদশঃ ॥ * ॥

চতুর্দ্দশেতু সর্ব্বেষাং মন্বাদীনাং যথাযথং। পৃথক্ কর্ম্মাণি বর্ণ্যন্তে ভগবদ্বশবর্ত্তিনাং ॥ ১ ॥

পুরুষেণ ঈশ্বরেণ যজ্ঞাদ্যবতারৈঃ শাস্যন্তে নিযুজ্যন্তে ইতি তথা ॥ ২ ॥

তদেবাহ যজ্ঞাদয় ইতি ॥ ৩ ॥

ঋষ্যাদীনাং কর্ম্মাণ্যাহ চতুর্যুগান্ত ইতি চতুর্ভিঃ। যতো যেভ্যঃ শ্রুতিগণেভ্যঃ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃত ক্রমসন্দর্ভে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ * ॥

চতুর্যুগান্ত ইতি ব্যাসস্তু তান্ শ্রুতিগণান্ ব্যস্যতীতি ভাবঃ ॥ ১—৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ত্রয়োদশোষ্টমস্যায়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

মন্বাদীনান্তু কর্ম্মাণি যস্মাং যানি ভবন্ত্যথ। চতুর্দ্দশে প্রকথ্যন্তে তেষাং তানি পৃথক্ পৃথক্ ॥ ১ ॥

পুরুষেণ যজ্ঞাদ্যবতাররূপেণ শাস্যন্ত ইতি তে তথা ॥ ২ ॥

শাসনমাহ যজ্ঞাদয় ইতি ॥ ৩ ॥

ঋষ্যাদীনাং কর্ম্মাণ্যাহ চতুর্যুগান্তে যতঃ যেভ্যঃ ॥ ৪ ॥

॥ * ॥ ইতি অষ্টমে ত্রয়োদশ ॥ * ॥

চতুর্দ্দশ অধ্যায়ে ভগবদ্বশবর্ত্তি মন্বাদি সকলের পৃথক্ পৃথক্ কর্ম্মাদি বর্ণন ॥ ০ ॥

রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন, ভগবন্! মন্বন্তর সকলে এই সকল মন্বাদি যে প্রকারে, যাঁহা কর্ত্তৃক, যে কর্ম্মে নিযুক্ত হন, অনুগ্রহ পূর্ব্বক বলিতে আজ্ঞা হউক ॥ ১ ॥

শুকদেব কহিলেন, রাজন্! সমুদায় মনু, সকল মনুপুত্র, সমস্ত মুনি, তাবৎ ইন্দ্র, যাবন্ত দেবতা, সকলেই পরম পুরুষ ঈশ্বর কর্ত্তৃক যজ্ঞাদি অবতার দ্বারা নিয়োজিত হইয়া থাকেন ॥ ২ ॥

তত্তন্মন্বন্তরে যজ্ঞ প্রভৃতি যে সকল পৌরুষী মূর্ত্তি অর্থাৎ ঈশ্বরাবতারের কথা বলিয়াছি, সেই সমস্ত মূর্ত্তি-কর্ত্তৃক নিয়োজিত হইয়া মনু প্রভৃতিরা জগতের কার্য্য নির্ব্বাহ করিবেন ॥ ৩ ॥

হে রাজন্! চতুর্যুগান্তে শ্রুতিগণ কালগ্রস্ত হইয়াছিল, তত্তন্মন্বন্তরে ঋষিগণ স্ব স্ব তপোযোগে সে সকল দর্শন করেন, সেই সমস্ত শ্রুতি হইতেই সনাতন ধর্ম্ম পুনরায় প্রকটিত হয় ॥ ৪ ॥

ততো ধর্ম্মং চতুষ্পাদং মনবো হরিণোদিতাঃ। যুক্তাঃ সঞ্চারয়ন্ত্যদ্ধা স্বে স্বে কালে মহীং নৃপ ॥৫
পালয়ন্তি প্রজাপালা যাবদন্তং বিভাগশঃ। যজ্ঞভাগভুজো দেবা যে চ তত্রান্বিতাশ্চ তৈঃ ॥
ইন্দ্রো ভগবতা দত্তাং ত্রৈলোক্যশ্রিয়মূর্জ্জিতাং। ভুঞ্জানঃ পাতি লোকাংস্ত্রীন্ কামং লোকে প্রবর্ষতি ॥৬
জ্ঞানঞ্চানুযুগং ব্রূতে হরিঃ সিদ্ধস্বরূপধৃক্। ঋষিরূপধরঃ কর্ম্মযোগং যোগেশরূপধৃক্ ॥ ৭ ॥
সর্গং প্রজেশরূপেণ দস্যূন্ হন্যাৎ স্বরাড়্বপুঃ। কালরূপেণ সর্ব্বেষামভবায় পৃথগ্গুণঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

উদিতা উক্তা যুক্তাঃ সংযতাঃ সন্তো মহীং ধর্ম্মং সঞ্চারয়ন্তি মহ্যাং ধর্ম্মং প্রবর্ত্তয়ন্তীত্যর্থঃ ॥ ৫ ॥

প্রজাপালা মনুপুত্রাস্তং ধর্ম্মং পালয়ন্তি যাবদন্তং যাবন্মন্বন্তরাবসানং বিভাগশঃ পুত্রপৌত্রাদিক্রমেণ যে চান্যে দ্যাবা পৃথিব্যাদয়ো যত্র কর্ম্মণি ভোক্তৃত্বেনান্বিতাস্তৈশ্চ সহ ॥ ৬ ॥

প্রসঙ্গাদ্রূপান্তরৈরপি জগদ্যাত্রা প্রবর্ত্তনমাহ জ্ঞানমিতি দ্বাভ্যাং। সিদ্ধাঃ সনকাদয়ঃ ঋষয়ো যাজ্ঞবল্ক্যাদয়ঃ যোগেশা দত্তাত্রেয়াদয়ঃ তত্তদ্রূপঃ সন্ জ্ঞানং কর্ম্ম চ যোগঞ্চ ব্রূতে ॥ ৭ ॥

প্রজেশা মরীচ্যাদয়স্তেন রূপেণ সর্গং করোতীতি শেষঃ। স্বরাড়্বপূ রাজমূর্ত্তিঃ সর্ব্বেষাং অভবায় ভবতি পৃথগ্বিধা গুণাঃ শীতোষ্ণাদয়ো যস্য ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

যত্রানুকীর্ত্তিতা ইতি পাঠঃ প্রায়ঃ সর্ব্বত্র। যত্রান্বিতাশ্চ তৈরিত্যেব পাঠঃ স্বামিসম্মতঃ ॥ ৬—৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মহীং ধর্ম্মং সঞ্চারয়ন্তি মহ্যাং ধর্ম্মং প্রবর্ত্তয়ন্তীত্যর্থঃ ॥ ৫ ॥

প্রজাপালা মনুপুত্রাস্তং ধর্ম্মং পালয়ন্তি যাবদন্তং মন্বন্তরাবতারপর্য্যন্তং বিভাগশঃ পুত্রপৌত্রাদিক্রমেণ যে চ দেবাস্তে চ পালয়ন্তি ॥

মন্বাদিরূপেণ হরিরেব সর্ব্বং করোতীতি জ্ঞাপয়ন্ মন্বাদীনাং ষট্কমপি ন নিয়তমিত্যুক্তানুক্তং সংক্ষেপেণাহ জ্ঞানমিতি দ্বাভ্যাং সিদ্ধাঃ সনকাদয়ঃ যোগেশা দত্তাদয়ঃ ॥ ৬ ॥ ৭ ॥

প্রজেশা মরীচ্যাদয়ঃ স্বরাজো মনুপুত্রাঃ। কালা যৌবনবার্দ্ধকাদয়ঃ। অভবায় নাশায় ভবতি। পৃথগ্বিধঃ স্থৌল্যকার্শ্য বাধির্য্য পালিত্যাদয়ো গুণা যতঃ সঃ ॥ ৮ ॥

এবং তদনন্তর ভগবান্ হরির আদেশে মনুগণ স্ব স্ব কালে সংযত হইয়া অবনীমণ্ডলে চতুষ্পাদ ধর্ম্ম প্রবর্ত্ত করান্ ॥ ৫ ॥

প্রজাপাল অর্থাৎ মনুপুত্র সকল তত্তন্মন্বন্তরাবসান পর্য্যন্ত পুত্রপৌত্রাদিক্রমে ঐ ধর্ম্ম পালন করেন। অপর যে সকল দ্যাবা পৃথিব্যাদি যে কর্ম্মে ভোক্তৃস্বরূপে অন্বিত এবং যে সমস্ত দেবতা যজ্ঞভাগভোগী, তাঁহাদের সহিত দেবরাজ ইন্দ্র ভগবদ্দত্ত ত্রৈলোক্যশ্রী ভোগ করত ত্রিলোকী পালন করেন। ঐ ইন্দ্র হইতেই লোকে প্রচুর বারিবর্ষণ হইয়া থাকে ॥ ৬ ॥

হে রাজন্! ভগবান্ হরি প্রত্যেক যুগে সনকাদি সিদ্ধ রূপ ধারণ করিয়া জ্ঞানোপদেশ, যাজ্ঞবল্ক্যাদি ঋষি রূপ ধারণ করিয়া কর্ম্মোপদেশ এবং দত্তাত্রেয়াদি যোগেশ রূপ ধারণ পূর্ব্বক যোগোপদেশ করেন ॥ ৭ ॥

তিনি মরীচ্যাদি প্রজাপতি রূপী হইয়া প্রজাসৃষ্টি, রাজমূর্ত্তি হইয়া দস্যুবধ এবং কালরূপী হইয়া সমস্ত সংহার করিয়া থাকেন। তৎকালে তাঁহার শীতোষ্ণাদি গুণ পৃথগ্বিধ হয় ॥ ৮ ॥

স্তূয়মানো জনৈরেভির্মায়য়া নামরূপয়া। বিমোহিতাত্মভির্নানাদর্শনৈর্ন চ দৃশ্যতে ॥ ৯ ॥

এতৎকল্পবিকল্পস্য প্রমাণং পরিকীর্ত্তিতং। যত্র মন্বন্তরাণ্যাহুশ্চতুর্দ্দশ পুরাবিদঃ ॥ ১০ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে চতুর্দ্দশোঽধ্যায় ॥ * ॥ ১৪ ॥ * ॥

শ্রীরাজোবাচ ॥

বলেঃ পদত্রয়ং ভূমেঃ কস্মাদ্ধরিরযাচত। ভূত্বেশ্বরঃ কৃপণবল্লব্ধার্থোঽপি ববন্ধ তং ॥

শ্রীধরস্বামী।

নামরূপাত্মিকয়া মায়য়া বিমোহিতাত্মভিঃ এভির্জনৈর্নানাদর্শনৈঃ শাস্ত্রৈ স্তূয়মানো নিরূপ্যমাণোঽপি নৈব দৃশ্যত ইত্যর্থঃ ॥ ৯ ॥

প্রাসঙ্গিকং নিরূপ্য প্রস্তুতমেবোপসংহরতি। এতদিতি কল্পস্য বিকল্পস্য অবান্তরকল্পস্য ॥ ১০ ॥

॥ * ॥ ইতি অষ্টমে চতুর্দ্দশঃ ॥ * ॥

বলিঃ পঞ্চদশে বিশ্বজিতাচার্য্যা অযাযজন্। ততোঽসৌ স্বর্গমজয়ত্তয়াদ্দেবা নিলিল্যিরে। অত্রৈর্য্যত্তে নবাধ্যায্যা বামং বামনচেষ্টিতং। নিগ্রহচ্ছলতো যত্র বলের্ভূয়াননুগ্রহঃ ॥ ০ ॥

ঈশ্বরঃ স্বয়ং কৃপণবৎ কস্মাদ্ধেতোরযাচত লব্ধার্থো ভূত্বাপি কস্মাত্তং ববন্ধ ॥ ১ ॥

ক্রমসন্দর্ভঃ।

জনৈর্নৈব দৃশ্যত ইত্যন্বয়ঃ ॥ ৯ ॥

এতদিতি কল্পাঃ ব্রহ্মদিনানি তেষু যে বিকল্পা নানাপ্রকারাস্তেষামেকস্য প্রকারস্যেত্যর্থঃ ॥ ১০ ॥

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে শ্রীজীবগোস্বামিকৃতক্রমসন্দর্ভে চতুর্দ্দশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

তুলৈশ্বর্য্য ইত্যাদি ত্রয়োদশকং। তত্র নার্য্য অর্চ্চিভিরিতি প্লুতত্বাদ্বাভাবঃ যামিতি মানিন ইত্যাদয় ঐহিকা এব জ্ঞেয়াঃ ॥ ১—২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইচ্ছামাত্রেণৈব সর্ব্বদা সর্ব্বং কর্ত্তুং সমর্থস্য ভগবত এতাবদ্ভিঃ পৃথক্ পৃথক্ প্রয়াসবত্তীরূপৈঃ কিমিতি চেত্তত্রাহ নামরূপাত্মকয়া মায়য়া বিমোহিতাত্মভিরেভিঃ শাস্ত্রজ্ঞৈর্জনৈঃ স্তূয়মানো নিরূপ্যমাণোঽপি স্বায়াদি নানাদর্শনেনৈব দৃশ্যতে জ্ঞায়তে ইত্যর্থঃ। তেন তস্য লীলৈব কীর্ত্ত্যতে বিধিৎসিতস্তুতি দুর্গমমিতি ভাবঃ ॥ ৯ ॥

এবং যত্র চতুর্দ্দশমন্বন্তরাণ্যাহুঃ। এতৎ কল্পবিকল্পস্য মহাকল্পাবান্তরকল্পস্য নৈমিত্তিকস্য প্রমাণং ॥ ১০ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। চতুর্দ্দশোঽষ্টমস্যায়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

বলির্লব্ধরথাশ্বাদিঃ কৃতাদ্বিশ্বজিতোমখাৎ। স্বর্গং গতঃ সুরা লিল্যুরিতি পঞ্চদশে কথা ॥ ০ ॥

যুদ্ধে দেবৈঃ পরাজিতা শ্রীর্যস্য সঃ। হাপিতস্তাজিতঃ। মহাত্মা উদারচিত্তঃ। অর্থানাং সমর্পণেন ॥ ১ ॥২ ॥

হে রাজেন্দ্র! লোকেরা নানাশাস্ত্র সহকারে সেই হরির তত্ত্ব নিরূপণ করিতে যত্ন করে, কিন্তু নামরূপাত্মিকা মায়ার দ্বারা তাহাদের আত্মা বিমোহিত হওয়াতে বহুল যত্নেও তাঁহাকে দেখিতে পায় না ॥ ৯ ॥

হে মহারাজ! কল্প এবং অবান্তর কল্পের প্রমাণ এই কীর্ত্তিত হইল, যাহাতে পুরাবৃত্তবেত্তারা চতুর্দ্দশ মন্বন্তর বর্ণন করিয়া থাকেন ॥ ১০ ॥

॥ * ॥ ইতি অষ্টমে চতুর্দ্দশ ॥ * ॥

পঞ্চদশ অধ্যায়ে বলির বিশ্বজিৎ যজ্ঞ, তদনন্তর ঐ বলি স্বর্গ জয় করিলে ভীতচিত্তে দেবগণের পলায়ন ॥ ০ ॥

রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন, ব্রহ্মন্! ভগবান্ হরি সর্ব্ব প্রাণির ঈশ্বর, তিনি দীনের ন্যায়

এতদ্বেদিতুমিচ্ছামো মহৎ কৌতূহলং হিনঃ। যাচ্ঞেশ্বরস্য পূর্ণস্য বন্ধনঞ্চাপ্যনাগসঃ ॥ ১ ॥

শ্রীশুক উবাচ ॥

পরাজিতশ্রীরসুভিশ্চ হাপিতো হীন্দ্রেণ রাজন্ ভৃগুভিঃ সঞ্জীবিতঃ।
সর্ব্বাত্মনাতানভজদ্ভৃগূন্ বলিঃ শিষ্যো মহাত্মার্থ নিবেদনেন ॥ ২ ॥

তং ব্রাহ্মণা ভৃগবঃ প্রীয়মাণা অযাজয়ন্ বিশ্বজিতা ত্রিনাকং।
জিগীষমাণং বিধিনাভিষিচ্য মহাভিষেকেণ মহানুভাবাঃ ॥ ৩ ॥

ততোরথঃ কাঞ্চনপট্টনদ্ধো হয়াশ্চ হর্য্যশ্ব তুরঙ্গবর্ণাঃ।
ধ্বজশ্চ সিংহেন বিরাজমানো হুতাশনাদাশ হবির্ভিরিষ্টাৎ ॥ ৪ ॥

ধনুশ্চ দিব্যং পুরটোপনদ্ধং তূণাবরিক্তৌ কবচঞ্চ দিব্যং

শ্রীধরস্বামী।

তত্র তাবদ্বলে স্ত্রিলোকীং অপহর্ত্তুং যাক্রাচ্ছলং কৃতবান্ ইতি বক্তুং ব্রাহ্মণারাধনবলেন বলেরকাণ্ড এব স্বর্গবিজয়ক্রমমাহ পরাজিত শ্রীরিত্যাদিনা যাবদধ্যায় সমাপ্তি। যুদ্ধে পরাজিতা শ্রীর্যেন ইন্দ্রেণ অসুভিশ্চ ত্যাজিতঃ সন্ ভৃগূন্ ভৃগোর্বংশ্যান্ শুক্রাদীন্ মহাত্মা উদার চিত্তঃ অর্থানাং নিবেদনেনার্পণেন ॥ ২ ॥

ত্রিনাকং স্বর্গং জেতুমিচ্ছন্তং বিশ্বজিতা যাগেন অযাজয়ন্ মহাভিষেকেণ ঐন্দ্রেণ বহ্বৃচ ব্রাহ্মণ প্রসিদ্ধেন ॥ ৩ ॥

হর্য্যশ্বস্য ইন্দ্রস্য যে তুরঙ্গাস্তেষামিব বর্ণো হরিতোযেষাং ॥ ৪ ॥

পুরটং সুবর্ণং। তূনৌ ইষুধী অতিরিক্তৌ অক্ষয়শরৌ। পিতামহঃ প্রহ্লাদঃ। জলজং শঙ্খং ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিশ্বজিতা যজ্ঞেন ॥ ৩ ॥

হর্য্যশ্বস্যেন্দ্রস্য তুরঙ্গাণামিব বর্ণা হরিতো যেষাং তে ॥ ৪ ॥

পিতামহঃ প্রহ্লাদঃ জলজং শঙ্খং ॥ ৫ ॥

হইয়া বলির নিকট ত্রিপাদ ভূমি কেন যাচ্ঞা করিয়াছিলেন? আর যাচিত অর্থ লাভ করিয়াও কি কারণ বলিকে বন্ধন করেন? হে যোগিন্! ইহার বিবরণ অবগত হইতে বাঞ্ছা করি। এ বিষয় জানিতে আমার পরম কৌতূহল জন্মিতেছে, যে হেতু পূর্ণ স্বরূপ ঈশ্বরের যাচ্ঞা এবং অনপরাধ বলির বন্ধন অতিশয় আশ্চর্য্য ব্যাপার ॥ ১ ॥

শুকদেব কহিলেন রাজন্! যুদ্ধে বলির পরাজয় এবং ইন্দ্র হইতে প্রাণনাশ হইয়াছিল সত্য, কিন্তু শুক্রাচার্য্যের অনুগ্রহে ঐ অসুররাজ পুনরায় জীবিত হন্। অতএব উদার চরিত্র মহাত্মা ঐ দানব (বলি) তদনন্তর শিষ্য হইয়া সমস্ত অর্থ সমর্পণ পূর্ব্বক সর্ব্ব প্রযত্নে শুক্রাদির উপাসনা করিতেন ॥ ২ ॥

বলির শুশ্রূষায় অচিরেই ভৃগুবংশীয়দিগের প্রীতি জন্মিল। সেই সকল মহানুভব ব্রাহ্মণ বলির স্বর্গজয়ে অভিলাষ দেখিয়া বহ্বৃচ ব্রাহ্মণে প্রসিদ্ধ মহাভিষেক দ্বারা যথাবিধি বলিকে অভিষিক্ত করিয়া বিশ্বজিৎ যজ্ঞ দ্বারা যাগ করাইতে লাগিলেন ॥ ৩ ॥

উপযুক্ত হবির্যোগে সেই যজ্ঞের হুতাশন হুত হইলে অনতিবিলম্বে তাহা হইতে কাঞ্চনপট্টবদ্ধ একখানি রথ, ইন্দ্রের তুরঙ্গম সদৃশ হরিদ্বর্ণ কতিপয় অশ্ব এবং সিংহ প্রতিমূর্ত্তিতে বিরাজমান একটী ধ্বজা ॥ ৪ ॥

তথা স্বর্ণোপনদ্ধ দিব্য ধনুঃ, অক্ষয়বাণে পরিপূর্ণ দুইটী তূণ (বাণাধার) এবং দিব্য কবচ উত্থিত

পিতামহস্তস্য দদৌর্চ মালামম্লানপুষ্পাং জলজঞ্চ শুক্রঃ॥ ৫॥
এবং স বিপ্রার্জ্জিতযোধনার্থস্তৈঃ কল্পিতস্বস্ত্যয়নোঽথ বিপ্রান্।
প্রদক্ষিণীকৃত্য কৃতপ্রণামঃ প্রহ্লাদমামন্ত্র্য নমশ্চকার॥ ৬॥
অথারুহ্য রথং দিব্যং ভৃগুদত্তং মহারথঃ। সুস্রগ্ধরোঽথ সংনহ্য ধন্বী খড়্গীধৃতেষুধিঃ॥ ৭॥
হেমাঙ্গদলসদ্বাহুঃ স্ফুরন্মকরকুণ্ডলঃ। ররাজ রথমারূঢ়ো ধিষ্ণ্যস্থ ইব হব্যবাট্॥ ৮॥
তুল্যৈশ্বর্য্য বল শ্রীভিঃ স্বযূথৈ দৈ'ত্যযূথপৈঃ। পিবদ্ভিরিব খং দৃগ্ভির্দহদ্ভিঃ পরিধীনিব॥ ৯॥
বৃতো বিকর্ষন্মহতীমাসুরীং ধ্বজিনীং বিভুঃ। যযাবিন্দ্রপুরীং স্বৃদ্ধাং কম্পয়ন্নিব রোদসী॥ ১০॥
রম্যামুপবনোদ্যানৈঃ শ্রীমদ্ভির্নন্দনাদিভিঃ। কূজদ্বিহঙ্গমিথুনৈর্গায়ন্মত্তমধুব্রতৈঃ।

শ্রীধরস্বামী।

বিপ্রৈ বর্জ্জিতঃ সংপাদিতঃ যোধনার্থো যুদ্ধপরিকরোযস্ত। তৈরেব কল্পিতং কৃতং স্বস্ত্যয়নং মঙ্গল বাচনাদি যস্য। আমন্ত্র্য স্পৃষ্ট্বা॥ ৬॥
আরুহ্য ররাজেতি দ্বয়োরন্বয়ঃ। সুস্রগ্ধরঃ শোভন মালাধরঃ॥ ৭॥
হেমাঙ্গদাভ্যাং লসন্তৌ বাহূ যস্য। ধিষ্ণ্যস্থঃ ভবনে প্রজ্বলিতঃ কুণ্ডস্থ আহবনীয় ইতি বা॥ ৮॥
তুল্যমৈশ্বর্য্যং বলং শ্রীশ্চ যেষাং তৈর্দৈত্যযূথপৈর্বৃতো যযাবিতি দ্বয়োরন্বয়ঃ। পরিধীন্ দিশঃ॥ ৯॥
স্বৃদ্ধাং অতি সমৃদ্ধাং॥ ১০॥
তথাবিধাং পুরীং অকস্মাদেব পরিত্যজ্য ইন্দ্রাদয়ঃ পলায়িতা ইতি বৈরাগ্যার্থ মিন্দ্রপুরীমনু বর্ণয়তি রম্যামিতি সার্দ্ধৈরেকা-

---

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিপ্রৈরর্জ্জিতাঃ সংপাদিতা যোধনার্থা যুদ্ধার্থকবস্তূনি যস্য সঃ। আমন্ত্র্য পৃষ্ট্বা॥ ৬। ৭। ৮॥
দৈত্য যূথপৈর্বৃতঃ সন্নিন্দ্রপুরীং যযাবিতি দ্বিতীয়েনান্বয়ঃ। পরিধীন্ দিশঃ॥ ৯। ১০॥
প্রবালাদীনামুরুর্ভারো যাসু তাঃ শাখা যেষাং তে অমরদ্রুমা যেষু তৈঃ॥ ১১॥

হইল। বলি যজ্ঞাগ্নি হইতে ঐ সকল সামগ্রী লাভ করিলে তাঁহার পিতামহ প্রহ্লাদ তাঁহাকে অম্লান পুষ্পমাল্য এবং শুক্রাচার্য্য একটী শঙ্খ প্রদান করিলেন॥ ৫॥

হে রাজন্! ভৃগুবংশীয় বিপ্রগণ এই প্রকারে বলির যুদ্ধ সামগ্রী সম্পাদন করিয়া দিয়া তাঁহার স্বস্ত্যয়ন করিলেন, বলি ঐ বিপ্রগণকে প্রণাম ও প্রদক্ষিণ করিয়া পরে পাদস্পর্শ পূর্ব্বক পিতামহ প্রহ্লাদকে প্রণাম করিলেন॥ ৬॥

তদনন্তর ভৃগুদত্ত দিব্য রথে আরোহণ করিয়া শোভন মাল্য ধারণ ও কবচ বন্ধন করিলেন, তাহার পর ধনুঃ ও খড়্গ গ্রহণ পূর্ব্বক পৃষ্ঠদেশে তূণ বান্ধিয়া লইলেন॥ ৭॥

হে রাজন্! স্বর্ণাঙ্গদ দ্বারা বলির দুই বাহু উদ্দীপ্ত এবং কর্ণদ্বয়ে মকরাকৃতি কুণ্ডল উদ্যোতিত হইতেছিল অতএব বলি রথারূঢ় হইয়া কুণ্ডলাস্থ হুতাশনের ন্যায় দীপ্তি পাইতে লাগিলেন॥ ৮॥

তদনন্তর স্ব স্ব যূথসহ দৈত্য যূথপতিগণ, যাহাদের বল ও ঐশ্বর্য্য বলির তুল্য ছিল এবং যাহারা দৃষ্টি দ্বারা যেন গগণ মণ্ডল পান ও দিক্ সকল দগ্ধ করিতেছিল॥ ৯॥

তাহারা গিয়া বলির সহিত মিলিত হইল। বলি তাহাদের দ্বারা পরিবৃত হইয়া মহতী আসুরী সেনা আকর্ষণ পূর্ব্বক সমৃদ্ধ ইন্দ্রপুরীর প্রতি যাত্রা করিলেন। তাঁহার গমন কালে স্বর্গ ও পৃথিবী যেন কম্পমান হইল॥ ১০॥

হে রাজন্! ইন্দ্রপুরীর সমৃদ্ধির কথা কি বলিব, ঐ পুরী শোভাশালি নন্দনাদি উপবন ও উদ্যান

প্রবাল ফল পুষ্পোরুভার শাখামরদ্রুমৈঃ ॥ ১১ ॥
হংস সারস চক্রাহ্ব কারণ্ডব কুলাকুলাঃ। নলিন্যো যত্র ক্রীড়ন্তি প্রমদাঃ সুরসেবিতাঃ ॥ ১২ ॥
আকাশ গঙ্গয়া দেব্যা বৃতাং পরিখভূতয়া। প্রাকারেণাগ্নিবর্ণেন সাট্টালেনোন্নতেনচ ॥ ১৩ ॥
রুক্মপট্ট কবাটৈশ্চ দ্বারৈঃ স্ফাটিকগোপুরৈঃ। জুষ্টাং বিভক্ত প্রপথাং বিশ্বকর্ম্ম বিনির্ম্মিতাং ॥১৪॥
সভা চত্বর রথ্যাঢ্যাং বিমানৈন্যর্বুদৈর্যুতাং। শৃঙ্গাটকৈর্মণিময়ৈর্বজ্রবিদ্রুম বেদিভিঃ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

দশভিঃ। উপবনানি ফল প্রধানানি নিকটানি বা উদ্যানানি পুষ্পপ্রধানানি দূরস্থানি বা তৈরম্যাং। কূজন্তি বিহঙ্গমিথুনানি যেষু। গায়ন্তো মত্তা মধুব্রতা যেষু। প্রবালাদীনামুরুর্ভারো যাসু তাঃ শাখা যেষাং তে অমরদ্রুমা যেষু তৈঃ ॥ ১১ ॥
যত্র যাসু সুরসেবিতাঃ প্রমদাঃ ক্রীড়ন্তি তাঃ হংসাদিকুলৈ রাকুলা ব্যাপ্তা নলিন্যঃ সরাংসি যত্র যেষু সন্তি তৈরুপবনোদ্যানৈ রম্যামিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ১২ ॥
কিঞ্চ পরিখা ভূতয়া আকাশগঙ্গয়া বৃতাং প্রাকারেণ চাবৃতাং। অট্টালাঃ প্রাকারোপরি রচিতানি উন্নতানি যুদ্ধস্থানানি তৎ সহিতেন ॥ ১৩ ॥
রুক্ম পট্টানি কবাটানি যেষু তৈর্দ্বারৈরবান্তরৈঃ স্ফটিকময়ৈঃ গোপুরৈশ্চ পুরদ্বারৈর্জুষ্টাং বিভক্তাঃ প্রপথা রাজমার্গা যস্যাং ॥ ১৪
সভাঃ উপবেশ স্থানানি চত্বরাণি অঙ্গনানি রথ্যা উপমার্গা স্তৈরাঢ্যাং সম্পন্নাং। ন্যর্ব্বুদং দশকোটয় স্তৈর্গণনীয়ৈ রনন্তৈ র্ব্বিমানৈর্যুতাং। বজ্রবিদ্রুমময্যো বেদয়ো যেষু তৈঃ শৃঙ্গাটকৈশ্চতুষ্পথৈর্যুতাং ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যত্র নন্দনাদি বনেষু নলিন্যঃ সরস্যঃ সন্তি। যাসু নলিনীষু প্রমদাঃ স্ত্রিয়ঃ ॥ ১২ ॥
পুরীং বিশিনষ্টি। আকাশেত্যাদি। পরিখ ভূতয়া পরিখা রূপয়া ॥ ১৩ ॥
গোপুরং পুরদ্বারং। বিভক্তাঃ প্রপথা রাজমার্গা যস্যাং তাং ॥ ১৪ ॥
সভা উপবেশ স্থানানি চত্বরান্যঙ্গনানি। রথ্যা উপমার্গাঃ। শৃঙ্গাটকৈশ্চতুষ্পথৈঃ ॥ ১৫ ॥

সমূহে অতিশয় রমণীয়, সেই সকল উপবন ও উদ্যানে বিহঙ্গমিথুন কলরব এবং মত্ত ভ্রমর সকল সুস্বরে গান করিতেছিল, তথায় যে সমস্ত অমর দ্রুম ছিল তাহাদের শাখা সকল প্রবাল ও ফল পুষ্পের গুরুভারে নত হইয়া পড়িয়াছিল ॥ ১১ ॥

অপর তত্রস্থ সরোবর সকলে সুরসেবিত প্রমদাগণ পরম কৌতুকে ক্রীড়া করিতেছিল, সেই সকল সরোবরে যে সমস্ত পদ্মিনী রহিয়াছিল, হংস, সারস, চক্রবাক্ এবং কারণ্ডবপ্রভৃতি জলচর পক্ষি সমূহে সে সকল আকুল হইতেছিল ॥ ১২ ॥

হে রাজন্! ইন্দ্রপুরী চারিদিকে পরিখা স্বরূপা আকাশ গঙ্গায় বেষ্টিত, তাহার চতুষ্পার্শ্বে অত্যুচ্চ প্রাচীর, সেই প্রাচীরের উপরে যুদ্ধ স্থান সকল বিরচিত ॥ ১৩ ॥

ঐ পুরী বিশ্বকর্ম্মার নির্ম্মিত, সেখানকার দ্বারের কবাট সকল রুক্মপট্ট, তত্রস্থ গোপুর (ফটক) সকল স্ফটিকময়, তথাকার রাজমার্গ সুন্দর রূপে বিভক্ত ॥ ১৪ ॥

অপর সেই পুরী উপবেশন স্থান অঙ্গন এবং উপমার্গ সকলে সম্পন্ন ছিল, তথায় কোটি ২ বিমান সর্ব্বদা বিরাজমান্। আর তত্রস্থ চতুষ্পথ সকলে, বজ্র বিদ্রুমাদি মণিময় বেদিকা সুশোভিত ॥ ১৫ ॥

যত্র নিত্যবয়োরূপাঃ শ্যামা বিরজবাসসঃ। ভ্রাজন্তে রূপবন্নার্য্য অর্চ্চির্ভিরিব বহ্নয়ঃ ॥ ১৬ ॥

সুরস্ত্রীকেশ বিভ্রষ্ট নবসৌগন্ধিক স্রজাং। যত্রামোদমুপাদায় মার্গ আবাতি মারুতঃ ॥ ১৭

হেমজালাক্ষ নির্গচ্ছদ্ধূমেনাগুরুগন্ধিনা। পাণ্ডুরেণ পরিচ্ছন্ন মার্গে যান্তি সুরপ্রিয়াঃ ॥ ১৮ ॥

মুক্তা বিতানৈর্মণিহেমকেতুভির্নানা পতাকা বলভীভিরাবৃতাং।

শিখণ্ডিপারাবত ভৃঙ্গনাদিতাং বৈমানিকস্ত্রীকলগীতমঙ্গলাং ॥ ১৯ ॥

মৃদঙ্গ শঙ্খানক দুন্দুভিস্বনৈঃ সতালবীণামুরজেষ্টবেণুভিঃ।

নৃত্যৈঃ সবাদ্যৈরুপদেবগীতকৈর্মনোরমাং স্বপ্রভয়াজিতপ্রভাং ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

নিত্যং বয়স্তারুণ্যং রূপঞ্চ সৌকুমার্য্যং যাসাং তাঃ রূপবন্নার্য্যঃ স্বলঙ্কৃতাঃ স্ত্রিয়ঃ যত্র যস্যাং ভ্রাজন্তে ॥ ১৬ ॥

সুরস্ত্রীণাং কেশেভ্যো বিভ্রষ্টানাং নবসৌগন্ধিক স্রজাং আমোদং ॥ ১৭ ॥

হেমগবাক্ষেভ্যো নির্গচ্ছতা ধূমেন। সুরপ্রিয়াঃ অপ্সরসঃ ॥ ১৮ ॥

মুক্তাময়ৈর্বিতানৈ র্মণিহেমময়ৈঃ কেতুভিশ্চ ধ্বজৈঃ নানা পতাকা যুক্তাভির্ব্বলভীভিশ্চ বিমানান্যুং পুরোভাগৈরাবৃতাং ব্যাপ্তাং। বৈমানিক স্ত্রীণাং কলগীতৈ র্মঙ্গলাং ॥ ১৯ ॥

উপদেবানাং গন্ধর্ব্বাণাং গীতকৈশ্চ মনোরমাং। জিতা প্রভা সাক্ষাদ্দীপ্ত্যধিষ্ঠাত্রী দেবতা যয়া তাং অন্যৈরজিতপ্রভামিতি বা জিতগ্রহামিতি পাঠে জিতগ্রহাঃ সূর্য্যাদয়ো যয়া ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শীতকালে ভবেদুষ্ণা উষ্মকালে সুশীতলাঃ। স্তনৌ সুকঠিনৌ যাসাং তাঃ শ্যামাঃ পরিকীর্ত্তিতাঃ ॥ ১৬। ১৭ ॥

হেমময়েভ্যো জালাক্ষেভ্যো গবাক্ষেভ্যঃ। সুরপ্রিয়াঃ অপ্সরসঃ ॥ ১৮ ॥

মুক্তাময়ৈ র্বিতানৈশ্চন্দ্রাতপৈ র্মণি হেমময়ৈঃ কেতুভির্ধ্বজৈঃ পতাকাযুক্তাভির্ব্বলভীভিরট্টোপরিবর্ত্তি গৃহৈঃ ॥ ১৯ ॥

জিতপ্রভা সাক্ষাত্তদ্দীপ্ত্যধিষ্ঠাত্রী দেবতাপি যযা তাং। জিতগ্রহামিতি পাঠে জিত সূর্য্যাদিকাং ॥ ২০ ॥

হে রাজন্! ইন্দ্র পুরীতে রূপবতী নারী সকল যাহাদের যৌবন ও সৌকুমার্য্য অনশ্বর, যাহারা শ্যামা, যাহাদের বসন নির্ম্মল, তাহারা, যেমন শিখা দ্বারা বহ্নি দীপ্তি পায় তাহার ন্যায়, বিরাজ করিতেছিল ॥ ১৬ ॥

সেখানে সুরস্ত্রী সকলের কেশ ভ্রষ্ট সুগন্ধি মাল্যের সৌরভ গ্রহণ করিয়া বায়ু প্রত্যেক্ পথে প্রবাহিত হইতেছিল ॥ ১৭ ॥

তথায় হেমময় গবাক্ষ হইতে যে অগুরুগন্ধি পাণ্ডুবর্ণ ধূম নির্গত হইতেছিল, তাহাতে অত্রস্থ পথ সকল অপরিচ্ছিন্ন হইয়াছিল এবং সেই সকল বর্ত্মে অপ্সরাগণ ভ্রমণ করিতেছিল ॥ ১৮ ॥

অপর ঐ পুরী মুক্তাময় বিতান (চন্দ্রাতপ) মনিময় হেমধ্বজা ও নানাবিধ পতাকালঙ্কৃত বড়ভীতে (বিমানের অগ্রভাগে) ব্যাপ্ত। আর ময়ূর পারাবত ভৃঙ্গ ইত্যাদির শব্দে নিনাদিত এবং বৈমানিক স্ত্রীদিগের মধুর গীতে মঙ্গল স্বরূপ হইয়াছিল ॥ ১৯ ॥

অধিকন্তু ঐ পুরী মৃদঙ্গ, শঙ্খ, পটহ, দুন্দুভি ইত্যাদির ধ্বনি এবং তাল সমেত বীণা, মুরজ ও বংশীর নিনাদ তথা গন্ধর্ব্বদিগের নৃত্য গীত বাদ্য এই সকলে অতিশয় মনোরমা ছিল, আর তাহার এতাদৃশী প্রভা প্রকাশ পাইতেছিল যেন সাক্ষাৎ দীপ্ত্যধিষ্ঠাত্রী দেবতাকে পরাজয় করিয়াছিল ॥ ২০ ॥

যাং ন ব্রজন্ত্যধর্ম্মিষ্ঠাঃ খলা ভূতদ্রুহঃ শঠাঃ। মানিনঃ কামিনো লুব্ধা এভির্হীনা ব্রজন্তি যৎ ॥২১

তাং দেবধানীং সবরূথিনীপতির্বহিঃ সমন্তাদ্রুরুধে পৃতন্যয়া।
আচার্য্যদত্তং জলজং মহাস্বনং দধ্মৌ প্রযুঞ্জন্ ভয়মিন্দ্রযোষিতাং ॥

মঘবাংস্তমভিপ্রেত্য বলেঃ পরমমুদ্যমং। সর্ব্বদেবগণোপেতো গুরুমেতদুবাচহ ॥ ২২ ॥

ভগবন্নুদ্যমো ভূয়ান্ বলের্নঃ পূর্ব্ববৈরিণঃ। অবিষহ্যমিমং মন্যে কেনাসীত্তেজসোর্জ্জিতঃ ॥ ২৩ ॥

নৈনং কশ্চিৎ কুতো বাপি প্রতিবোঢুমধীশ্বরঃ। পিবন্নিব মুখেনেদং লিহন্নিব দিশোদশ ॥
দহন্নিব দিশোদৃগ্ভিঃ সংবর্ত্তাগ্নিরিবোত্থিতঃ ॥ ২৪ ॥

ব্রূহি কারণমেতস্য দুর্দ্ধর্ষত্বস্য মদ্রিপোঃ। ওজঃ সহোবলং তেজো যত এতৎ সমুদ্যমঃ ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

যৎ যাং ॥ ২১ ॥

পৃতনায়া সেনয়া ॥ ২২ ॥

কেন হেতুনা এবং তেজসা উর্জ্জিতঃ আসীৎ ॥ ২৩ ॥

প্রতিবোঢুমপাকর্ত্তুং ॥ ২৪ ॥

যতঃ কারণাৎ এতস্য ওজ আদি যত ওজ আদেঃ এতস্য সমুদ্যমঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এভিঃ খলত্বাদিভিঃ ॥ ২১ ॥

পৃতনায়া সেনয়া ॥ ২২ ॥

ইমং উদ্যমং বলিঃ বা আসীৎ অভূৎ ॥ ২৩ ॥

প্রতিবোঢুং যুদ্ধাদিভিঃ প্রতিকর্ত্তুং। যতঃ পিবন্নিবায়ং বলিঃ ॥ ২৪ ॥

যতঃ কারণাৎ ওজ আদি যতশ্চ ওজ আদেরেতস্য সমুদ্যমঃ ॥ ২৫ ॥

হে রাজন্! যেখানে অধার্ম্মিক, খল, প্রাণহিংসক, শঠ, মানী, কামী, লোভী জন, যাইতে পারে না, ঐ সকল খলত্বাদি দোষ বর্জিত লোকেই গমন করে ॥ ২১ ॥

সেনাপতি বলি সেই দেবপুরী গমন করিয়া সেনা দ্বারা তাহার বহির্ভাগ সর্ব্বতোভাবে রুদ্ধ করিলেন এবং দেবাঙ্গনাদিগের ভয় উৎপাদন পূর্ব্বক শুক্রদত্ত শঙ্খের ধ্বনি করিতে লাগিলেন। বলির ঐ প্রকার উদ্যম অবগত হইয়া দেবরাজ সমস্ত দেবগণ সমভিব্যাহারে গুরু সন্নিধানে গমন পূর্ব্বক নিবেদন করিলেন ॥ ২২ ॥

ভগবন্! আমাদের পূর্ব্ববৈরী বলির পুনরায় গুরুতর উদ্যম দেখিতেছি, আমার অনুমান হয় তাহার এই উদ্যম আমরা সহ্য করিতে পারিব না। গুরো! কি কারণ ঐ দানবেন্দ্র তেজে এ রূপ উর্জ্জিত হইল? ॥ ২৩ ॥

আমার বোধ হয় কোন ব্যক্তি কোন উপায়ে তাহার প্রতিক্রিয়া করিতে সমর্থ হইবে না, কারণ প্রত্যক্ষ দেখিতেছি, ঐ ব্যক্তি যেন মুখ দ্বারা জগৎ পান এবং জিহ্বা দ্বারা দশ দিক্ অবলেহন ও চক্ষু দ্বারা দিগ্দাহ করিতেছে। অসংশয় বোধ হয় ঐ দানব প্রলয়াগ্নির ন্যায় উত্থিত হইয়াছে ॥ ২৪ ॥

গুরো আমাদের ঐ শত্রুর এরূপ দুর্দ্ধর্ষ হইবার কারণ কি, বলুন। উহার এ প্রকার সামর্থ্য সাহস বল ও তেজঃ কিসে হইল? সামর্থ্যাদি নিবন্ধনই এ রূপ যুদ্ধোদ্যম হইয়াছে সন্দেহ নাই ॥ ২৫ ॥

শ্রীগুরুরুবাচ ॥

জানামি মঘবন্ শত্রোরুন্নতেরস্য কারণং। শিষ্যায়োপভৃতং তেজো ভৃগুভির্ব্রহ্মবাদিভিঃ॥
ওজস্বিনং বলিং জেতুং নসমর্থোঽস্তি কশ্চন। ভবদ্বিধো ভবান্ বাপি বর্জয়িত্বেশ্বরং হরিং॥
বিজেষ্যতি নকোপ্যেনং ব্রহ্মতেজঃ সমেধিতং। নাস্যশক্তঃ পুরঃ স্থাতুং কৃতান্তস্য যথা জনাঃ॥২৬
তস্মান্নিলয়মুৎসৃজ্য যূয়ং সর্ব্বে ত্রিপিষ্টপং। যাত কালং প্রতীক্ষন্তো যতঃ শত্রোর্বিপর্য্যয়ঃ॥২৭॥
এষ বিপ্রবলোদর্কঃ সংপ্রত্যূর্জিত বিক্রমঃ। তেষামেবাবমানেন সানুবন্ধো বিনঙ্ক্ষ্যতি॥ ২৮॥

শ্রীধরস্বামী।

উপভৃতং সঞ্চিতং॥ ২৬॥

তত্রোচিতং মন্ত্রমাহ তস্মাৎ যূয়ং ত্রিপিষ্টপমুৎসৃজ্য নিলয়মদর্শনং যাত যতঃ কালাৎ॥ ২৭॥

কেনাস্য বিপর্য্যয়ঃ স্যাৎ ইত্যত আহ এষ ইতি। বিপ্রাণাং বলেন উদর্ক উত্তরোত্তরং অধিকং ফলং যস্য সঃ॥ ২৮॥

ক্রমসন্দর্ভঃ।

১৯। ২০। ২১। ২২। ২৩। ২৪। ২৫। ২৬। ২৭॥

তেষামেবাপমানেনেতি। যদ্যপি ভগবৎ পক্ষপাতেন ব্যবহারিক গুরূণাং বচনাতিক্রম রূপোঽবমানো ন দোষাবহঃ। গুরুর্ন স স্যাদিত্যাদ্যুক্তেঃ। তথাপ্যেবং কেবল মনেন ব্যবহার দৃষ্ট্যৈবোক্তং। তাদৃশ তৎ পক্ষপাতস্য তদ্বিধানামযোগ্যং। ব্যবহার সুখাভিধ দুঃখমঞ্জসা পরিত্যাজ্য ভগবদ্ভক্তিময় পরম সুখং দত্ত্বা পরম গুণায়ৈব সংপদ্যতেস্ম তথৈব স্বয়ং তেনৈব বিভাবিতং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শিষ্যায় শ্রদ্ধা ভক্ত্যাতিশয়েন স্বসর্ব্বস্বোপহারকায় বলয়ে তেজঃ স্বীয়মেব উপভৃতং প্রত্যুপহারত্বেন দত্তমিত্যর্থঃ। তস্মাদিদং ন বলে স্তেজঃ কিন্তু ব্রহ্মতেজ এবাতঃ সুতরাং ভবদ্ভির্দুর্ব্বারমিতি ভাবঃ। তেন তেভ্যো ভৃগুভ্যো ন ন্যূনা বয়মপি তথৈব শ্রদ্ধা ভক্ত্যাদিনা ত্বয়া প্রসাদিতা যদ্যভবিষ্যাম তদা সংপ্রতি ত্বমপ্যস্মত্তেজসা পরিপূর্ণ ইমং বলিমজেষ্য এবেত্যুপালম্ভোঽনু-ধ্বনিতঃ॥

যোদ্ধুমনেনাধুনা নির্গচ্ছামি নবেতি চেদত আহ ভবদ্বিধ ইতি॥ ২৬॥

এতৎ সময়োচিতং মন্ত্রং ব্রূহীতি চেদতঃ আহ তস্মাদিতি যতঃ কালাৎ শত্রোর্ব্বিপর্য্যয়ঃ পরাভবোভাবী তং কালং প্রতিক্ষমাণা ইত্যর্থঃ॥ ২৭॥

বলেরস্য পরাভবকালঃ স কিং ভাবী কদা বা ভাবীত্যপেক্ষায়াং তমাশ্বাসয়ন্নাহ এষ ইতি বিপ্রবলমেব উদর্ক উত্তর ফলং যস্য সঃ। উদর্কঃ ফলমুত্তরমিত্যমরঃ। তেষামেবেত্যাদি ব্যবহার দৃষ্ট্যৈবোক্তং বস্তু তস্য বিষ্ণুভক্ত্যনুকূলঃ গবিপ্রাবমান স্তস্য মহা-কীর্ত্তি স্বর্গাদিক সুতলভোগ দ্বারপালীকৃত বিষ্ণুত্ব ভাবি মন্বন্তরেন্দ্রত্বাদ্যর্থমভূদিতি জ্ঞেয়ং॥ ২৮। ২৯॥

গুরু কহিলেন অহে মহেন্দ্র! তোমার ঐ রিপুর উন্নতির কারণ আমি জানি, ঐ ব্যক্তি ব্রহ্মবাদি ভৃগু-বংশীয়দিগের শিষ্য, তাঁহারা স্নেহ পরবশ হইয়া শিষ্যের তেজঃ সঞ্চয় করিয়া দিয়াছেন। অতএব ঈশ্বর হরি ব্যতিরেকে তুমি অথবা তোমার সদৃশ কোন ব্যক্তি ওজস্বি বলিকে জয় করিতে সমর্থ হইবে না। ফলতঃ বলি ব্রহ্ম তেজে সমেধিত হইয়াছে, কে তাহাকে জয় করিবে? লোকেরা যেমন কৃতান্তের অগ্রে থাকিতে পারে না তেমনি, কেহ তাহার সম্মুখে দণ্ডায়মান হইতে সমর্থ হইবে না॥ ২৬॥

অতএব এক্ষণে তোমাদের পক্ষে পরামর্শ এই, যাবৎ শত্রুর বিনাশ হয়, তাবৎ কাল প্রতীক্ষা করত স্বর্গ পরিত্যাগ পূর্ব্বক অদর্শন হইয়া থাক॥ ২৭॥

বিপ্রবলেই বলির উত্তরোত্তর অধিক বল হইয়াছে তাহাতেই সম্প্রতি মহা বিক্রমশালী হইয়া উঠি-

এবং সুমন্ত্রিতার্থাস্তে গুরুণার্থানুদর্শিনা। হিত্বা ত্রিপিষ্টপং জগ্মুর্গীর্বাণাঃ কামরূপিণঃ॥
দেবেষ্বথ নিলীনেষু বলি বৈরোচনঃ পুরীং। দেবধানীমধিষ্ঠায় বশং নিন্যে জগৎ ত্রয়ং॥ ২৯॥
তং বিশ্বজয়িনং শিষ্যং ভৃগবঃ শিষ্যবৎসলাঃ। শতেন হয়মেধানামনুব্রতমযাজয়ন্‌॥
তত স্তদনুভাবেন ভুবনত্রয়বিশ্রুতাং। কীর্ত্তিং দিক্ষু বিতন্বানঃ স রেজে উডুরাড়িব॥ ৩০॥
বুভুজেচ শ্রিয়ং স্বৃদ্ধাং দ্বিজদেবোপলম্ভিতাং। কৃতকৃত্যমিবাত্মানং মন্যমানো মহামনাঃ॥ ৩১॥
॥*॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামষ্টমস্কন্ধে বলিবিজয়ো নাম পঞ্চদশোঽধ্যায়ঃ ॥*॥ ১৫ ॥*॥

শ্রীশুক উবাচ॥

শ্রীধরস্বামী।

সুমন্ত্রিতঃ অর্থঃ কার্য্যং যেষাং নিলয়ং জগ্মুঃ॥ ২৯॥
এবং প্রাপ্তমিন্দ্রপদং স্থিরীকর্ত্তুং অযাজয়ন্‌। অনুব্রতং অনুবর্ত্তিনং॥ ৩০॥
দ্বিজদেবৈ র্ব্রাহ্মণৈরুপলম্ভিতাং প্রাপিতাং॥ ৩১॥

॥*॥ ইত্যষ্টমে পঞ্চদশঃ ॥*॥

ষোড়শে পুত্রনাশেন শোচন্ত্যা অদিতেঃ পতিঃ। প্রার্থিতঃ কশ্যপঃ প্রাহ পয়োব্রতমিতীর্য্যতে॥ ০॥

ক্রমসন্দর্ভঃ।

যত্তদর্শিতং চ পঞ্চমস্কন্ধে। নূনং বতায়ং ভগবানর্থেষু ন নিষ্ণাতো যো সাবিন্দ্রো যস্য সচিবোমন্ত্রায় বৃত ইত্যাদিনা। যত্র ভগবানপি দ্বারপালায়িত তয়া পুরম বশোজাতঃ। কিম্বা স্বর্গরাজ্যং যত্রৈবানুষঙ্গিকতয়া স্বর্গাধিক পাতাল রাজ্যং মন্বন্তরান্তরে তদৈন্দ্রাঞ্চেতি॥ ২৮। ২৯। ৩০। ৩১॥

॥*॥ ইতি শ্রীমদ্ভাগবতে অষ্টমস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভস্য পঞ্চদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥*॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স যাজয়ন্‌ তদীয়েন্দ্রপদ স্থিরীভাবার্থমিতি ভাবঃ॥ ৩০॥
দ্বিজদেবা বিপ্রাঃ॥ ৩১॥

॥*॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। অষ্টমেঽসৌ পঞ্চদশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥*॥

য়াছে, ব্রাহ্মণদের অপমান করিলে স্বয়ং সবংশে বিনষ্ট হইবে সন্দেহ নাই॥ ২৮॥

হে রাজন্‌! কার্য্যদর্শী গুরু এই প্রকারে কর্ত্তব্য বিষয়ে সৎ পরামর্শ প্রদান করিলে কামরূপী দেবগণ স্বর্গ পরিত্যাগ করিয়া সকলেই অদর্শন হইলেন! দেবতারা বিলীন হইলে বিরোচন পুত্র বলি ইন্দ্রপুরী অধিষ্ঠান পূর্ব্বক জগত্রয় বশীভূত করিলেন॥ ২৯॥

হে রাজন্‌! শিষ্য বৎসল ভৃগুগণ আপনাদের বশম্বদ শিষ্য বিশ্বজয়ি বলির ইন্দ্রপদ সুস্থির করিবার নিমিত্ত তাঁহাকে দিয়া শত সংখ্যক অশ্বমেধ যজ্ঞ করাইলেন। সেই শতাশ্বমেধের প্রভাবে বলি দশদিকে কীর্ত্তি বিস্তার করত নক্ষত্ররাজ চন্দ্রের ন্যায় বিরাজ করিতে লাগিলেন॥ ৩০॥

এবং ব্রাহ্মণেরা যে সমৃদ্ধা সম্পত্তি প্রাপ্ত করাইয়া দিলেন, আপনাকে কৃতকৃত্যের ন্যায় বোধ করিয়া সেই সম্পত্তি ভোগ করিতে প্রবৃত্ত হইলেন॥ ৩১॥

॥*॥ ইতি অষ্টমে পঞ্চদশ ॥*॥

ষোড়শ অধ্যায়ে পুত্রগণের অদর্শন হইলে দেবমাতা অদিতির শোক এবং তাঁহার প্রার্থনায় কশ্যপ কর্ত্তৃক পয়োব্রতোপদেশ॥ ০॥

এবং পুত্রেষু নষ্টেষু দেবমাতা দিতিস্তদা। হৃতে ত্রিপিষ্টপে দৈত্যৈঃ পর্য্যতপ্যদনাথবৎ ॥

একদা কশ্যপস্তস্যা আশ্রমং ভগবানগাৎ। নিরুৎসবং নিরানন্দং সমাধের্বিরতশ্চিরাৎ ॥ ১ ॥

সপত্নীং দীনবদনাং কৃতাসন পরিগ্রহঃ। সভাজিতো যথা ন্যায়মিদমাহ কুরূদ্বহ ॥ ২ ॥

অপ্যভদ্রং ন বিপ্রাণাং ভদ্রে লোকেঽধুনাগতং। ন ধর্ম্মস্য নলোকস্য মৃত্যোশ্ছন্দানুবর্ত্তিনঃ ॥ ৩ ॥

অপি বা কুশলং কিঞ্চিদ্গৃহেষু গৃহমেধিনি। ধর্ম্মস্যার্থস্য কামস্য যত্র যোগোহ্যযোগিনাং ॥ ৪ ॥

'অপি বা তিথয়োঽভ্যেত্য কুটুম্বাসক্তয়া ত্বয়া। গৃহাদপূজিতা যাতাঃ প্রত্যুত্থানেন বা কচিৎ ॥৫॥

শ্রীধরস্বামী।

ইদানীং শ্রীবামনাবতার প্রসঙ্গমাহ এবমিত্যাদি যাবৎ সমাপ্তি। নষ্টেষু অদৃশ্যেষু সৎসু ॥ ১ ॥

স কশ্যপঃ পত্নীমিদমাহ ॥ ২ ॥

দীনবদনত্বাদিকমালোক্য বহুধা বিকল্পয়ন্ পৃচ্ছতি অপ্যভদ্রমিতি সপ্তভিঃ। হে ভদ্রে মৃত্যোশ্ছন্দমিচ্ছামনুবর্ত্তত ইতি তথা মৃত্যু বশবর্ত্তিনোজনস্যেত্যর্থঃ ॥ ৩ ॥

হে গৃহমেধিনি অপি বা কিম্বা গৃহেষু ধর্ম্মাদেঃ কিঞ্চিদকুশলমিতি কা কা প্রশ্নঃ যত্র যেষু গৃহেষু অযোগিনামপি যোগঃ স্বধর্ম্মাদিনা যোগফলং ভবতি ॥ ৪ ॥

কিং বা ত্বয়া অপূজিতা এবাভ্যেতা গৃহাদ্যাতাঃ ॥ ৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

অপি প্রশ্নে। বিপ্রাণামভদ্রং নাগতং ন প্রাপ্তং নবা ধর্ম্মস্য নবা লোকস্য। লোকং বিশিনষ্টি। মৃত্যোশ্ছন্দানুবর্ত্তিন ইতি ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ষোড়শে কশ্যপপ্রশ্নৈরদিতি স্তং ন্যবেদয়ৎ। স্বপুত্র দুঃখ তচ্ছান্তৈ স প্রোবাচ পয়োব্রতং। নষ্টেষু অদৃষ্টেষু সৎসু ॥ ১ ॥

স কশ্যপঃ ॥ ২ ॥

দীন বদনত্বাদেঃ কারণং বিকল্পয়ন্ বহুধা পৃচ্ছতি। অপ্যভদ্রমিতি সপ্তভিঃ। অপীতি প্রশ্নে। বিপ্রাণামভদ্রং নাগতং ন প্রাপ্তং নবা ধর্ম্মস্য ন বা লোকস্য লোকং বিশিনষ্টি। মৃত্যোশ্ছন্দ মিচ্ছামনুবর্ত্তত ইতি তস্য ॥ ৩ ॥

অকুশলং বা ধর্ম্মাদেঃ। যত্র গৃহেষু অযোগিনাং কর্ম্মিণামপি যোগঃ যোগফলপ্রাপ্তিঃ ॥ ৪ ॥

প্রত্যুত্থানেনাপ্যপূজিতা ॥ ৫ ॥

শুকদেব কহিলেন রাজন্! দেবগণ উক্ত প্রকারে অদর্শন হইলে এবং দৈত্যবর্গ স্বর্গ হরণ করিয়া লইলে দেবমাতা অদিতি অনাথার ন্যায় হইয়া নিরন্তর পরিতাপ করিতেছিলেন তাঁহার পতি প্রজাপতি কশ্যপ বহুকালের পর সমাধি হইতে বিরত হইয়া এক দিন তদীয় নিরুৎসব নিরানন্দ আশ্রমে গমন করিলেন ॥ ১ ॥

এবং যথা বিধি পূজিত হইয়া আসন পরিগ্রহানন্তর পত্নীর ম্লান বদন দর্শনে জিজ্ঞাসা করিতে লাগিলেন ॥ ২ ॥

ভদ্রে! লোকমধ্যে ব্রাহ্মণদিগের ত কোন অমঙ্গল হয় নাই? ধর্ম্মের ত কোন অভদ্র হয় নাই? আর মৃত্যুর বশবর্ত্তি লোকদের ত কোন অশুভ হয় নাই? ॥ ৩ ॥

অথবা তোমার গৃহে ধর্ম্ম অর্থ কামের ত কোন অকুশল হয় নাই? হে গৃহমেধিনি! গৃহাশ্রম সামান্য নহে, তাহাতে অযোগিদিগেরও স্বধর্ম্মাদি দ্বারা যোগ ফল লভ্য হয় ॥ ৪ ॥

হে সুন্দরি! এমত ম্লান কেন? তুমি কুটুম্বাসক্তা ছিলে, কোন অতিথি আসিয়া প্রত্যুত্থানাদি দ্বারা পূজিত না হইয়াই কি গৃহে হইতে গিয়াছেন? ॥ ৫ ॥

গৃহেষু যেম্বতিথয়ো নার্চ্চিতাঃ সলিলৈরপি। যদি নির্যান্তি তে নূনং ফেরুরাজগৃহোপমাঃ॥ ৬॥
অপ্যগ্নয়স্তু বেলায়াং ন হুতা হবিষা সতি। ত্বয়োদ্বিগ্নধিয়া ভদ্রে প্রোষিতে ময়ি কর্হিচিৎ॥
যৎ পূজয়া কামদুঘান্ যাতিলোকান্ গৃহান্বিতঃ। ব্রাহ্মণোঽগ্নিশ্চ বৈ বিষ্ণোঃ সর্ব্বদেবাত্মনোমুখং॥৭॥
অপি সর্ব্বে কুশলিন স্তব পুত্রা মনস্বিনি। লক্ষয়ে স্বস্থমাত্মানং ভবত্যা লক্ষণৈরহং॥ ৮॥
শ্রীঅদিতিরুবাচ॥
ভদ্রং দ্বিজগবাং ব্রহ্মন্ ধর্ম্মস্যাস্য জনস্যচ। ত্রিবর্গস্য পরং ক্ষেত্রং গৃহমেধিন্ গৃহা ইমে॥ ৯॥
অগ্নয়োঽতিথয়ো ভৃত্যা ভিক্ষবো যে বলীপ্সবঃ। সর্ব্বং ভগবতো ব্রহ্মন্নুধ্যানান্নরিষ্যতি॥ ১০॥

শ্রীধরস্বামী।

নার্চ্চিতাঃ অনর্চ্চিতাঃ সন্তো যদি নির্গচ্ছন্তি ফেরুরাজঃ শৃগালনাথ স্তদীয় বিবর তুল্যাঃ॥ ৬॥
বেলায়াং হোমকালে কর্হিচিন্ন হুতাঃ কিং॥ ৭॥
ভবত্যা আত্মানং মনঃ অস্বস্থমপ্রকৃতিস্থং লক্ষয়ে মুখম্লান্যাদিভি র্লক্ষয়ামি॥ ৮॥
অস্বাস্থ্য কারণমন্যদস্তীতি বক্তুং তৎপৃষ্টমভদ্রাদিকং নাস্তীত্যাহ ভদ্রমিতি দ্বাভ্যাং ইমে গৃহা স্ত্রিবর্গস্য পরং ক্ষেত্রং উদ্ভবস্থানং ত্রিবর্গোঽপি যথবদ্বর্ত্তত ইত্যর্থঃ॥ ৯॥
ভগবত স্তবানুধ্যানং যন্ময়া ক্রিয়তে তস্মাদগ্নয়োঽতিথয় ইত্যাদি সর্ব্বং নরিষ্যতি ন হীয়তে॥ ১০॥

ক্রমসন্দর্ভঃ।

দ্বিজগবামিতি দ্বিজোপলক্ষণত্বাদ্গাবোপি পৃষ্টা ইত্যভিপ্রায়াৎ॥ ৯॥
সর্ব্বমিত্যাদৌ তথাপি পুত্রগতদুঃখং ভবত্যেবাপবাদ ইতি ভাবঃ॥ ১০। ১১॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ফেরুঃ শৃগালঃ॥ ৬॥ ৭॥ ৮॥
ত্রিবর্গস্য ক্ষেত্রং উদ্ভব স্থানং ত্রিবর্গোপি যথোচিতং বর্ত্তত ইত্যর্থঃ॥ ৯॥
ভগবত স্তব। ত্বৎ কর্ম্মকাদনুধ্যানান্নরিষ্যতি ন হীয়তে॥ ১০। ১১॥

গৃহ হইতে অথিতি বিমুখ হওয়া অতিশয় অনিষ্টের কারণ, যে সকল গৃহে অতিথি আসিয়া জল দ্বারাও অর্চ্চিত না হইয়া নির্গত হয়, সে সকল গৃহ শৃগালরাজের বিবর তুল্য॥ ৬॥

হে সতি! তোমার বিমনস্কতার কারণ কি? আমি প্রবাসস্থ হওয়াতে সর্ব্বদা উদ্বিগ্ন চিত্তা থাকিতে, তাহাতে কি কোন দিন যথা কালে হবির্দ্বারা অগ্নিত্রয়ে হোম করিতে বিস্মৃত হইয়াছ? গৃহি ব্যক্তির অগ্নিত্রয়ে হোম করা আবশ্যক বটে, কারণ ব্রাহ্মণ ও অগ্নি সর্ব্ব দেবময় বিষ্ণুর মুখ, অগ্নির অর্চ্চনা দ্বারা গৃহস্থ ব্যক্তিরা কামদুঘ লোক সকল প্রাপ্ত হইয়া থাকে॥ ৭॥

হে মনস্বিনি! তোমার পুত্রেরা ত সকলে কুশলী? মুখম্লানতাদি লক্ষণ দ্বারা বোধ হইতেছে তোমার অন্তঃকরণ যেন প্রকৃতিস্থ নহে, বল না এ রূপ অন্যমনস্কতার কারণ কি?॥ ৮॥

অদিতি কহিলেন ব্রহ্মন্! গো ব্রাহ্মণ ধর্ম্ম এবং সকল লোকেরই মঙ্গল। অপর হে গৃহমেধিন্! যে গৃহ ধর্ম্ম, অর্থ, কাম এই ত্রিবর্গের উদ্ভবস্থান, তাহারও কুশল, অর্থাৎ ধর্ম্মাদি ত্রিবর্গও যথাবৎ নির্ব্বাহ হইতেছে॥ ৯॥

আর আমি যে আপনার ধ্যান করি তাহাতেই অগ্নি, অতিথি, ভৃত্য, ভিক্ষু প্রভৃতি যে সকল ব্যক্তি বলি বাঞ্ছা করে সকলই পরিতৃপ্ত আছে॥ ১০॥

কোন্নু মে ভগবন্ কামো নসংপদ্যেত মানসঃ। যস্যা ভবান্ প্রজাধ্যক্ষ এবং ধর্ম্মান্ প্রভাষতে ॥১১

তবৈব মারীচ মনঃ শরীরজাঃ প্রজা ইমাঃ সত্ত্ব রজ স্তমো জুষঃ।

সমো ভবাং স্তাসু সুরাদিষু প্রভো তথাপি ভক্তং ভজতে মহেশ্বরঃ ॥ ১২ ॥

তস্মাদীশে ভজন্ত্যা মে শ্রেয়শ্চিন্তয় সুব্রত। হৃতশ্রিয়ো হৃতস্থানান্ সপত্নৈঃ পাহি নঃ প্রভো ॥

পরৈর্বিবাসিতা সাহং মগ্না ব্যসনসাগরে। ঐশ্বর্য্যং শ্রীর্যশঃ স্থানং হৃতানি প্রবলৈর্ম্মম।

যথা তানি পুনঃ সাধো প্রপদ্যেরন্মমাত্মজাঃ। তথা বিধেহি কল্যাণং ধিয়া কল্যাণকৃত্তম ॥ ১৩ ॥

শ্রীশুক উবাচ ॥

এবমভ্যর্থিতোঽদিত্যা কস্তামাহ স্ময়ন্নিব। অহো মায়াবলং বিষ্ণোঃ স্নেহবদ্ধমিদং জগৎ ॥

শ্রীধরস্বামী।

প্রস্তুতং বিজ্ঞাপয়িতুমাহ কোন্বিতি ॥ ১১ ॥

সম্পাদ্যং কামমাহ তবৈবেতি চতুর্ভিঃ ॥ ১২ ॥

সপত্নৈ র্দৈত্যৈর্হৃতা শ্রীর্যেষাং। হৃতং স্থানং যেষাং ইতি পুত্রাভিপ্রায়েণ বহুবচনং ॥১৩ ॥

কঃ কশ্যপঃ প্রথমং তাবৎ পুত্রস্নেহং ত্যাজয়িতুং বিস্ময় ব্যাজেন তত্ত্বমুপদিশতি অহো ইতি সার্দ্ধেন ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

মারীচেতি পিতৃ ক্রমাগত প্রভাবং সূচয়তি ॥ ১২ ॥

নমু তে শ্রীমন্তাঃ নতু ভক্তাস্তত্রাহ তস্মাদীশেতি ॥ ১৩। ১৪। ১৫। ১৬। ১৭। ১৮।১৯।২০।২১।২২।২৩।২৪।২৫।২৬।২৭।২৮।২৯।৩০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদপি কৃপয়া যদ্যেবং পৃচ্ছসি তর্হি মদ্দুঃখোপশমস্ত্বয়া সুকর এবেত্যাহ তবৈবেতি চতুর্ভিঃ মহেশ্বরো ভগবান্ জগতি সর্ব্বত্র সমোপি ভক্তং যথা ভজতে তথৈব ত্বং পুত্রেষু মধ্যে ভক্তিমন্তমিন্দ্রং পালয়িতুমর্হসীতি ভাবঃ ॥ ১২ ॥

ন ইতি পুত্র সাহিত্যাদ্বহুবচনং ॥ ১৩ ॥

কঃ কশ্যপ ইবেতি বস্তুতো নস্ময়মানঃ তস্যাদুঃখেনাস্য দুঃখিতত্বাৎ ॥

আত্মা জীবঃ প্রকৃতেঃ প্রাকৃতাদ্দেহাৎ পরোঽন্যঃ ॥১৪ ॥

হে ভগবন্! আপনি আমার প্রজাধ্যক্ষ এবং এই রূপ ধর্ম্ম উপদেশ করেন, আমার মানস কাম সম্পন্ন না হইবে কেন? ॥ ১১ ॥

হে মরীচি তনয়! প্রজা সকল আপনারই মনঃ ও শরীর হইতে উৎপন্ন হইয়া সত্ত্ব রজঃ অথবা তমোগুণ অবলম্বন করে, দেবাদি সেই সকল সন্তানে যদিও আপনার সমান ভাব তথাপি মহেশ্বর ভক্ত ব্যক্তির প্রতি বিশেষ অনুগ্রহ করিয়া থাকেন ॥ ১২ ॥

অতএব আমি ভক্তি করিয়া আপনার ভজনা করিতেছি, আমার কল্যাণ চিন্তা করিতে আজ্ঞা হউক। প্রভো! আমার সপত্নীপুত্র দৈত্যগণ আমার তনয়দিগের শ্রী ও স্থান অপহরণ করিয়া লইয়াছে, আপনি তাহাদিগকে রক্ষা করুন। অপর দিতির পুত্রেরা আমাকে দূরীকৃত করিয়া দিয়াছে তাহাতে আমিও দুঃখ সাগরে মগ্না হইয়া রহিয়াছি। হে ব্রহ্মন্! দানবেরা প্রবল হইয়া আমার তনয়দিগের ঐশ্বর্য্য, যশঃ শ্রী এবং স্থান যাহা যাহা হরণ করিয়া লইয়াছে আমার সন্তানেরা যে রূপে সে সকল পুনরায় প্রাপ্ত হয়, হে কল্যাণকারিন্! স্বীয় বুদ্ধি দ্বারা সেই কল্যাণ বিধান করিতে আজ্ঞা হউক ॥ ১৩ ॥

শুকদেব কহিলেন রাজন্! অদিতি কর্ত্তৃক এই প্রকারে অভ্যর্থিত হইয়া প্রজাপতি কশ্যপ বিস্মি-

ক দেহো ভৌতিকো নাত্মা কচাত্মা প্রকৃতেপরঃ। কস্য কে পতিপুত্রাদ্যা মোহ এবহি কারণং ॥১৪॥

উপতিষ্ঠস্ব পুরুষং ভগবন্তং জনার্দ্দনং। সর্ব্বভূত গুহাবাসং বাসুদেবং জগদ্গুরুং ॥ ১৫ ॥

স বিধাস্যতি তে কামান্ হরিদীনানুকম্পনঃ। অমোঘা ভগবৎসেবা নেতরেতি মতির্ম্মম ॥ ১৬ ॥

শ্রীঅদিতিরুবাচ ॥

কেনাহং বিধিনা ব্রহ্মন্নুপস্থাস্যে জগদ্গুরুং। যথা মে সত্য সংকল্পো বিদধ্যাৎ স মনোরথং ॥

আদিশ ত্বং দ্বিজশ্রেষ্ঠ বিধিং তদুপরাধনং। আশুতুষ্যতি মে দেব সীদন্ত্যা সহ পুত্রকৈঃ ॥ ১৭ ॥

শ্রীকশ্যপ উবাচ ॥

এতন্মে ভগবান্ পৃষ্টঃ প্রজাকামস্য পদ্মজঃ। যদাহ তে প্রবক্ষ্যামি ব্রতং কেশবতোষণং ॥১৮॥

শ্রীধরস্বামী।

অত্রাপরিতুষ্যন্তীং প্রত্যাহ উপতিষ্ঠস্বেতি দ্বাভ্যাং ॥ ১৫ ॥

নন্বেবং ভূতকামপ্রাপ্তি হেতু দেবতান্তরসেবা প্রসিদ্ধা তত্রাহ অমোঘেতি ॥ ১৬ ॥

যথাচ মে মনোরথং বিদধ্যাৎ যথাচ মে আশু তুষ্যতি তথা তৎ সেবা প্রকারমাদিশ ॥ ১৭ ॥

ময়া পৃষ্টঃ পদ্মজো মে যদ্ব্রতমাহ এতত্তে প্রবক্ষ্যামীত্যন্বয়ঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদপি পুত্রস্নেহেন রুদতীং কৃপয়া পুনরাহ। উপতিষ্ঠস্বেতি পুরুষং বস্তুতঃ পতিং অহন্তু তে লৌকিক এব পতিরিতি ভাবঃ। ভগবন্তং সর্ব্বজ্ঞমিতি ত্বৎ পুত্রাণাং কল্যাণোপায়ং সএব জানাতীতি ভাবঃ। জননাম্নোহসুরস্যার্দ্দনং ত্বৎসপত্নান্ হন্তুমপি সএব সমর্থ ইতি ভাবঃ। জনং স্বভক্তং বলিং ত্রিলোকীমর্দ্দিষ্যতি ইন্দ্রার্থং যাচিষ্যতে ইতি তমিতি তু বাস্তবোঽর্থঃ। সর্ব্ব ভূতেতি বলেরন্তঃকরণং প্রের্য্য গুরুহেলনমপি সএব তং কারয়িষ্যতে ইতি ভাবঃ। বসুদেবে শুদ্ধসত্ত্বে আবির্ভবতীতি বাসুদেবমিতি ভক্ত্যা স্বান্তঃকরণং শুদ্ধীকৃত্য তত্রৈব তং ধ্যায়ন্ত্যাং ত্বয়ি স দয়াসিন্ধুরাবির্ভবিতুমপি নবিলম্বিষ্যতে ইতি ভাবঃ। জগদ্গুরুমিতি তব মম বলেরিন্দ্রস্য সর্ব্বজগতোপি গঙ্গাপ্রাদুর্ভাবাদিনা হিতং বিধাস্যতীতি ভাবঃ ॥ ১৫ ॥

হরিস্তদ্দুঃখহর্ত্তা ॥ ১৬ ॥

সত্যঃ সঙ্কল্পো যস্মাৎ ॥ ১৭। ১৮ ॥

তের ন্যায় হওত বলিলেন অহো ভগবান্ বিষ্ণুর মায়া কি বলবতী! কি আশ্চর্য্য এই জগৎ স্নেহ পাশে বদ্ধ হইয়াছে! ভদ্রে! ভৌতিক অনাত্মা দেহ কোথায়? এবং প্রকৃতির পরবর্ত্তী আত্মাই বা কোথায়? পতি পুত্রাদিই বা কে? এবং কাহারই পতি পুত্রাদি? মোহই ঐ সকলের কারণ ॥ ১৪ ॥

হে রাজন্! মহর্ষি ঐ রূপ তত্ত্বোপদেশ করিয়া দেখিলেন অদিতির তাহাতে পরিতোষ জন্মিল না, অতএব পুনরায় কহিলেন ভদ্রে! সকল ভূতের অন্তর্য্যামি জগদ্গুরু আদি পুরুষ বাসুদেব ভগবান্ জনার্দ্দনের উপাসনা করহ ॥ ১৫ ॥

তিনি দীনানুকম্পন, অবশ্য তোমার কামনা পূর্ণ করিবেন, আমার নিশ্চয় জানা আছে, ভগবৎ সেবাই অমোঘ, তদ্ব্যতীত অন্য কিছুই অমোঘ নহে ॥ ১৬ ॥

এতৎ শ্রবণে অদিতি পরিতুষ্ট হইয়া জিজ্ঞাসিলেন ব্রহ্মন্! কি প্রকার বিধি দ্বারা জগৎগুরু ভগবানের উপাসনা করিব? যে রূপে সত্য সংকল্প সেই হরি আমার মনোরথ পূর্ণ করেন এবং পুত্রগণ সহ অবসন্না হইতেছি যে আমি আমার প্রতি আশু প্রীত হন, সেই রূপ তাঁহার উপাসনা বিধি উপদেশ করিতে আজ্ঞা হউক ॥ ১৭ ॥

কশ্যপ কহিলেন ভদ্রে! আমি পূর্ব্বে প্রজা কামনা করিয়া ভগবান্ পদ্মযোনিকে এই বিষয় জিজ্ঞাসা করিয়াছিলাম, তিনি আমাকে কেশবতোষণ যে ব্রত উপদেশ করেন তোমাকে সেই ব্রত বলিতেছি ॥১৮

ফাল্গুনস্যামলে পক্ষে দ্বাদশাহং পয়োব্রতং। অর্চ্চয়েদরবিন্দাক্ষং ভক্ত্যা পরময়ান্বিতঃ॥ ১৯॥
সিনীবাল্যাং মৃদালিপ্য স্নায়াৎ ক্রোড়বিদীর্ণয়া। যদি লভ্যেত বৈ শ্রোতস্যেতম্মন্ত্রমুদীরয়েৎ॥২০॥
ত্বং দেব্যাদি বরাহেণ রসায়াঃ স্থানমিচ্ছতা। উদ্ধৃতাসি নমস্তুভ্যং পাপ্মানং মে প্রণাশয়॥ ২১॥
নিবর্ত্তিতাত্ম নিয়মো দেবমর্চ্চেৎ সমাহিতঃ। অর্চ্চায়াং স্থণ্ডিলে সূর্য্যে জলে বহ্নৌ গুরাবপি॥২২॥
নমস্তুভ্যং ভগবতে পুরুষায় মহীয়সে। সর্ব্বভূতনিবাসায় বাসুদেবায় সাক্ষিণে॥ ২৩॥
নমোঽব্যক্তায় সূক্ষ্মায় প্রধান পুরুষায়চ। চতুর্ব্বিংশদ্গুণজ্ঞায় গুণসংখ্যানহেতবে॥ ২৪॥

শ্রীধরস্বামী।

অমলে শুক্লে॥ ১৯॥
তত্রাদৌ পূর্ব্বেদ্যুঃ কৃত্যমাহ সিনীবাল্যামিত্যাদিনা ব্রহ্মচার্য্যাথ শুক্লাত্র্যামিত্যন্তেন গ্রন্থেন যদি লভ্যেত তর্হি ক্রোড়বিদীর্ণয়া বরাহোৎখাতয়া আলিপ্য॥ ২০॥
তত্র মন্ত্রঃ ত্বং দেবীতি। হে দেবি ত্বং রসায়া উদ্ধৃতাসি॥ ২১॥
নিবর্ত্তিত আত্মনিয়মো নিত্যনৈমিত্তিকো যেন॥ ২২॥
অত্রাবাহনাদৌ নবমন্ত্রানাহ নমস্তুভ্য মিতি। পাদ্যাদৌ বিশেষতস্তু দ্বাদশাক্ষরং বক্ষ্যতি॥ ২৩॥
চতুর্ব্বিংশতি গুণাস্তত্ত্বানি তানি জানাতীতি তথা তস্মৈ গুণসংখ্যানস্য হেতবে সাংখ্যপ্রবর্ত্তকায়॥ ২৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

পয়সা ব্রতং যস্য সঃ পয়ঃপান্মীতার্থঃ॥ ১৯॥
তত্রাদৌ পূর্ব্বেদ্যুঃ কৃত্যমাহ সিনীবাল্যামমাবাস্যায়াং ক্রোড়বিদীর্ণয়া বরাহোৎখাতয়া মৃদা। যদি লভ্যেতৈতৎকাকাক্ষি গোলক ন্যায়েনোভয়ত্রান্বিতঃ॥ ২০॥
তত্রাবাহনাদৌ নবমন্ত্রানাহ নম ইতি॥ ২১। ২২। ২৩॥
চতুর্ব্বিংশতি গুণান্ বৈশেষিকোক্তান্ রূপাদীন্ সাংখ্যোক্তানি তত্ত্বানি বা জানাতীতি তস্মৈ। গুণসংখ্যানস্য সাংখ্যশাস্ত্রস্য হেতবে প্রবর্ত্তকায়॥ ২৪॥

ফাল্গুন মাসের শুক্লপক্ষে দ্বাদশাহ পয়োব্রত করিবে। তাহাতে ভক্তিযুক্ত হইয়া ভগবান্ পদ্মলোচনের অর্চ্চনা করিতে হইবে॥ ১৯॥

হে কল্যাণি! যদি লভ্য হয়, বরাহোৎখাত মৃত্তিকা দ্বারা অমাবস্যার দিবসে লেপন করিয়া স্রোতোজলে স্নান করিবে। স্নান কালে এই মন্ত্র উচ্চারণ করিতে হইবে॥ ২০॥

"হে দেবি! স্থান ইচ্ছা করিয়া আদি বরাহ তোমাকে রসাতল হইতে উদ্ধৃত করিয়াছিলেন, তোমাকে নমস্কার করি আমার পাপ বিনাশ কর"॥ ২১॥

